

জাল প্রতাপ্টাদ

বঙ্গদৰ্শন হইতে উদ্ধৃত।

দ্বিতীয় সংস্করণ।

I Mary Paris Par nowegin

কলিকাতা,

২০১ কর্ণওরানিদ ব্লীট, বেদন নেডিকেন নাইবেরী হইতে

শ্রীগুরুদাস চট্টোপাধ্যায় কর্ত্ব প্রকাশিত।

২৪ নং বীডন্ ব্লীট ভিক্টোরিয়া প্রেনে,

শ্রীনিমাহন রক্তি বারা মুক্তি।

न्न ১२৯१ मणि।

জাল প্রতাপটাঁদ।

মিন্দ গুরু কথা।

মোকর্দনা হইরা গিরাছে। একনে সে প্রভাগটাদ নাই, সে পরাণ বাবু নাই, সে জজ নাই, সে মেজেটর নাই, সে মহিবুলা দারগা নাই, সে জাসাদ আলি নাজির নাই, সে মনসারাম সেরেন্ডাদার নাই, স্থতরাং এ পুরাতন কথা ভূলিলে কাহারও কট হইবার সম্ভাবনা নাই। ছই একত্বন গান্দী জন্যাপি জীবিভ থাকিলে থাকিতে পারেন, ভরসা করি তাঁহারা আমালের উদ্দেশ্ত বুঝিরা ক্যা করিবেন।

আমাদের উদ্দেশ্য সম্পূর্ণ ঐতিহাসিক। পুর্বে গ্রথমেন্ট কিরুল ছিল, বিচারপ্রণালী কিরুপ ছিল, আর সে সমরে আমাদের এই বাঙ্গালীরা কিরুপ ছিলেন, তাহা দেখাইবার নিমিন্ত আমরা জাল রাজার কথা আলোচনা করিছে বসিরাছি। মোক্রুল সমরে হে সকল কাগজ পত্র রেই সমর প্রচারিত হইরাছিল, আমরা তাহাই অবলঘন করিরা এই বিষয়টি লিখিলাম। এই স্থলে বলিয়া রাখি বে, লেখক নিজে সেই সমরে হুগলীতে উপস্থিত ছিলেন, তখন তাহার বরস অল, কিছ এই বোক্রমা লাইয়া

জাল প্রতাপুচাঁদ।

ষরে বরে বেরপ হলুর্থন পড়িরা গিরাছিল, তাহা তাঁহার স্মরণ আছে।

এ অঞ্চলের স্ত্রীলোক মাত্রেই জাল রাজার পক্ষপাতী হইরাছিল। তাহারা গঙ্গার ঘাটে গিরা, আপনার কথা জ্লিরা,
শিবপূজা ভূলিরা, কেবল প্রতাপটাদের কথা কছিত। ভিক্কৃকেরা ক্ষণীত ছাড়িয়া কেবল প্রতাপটাদের গীত গাইত,প্রতাপটাদের "জর হউক" বলিয়া তাহারা ভিক্ষা চাহিত। ভিক্কৃকদের
গীত বালকেরা শিথিয়া পথে ঘাটে দল বাঁথিয়া নাচিয়া নাচিয়া
গাইত। "পরাণ বাবু, হয়ে কাবু, হাবু ভূবু থেতেছে" এই গীত
বথন তথন যেখানে সেথানে শুনা যাইত।

মৃণ কথা; এ অঞ্চলের কি স্ত্রী, কি প্রুষ সকলেই ভাল রাজার পক্ষপাতী হইয়া পড়িরাছিল। মোকর্দমার সময় হুগলীর চতুশার্মস্থ ছই তিন ক্রোশের অন্যন দশ হাজার লোক নিত্য আসিয়া উপস্থিত হইত। জেলখানার হার হইতে কাছারি পর্যন্ত পণ্ণে ঠাসাঠানী করিয়া নাড়াইত। যাহারা পথে স্থান পাইত না, তাহারা গাছে উঠিয়া বসিয়া থাকিত। যে দিকে চাও, সেই দিকেই লোক, লোকের উপর লোক—পথে, গাছে, ছাদে। এত মঙ্গলাকাজ্জীর মধ্য দিয়া জাল রাজাকে পদত্রকে কাছারিতে পাঠাইতে জেল-দারগার সাহস হইত না; স্থতরাং পাকী করিয়া শতু সিপাহী হারা তাঁহাককে হেরাইয়া পাঠান হইত। তাহাতে কেহ জ্লাল রাজাকে দেখিতে পাইত না, পানীর ছাদ ভিন্ন আর কিছুই দেখা যাইত না। জ্লোকে ভাহাতেই তৃপ্ত হইত। নিঃশকে অতি গল্পীরভাবে ভাহার। ভাহাই দেখিত, আর এক এক দিন একবাক্যে আকাশ প্রিয়া

জাল প্ৰতাপটাদ।

ভাঁহাকে আনীর্মাদ করিত—"জ্রয় ইউক"। বশ্বিষ্ট্র কঠধনি একত্রে—দে গঞ্জীর শব্দে বেন দশদিক নিছবিয়া উঠিত। বালালী তথনও সন্ধীব, তথনও দশ হালার লোক একজনের নিমিন্ত একত্রে চীৎকার করিতে পারিত। পেনাল, কোডের ভরে হউক, অথবা অন্য কারণে হউক এখন দশজন লোকের কঠ একত্রে ফুর্তি হর না। মাহবের নিমিত্ত একত্র চীৎকার আর ভনা বায় না, বাহা এখন ভনা বায়, তাহা ইবি বাহকের চীৎকার—পথ হইতে লোক তাড়াইবার চীৎকার।

এখন সে সকল কথা জনথক। যাহারা জাল রাজাকে দেখিরে বলিরা পথে দাঁড়াইরা থাকিত, তাহারা জাল রাজার পশ্চাৎ পশ্চাৎ আদালতে গিরা গাছতলার দাঁড়াইত; কে কে সাক্ষী দের, কে কি বলে, শুনিরা যাইত। যে দিবদ সাক্ষীরা প্রতাপচাঁদের স্থাপক্ষ কপা বলিত, সে দিবদ আর তাহাদের আহলাদের সীমা থাকিত না; সে দিন গলার বক্ষে শত শত নৌকা ছুটাছুটি করিত, ময়রার দোকানে ধরিন্দারের উপর ধরিন্দার কুঁকিত। ঘরে ঘরে সত্যনারায়ণের সিরি হইত। জার যে দিবদ সাক্ষীরা বিপক্ষতা করিত, সে দিবদ লোকে এক প্রকার কিপ্তপ্রার হইত। সাক্ষীর প্রাণরক্ষা ছওরা ভার হইরা উঠিত। একদিন একজন "মেচুনি" কোন সম্ভাম্ব সাক্ষীর শিরে আঁইশ চুবড়ি নিক্ষেপ করিয়াছিল।

প্রতাপটাদের হুর্গতি সকলের অস্ত:করণ স্পর্শ করিয়াছিল। জাল প্রমাণের পূর্বেই তাঁহার পীড়ন আরম্ভ হইরাছিল বলি-রাই হউক, অথবা তাঁহার সহদ্ধে পূর্ব রটনা অস্থ্রোধেই হউক, জাবাণবৃদ্ধ সকলেই জাল রাজার স্থাপক হইয়াছিল।

অভাপচাঁদের মৃত্যুর পর এই রটনা হইরাছিল বে, তিনি ক্রেইন পাপিঠার কৌশলে পডিরা মহাপাপপ্রস্ত হইরাছিলেন। দেই পাপের প্রায়শ্চিত্ত করিবার জন্য চতুর্দশ বংসর অজ্ঞাতবাস निवारक्त-मरदान नारे। ध्वकारक शृहजान कदिरल यनि पकां ज्यान निक ना इब जाराई जिनि काननात चार्ट नव नामित्राष्टित्न। এ तरेना नश्करे त्नांक विश्वान कतिन। ৰিখাসের তাৎপর্য্যও ছিল। একে বুবা, তাহাতে আবার রাজপুত্র, ঐশব্যাদি সকল ছাড়িয়া প্রায়শ্চিত্ত ক্ষরিতে চলিলেন । এরপ বাওয়াই বীরভ। এ বীরভের কথা শুনিয়া বাঙ্গালীর অন্ত:করণে কেমন একপ্রকার পবিত্র ত্বথ উদর হইল। সে পবিত্র স্থথ লোকে ত্যাগ করিতে পারিব না। স্থতরাং সকলে এ রটনা বিশ্বাস করিল, প্রভাপচাঁদের উপন্ন লোকের ভালবাসা বাড়িল, সকলেই খবে বদিয়া তাঁহার মঞ্চল কামনা করিতে লাগিল। "আহা। ভালর ভালর আবার ফিরিয়া আসুন" ध कामना जीताक माखिर कतिन।

পনর বংসর পরে একজন জাসিরা বলিল, আমি প্রতাপচাঁদ। তংকণাং সকলের অন্ত:করণ একেবারে উপলিরা উঠিল।
সকলেই ভাবিল, তাঁহার আসিবার কথাই ছিল। কিন্ত বথন
লোকে শুনিল, প্রতাপটাদকে বর্দ্ধনান হইতে, তাঁড়াইরা দিরাছে,
মেজেইর তাঁহাকে করেদ করিরাছে, তখন লোকের আর সক্
হইল না। তাহাই এতটা পোলবোগ উপস্থিত হইরাছিল।
কিন্ত দে সকল পরিচর আন্তপ্রিক দিবার অঞ্জে, প্রতাপটাদের
পিতা করারাজাধিরাজ তেজচক্র বাহাত্রের প্রকৃতি সক্ষে কিছু
সরিচর দেওরা আবক্ষন। কেন না, পরে বাহা ব্টিরাছে, ভারা

অনেকটা সেই প্রকৃতির ফল। ছই একটি ঘটনা বনিলে তাঁহার প্রকৃতি সহজেই অমুভব হইতে পারিবে।

₹

তেজচাঁদ বাহাত্র।

(वर्क्तमात्नत तुष्टा ताका।)

প্রতিদিন প্রাতে দেওয়ান, মোহসাহেব ও অন্যান্য কর্ম-চারীরা, অন্দরমহলের দ্বারে আদিয়া তেজচাঁদ বাহাতরের বহি-র্গমন প্রতীকা করিতেন; তিনি বথা সমীরে এক স্বর্ণপিঞ্জর হক্তে বহিৰ্গত হইতেন, পিঞ্জের কতকগুলি 'লোল'' নামা কুল কুদ্ৰ পক্ষী আবদ্ধ থাকিত, তিনি তাহাদের ক্রীড়া ও কোলল দেখিতে দেখিতে আসিতেন। সম্বৰ্তী হইবা মাত্ৰ ভাঁহাকে मकरण अভिवानन कति उ. महाताक ए हामिया काहारान्त्र कानी-র্বাদ করিতেন। একদিন প্রাতে তিনি পিঞ্জর হত্তে অন্দরমহল হইতে বহিৰ্পত হইতেছেন, এমন সময় একজন প্ৰধান কৰ্মচাৱী অগ্রসর হইয়া বোড়করে নিবেদন করিল, "মহারাজ, তুগলীতে 'খাজনা দাখিল করিবার নিমিত্ত দে দিবস যে এক লক্ষ টাকা পাঠান হইয়াছিল, তাহা তথাকার মোকার আত্মনাৎ করিয়া পলাইরাছে।" তেজচাঁদ বিরক্ত হইরা উত্তর করিলেন, "চুপ। হামরা লাল ঘবরাওয়েগা ।" এক লক্ষ টাকা গেল শুনিরা তাঁহার क्ष्टे हरेन ना. किन्द कथांत भारत नानशकी जत्र शाहरत, এर सना छाहात कहे हहेन। এই মনে कतिया कर्षाती वर् वान कवितनन, शाभिक साकातरक ममूनव हाका जेल्लीयन कताहेत, नकूना कर्य

ভ্যাগ করিব এই সহজ করিলেন। মোক্তারের অনুসন্ধান আরম্ভ হইল। কিছুকাল পারে সংবাদ আদিল বে, মোক্তার আপন বাটীতে বদিয়া পুছরিণী কাটাইতেছে দেউল দিতেছে, আর যাহা মনে আদিতেছে, তাহাই করিতেছে। তাঁহাকে গ্রেপ্তার করিবার জন্য রাজসরকার হইতে দিপাহী ও হাওয়ালদার বাহির হইল। কিন্তু রাজা তেজচাঁদ প্রথমে তাহা জানিতেন না; কিছু দিন পরে তাহা শুনিয়াছিলেন। মোক্তার শ্বত হইয়া রাজবাটীতে আনীত হইলে, তেজচাঁদ বাহাছর মোক্তারকে জিল্পাসাকরিলেন:—

"তুমি আমার এক লক্ষ টাকা চুরি করিয়াছ ?"

মোক্তার। না, মহারাজ, আমি চুরি করি নাই, আমি তাহা বাটীতে লইয়া গিয়াছি।

তেজচক্র। কেন লইয়া গেলে ?

মোকার। মহারাজের কার্য্যে ব্যন্ন করিব বলিরা লইরা গিরাছি। আমাদের প্রামে একটিও শিবমন্দির ছিল না, কুমারীরা শিবফ্নিরে দীপ দানের ফল পাইত না, যুবতীরা শিবপূজা করিতে পাইত না। একণে মহারাজের পূণ্যে তাহা পাইতেছে। আর, একটি অতিথিশালা করিয়াছি, কুধার্ত্ত পথিকেরা এখন অন্ধ্র

তেজচন্দ্র। তুমি কি সমুদয় টাকা ইহাতেই ব্যয় করিয়াছ ?
মোকার। আজ্ঞানা মহারাজ! আমাদের দেশে বড় জলকষ্ট ছিল; গোবৎসাদি ছই প্রহরের সময় একটু জল পাইত না,
আমি মহারাজের টাকায় একটি বড় পুকরিণী কাটাইয়াছ।
মহারাজের পুণো তাহার জল কিরূপ আশ্চর্ব্য পরিজার ও স্থাছ
ইইয়াছে, তাহা সিপাইীদের জিঞ্জানা কর্মন।

তেজ্বন্ত । পুষরিণীট প্রতিষ্ঠা করিয়াছ?

মোক্তার। আজ্ঞানা। টাকার কুলার নাই।

ভেজচক্র। এখন কত টাকা হইলে প্রতিষ্ঠা হয় ?

মোক্তার। ন্যুনকল্পে আর ছই হাজার চাই।

তেজ্বন্ত কিন্তু দেখ !—খবরদার !—ছই হাজার টাকার এক পশ্বসা বেশী না লাগে,তাহা হইলে আর আমি দিব না।

তাহার পর পূর্বক্ষিত কর্মচারীকে ডাকিয়া মহারাজ বলি-লেন আমি ত মোক্তারের কোন দোষ দেখিতে পাইলাম না। মোক্তার যাহা করিয়াছে, তাহাতে আমার টাকা সার্থক হই-য়াছে। ইহা অপেক্ষা আমি আর কি ভাল ব্যয় করিতাম। কর্ম-চারী নিরুত্র হইল।

মহারাজ তেজচন্দ্রের মধ্যবরদের একটা কথা বলি, তাহা হইলে তাঁহার চরিত্রের আর একদিক দৃষ্ট হইবে। তিনি এক দিন একটা দরিন্দ্র বালিকাকে পথে ধেলতে দেখিলেন, বালিকা পরমা স্থান্দরী। মহারাজ তৎক্ষণাৎ তাহার পিতার সন্ধানে লোক পাঠাইলেন। লোক আসিরা বলিল পিতার নাম কানী-নাথ, জগরাথ দর্শনে বাইবে বলিয়া সপরিবারে লাহোর হইতে এথানে আসিয়াছে। জাতিতে ক্ষত্রিয়। মহারাজের আর বিলম্ব সহিল না, দরিন্তকে অর্থলোভ দেথাইয়া ক্যাটিকে বিবাহ করিলেন। তিনিই মহারাণী কমলকুমারী।

সেই অবধি দরিজ কাশীনাথের অদৃষ্ট ফিরিল, পুত্র দইরা তিনি বর্জমানে অবস্থিতি করিতে লাগিলেন। পুত্রটী বাদক, ভাষার নাম পরাণ,—তিনিই আমাদের এই গলের পরাণ বাবু।

दिक्र धक्र विभाग बाकरणां विकाली विवस भना

হইতে চাহেন না, পূর্ব্বাকারা সেরপ ''এক ঘরের'' মত থাকি-তেন না। আপনাদের বালালী বলিয়া জানিতেন, বালালী বলিয়া পরিচয় দিতেন। এদেশী প্রধান ও ধনবানদের সক্ষে আত্মীরতারাথিতেন। তেজটাদ বাহাছর মধ্যে মধ্যে কলিকাভায় আসিতেন, এ অঞ্চলের যাবতীয় প্রধান লোকের সহিত মিশিতেন, সকলে তাহাকে সম্মান করিতেন, তিনিও সকলকে ভালবাসিতেন, জনেকের বার্টাতে পর্যান্ত যাইতেন; সালিখার রাধামোহন বন্দ্যোপাধ্যায়ের বৈঠকখানায় মধ্যে মধ্যে গিয়া "প্রমারা' থেলিতেন। একদিন থেলিবার সময় মহারাজের হাতে "মাছ" জ্টিল, তথন রাধামোহন বাবুর হাতে "কাতৃর" ছিল; ছই প্রধান "দান" স্কৃত্রাং ছইজনেই "ভাকাডাকি" চলিল। ক্রমে দেড় লক্ষ পর্যান্ত 'ভাক' উঠিল। রাধামোহন বাবু দেড় লক্ষ টাকা সহিলেন। শের মহারাজ ''মাছ'' দেখাইয়া হাসিতে হাসিতে দেড় লক্ষ টাকার নোট লইয়া চলিয়া আসিলেন।

এই সমর এ অঞ্চলে প্রমারা ধেলার অতিশর চলন ছিল।
সকলেই প্রমারা ধেলিত, পাড়ার পাড়ার প্রমারার আড়ডা ছিল।
বালকেরা পর্যান্ত এ ধেলায় দক্ষ হইরা উঠিয়ছিল। কোজাগর
দক্ষীপূলার রাত্রে নারিকেল জল ধাওরা বেমন অবশু কর্ত্তরা
ছিল, সেইরূপ ঐ রাত্রে—কোধাও বা শ্রামা পূলার রাত্রে,—
প্রমারা ধেলাও অবশুকর্তব্যের মধ্যে পণ্য হইরাছিল। এমন কি,
কলিকাতার স্থবর্ণ বণিক্লিপের মধ্যে অন্যাপি প্রথা আছে বে,
দেওরালি পর্যা উপলক্ষে প্রমারা ধেলিবার টাকা তাঁছারা
আমাতাদের পাঠাইরা দিরা বাকেন। কেহ আর প্রমারা বেলে
না, তথাপি প্রমারা ধেলার টাকা তাঁহারা অন্যাপি কিরা

থাকেন। রাস যাত্রার বা বে কোন যাত্রার পূর্বে বেধানে লোক সমারোহ হইত, সেই খানেই প্রমারার দোকীন খুলিত, বড় বড় রাটী ভাড়া করিয়া আডডাধারীরা পরিষ্কার দোহতি বিছাইয়া তাহার উপর প্রমারার নৃতন তাগ গালাইরা বসিত। ক্রমে ক্রমে সেই আড্ডায়থেলওয়াড় জমিতে আরম্ভ হইত,শেব বাটীর উপর তালার, নীচ তালার,দালানে,বারাগুার, উঠানে—কোথাও আর স্থান থাকিত না, দৰ্মত্র প্রমারা চলিত। সে সময় দেখিতে চমংকার ৷ খেল ওয়াড়রা চকু নাশা উভয় কুঞ্চিত করিয়া একাগ্র-চিত্তে ভাগ টিপিভেছেন, একেবারে খুলিয়া দেখিতে সাহস হয় না. তাহাই তাদ ক্রমে ক্রমে টিপিয়া দেখিতেছেন, তর আছে, পাছে "ফিগরু" দরিয়া থাকে ! পাছে বাজে রং দরিয়া থাকে ! ভাহা হইলেই সর্বাস্ত বাবে। আবার, বদি যাহা ধরিয়াছি. তাহাই আসিয়া থাকে, বদি তেরেস্তার উপর পঞ্চা সরিয়া থাকে, তাহা হইলে সকলের কোল কড়াইব, এই 'প্রবল আশা। এই আশা, এই ভর। আহার এই ভর, এই আশা। অরু সমরের এক বুগের চাঞ্চল্য দে সমরের এক দত্তে উপস্থিত হর। প্রমারা উপলক্ষ মাত্র, কিন্ত খেলটা Dramatic। বে খেলা এ সংসারে সকলে নিতা খেলিতেছি, সেই খেলার আশ্চর্যা অফুকরণ এই প্রমারা। তবে প্রভেদ এই বে, এ সংসারে বে চাঞ্চল্য, বে বেগ, व आमा मेम वरमात्र, काम काम, मन्त्रावित्व, कथन बाहित कथन कारेरन ना ; सिट कामा तिरे दिश ति हाक्सा, अक मित्न, এक मण्ड. এक मुद्राई, कृष्म्य त्वान कानियां डेनक्टिंड इत। ইহাই এ খেলার হুখ। আবার তাহার উপর অনুষ্টের কুহক। व्यमात्रात अनुरहेत नाम "भक्का।" अ मः मारत अनुहे अनितन

''ধূলা মুটা ধরিলে দোঁণা মুটা হর"; প্রমারার পড়তা লাগিলে বে কাগজ ধর, সেই কাগজেই তুমি জিতিবে। এক রঙ্গা ফিগ্রু ধর, তুমি ফুরুল মারিবে; কুরুল পাচার কর, ন্যাকলে তোমার কোরেতা দান জুটিবে। পড়্তা সম্বন্ধে স্পেলার (Spencer) বলেন, বে তাস বেরূপ ভাল মলা পরস্পারাক্রমে সাজান থাকে, সেইরূপ একজন ভাল একজন মলা পার। বিধ্যা কথা। তুরি বেমন ইচ্ছা তেমনি করিয়া কাগজ সাজাইয়া দেও, ভাঁজিয়া দেও, পড়তা ঠিক থাকিবে; বে তাস লইয়া থেলিতেছিলে, সে ভাল ফেলিয়া অভাতার দেও, পড়তা সেইরূপ থাকিবে।

শামি প্রমারা থেলার পৃক্ষপাতী নহি বা দে লক্ত এই থেলার পরিচর দিতে বা প্রশংসা করিতে বিসরাছি এনত নহে। তথনকার লোক কেন প্রমারার মাতিরা উঠিত, তাহাই বুবাইবার লক্ত এত কথা বলিলাম। প্রমারা থেলার উন্তন্ত করে, দিন রাজি কথন আইসে কণন কার, তাহা খেলওয়াড় কিছুই জানিতে পারে না। এখন প্রমারা খেলা নাই, তাই এখনকার লোক মদ খার। একালে মদ খাইরা বে অভাব প্রণ হয়়, সেকালে প্রমারা খেলিরা সেই অভাব প্রণ হইত। এ উভরের মধ্যে কোন্টী ভাল আমি বলিব না। মোট কথা, পূর্বের মহারাজাধিরাল হইতে লেলেমালা পর্যান্ত প্রমারা, খেলিত, আর—কবি ভনিত।

কৰির কথা এখন আর তুলিব না। তবে এই মাত্র বলিরা রাখিবে, কবি সে সমরের Esthetic cultureর প্রধান সহার ছিল। তদ্বারা তথনকার লোক কবিত্ব ব্রিরাছিল, কবিত্ব শইরা মাতিরাছিল। সেক্লপ জিনিস এখন কিছুই নাই। একালের পুলি কেবল নাটক ৷ তাহা দেখিয়া গুনিরা হাঁদি शांत्र, छांश (व किहूरे नरह, धक्था (कह ध्यम वृत्तित्व मा, কাহার বুঝাইবার সাধ্য নাই। এ নাটক এখনকার সমরোপ-(रात्री। मुल कथा, ध्रथम वाकानात्र नांहेक हरेएक शास्त्र नां। নাটক উত্তর প্রত্যুত্তর নহে, উপঞাদ নহে। বাহা লইয়া নাটক তाहा वानानीत जनगानि इव नाहै। नागरकत मन्द्रा कार्या-কারিতা, দে কার্য্যকারিতা ব্যক্তিগত নহে, ভাহা জাভিগত ও गमाक्ग् । त्म कार्याकात्रिकां मिक श्वामात्मत्र करे ? देत्नान দেশ যথন কার্য্যকারিভার অতুল, তথন তথার সরবভিস নাটক লিখিয়াছিলেন। মহারাজী ইলিজেবেতের সময় ইংলভের কার্য্যকারিতাশক্তি বত প্রবল হইয়াছিল, লেই সময় ইংরেজি ভাষার নাটক হর। তাহার পর উভরদেশের কার্য্যকারিতাশক্তি কমিয়াছে, উভয় বেশের নাটকপ্রস্থিশক্তি অন্তৰ্হিত হইয়াছে। তবে এখন বে সকল নাটক তথাৰ লেখা-লেখি হয়, ভাহা প্রায় আমাদের বাঙ্গা নাটকের মৃত কেবল বকাবকি আর হাঁকাহাঁকি।

সে সকল কথা এখন বাক্। তেজচাঁদ বাহাছ্রের কথা হইতেছিল, তিনি শক্তর মুখে ছাই দিরা এক একটি ক্ষরির। ক্রমে গাতটি বিবাহু করেন। শেব বিবাহটি অতি বৃদ্ধ বয়সে করিরাছিলেন। তখন তাঁহার পুত্র প্রতাগটাদ যুবাপুক্র, বিষয়কার্য্য তিনিই দেখেন, বৃদ্ধ রাজা অপটু বলিরা সে সকল কার্য্য হইতে নিরস্ত হইরাছিলেন।

9

কুমার বাহাছুর।

কুষার প্রতাপটাবের বালককালের কথা সবিশেষ বড় প্রকাশ নাই, তবে এই মাত্র ভনা বার বে, তিনি বড় ছরস্ত ছিলেন, খুঁজি উড়াইবার সব তাঁহার বিশেষ বলবং ছিল, একবার খুঁজির লক পজিয়া তাঁহার কর্ণের উপরিভাগ কাটিরা গিরাছিল। একবার একটা ঘোড়া তাঁহার পীঠ কাম্ডাইয়া মাংস তুলিরা লইয়াছিল। সে চিহ্ন তাঁহার যাবজ্জীবন ছিল। গোলকটাদ ঘোষ নামক এক ব্যক্তি তাঁহাকে ইংরেজী পড়াই-তেন। এলেশে রাজকুষারদের বেরুপ বিদ্যা হইয়া থাকে,

আন্ধ বন্ধনেই তাঁহার পর্জধারিণী নান্কী রাণীর কাল হর।
সেই অবধি তাঁহার পিতামহী বিষণকুমারী তাঁহাকে পুত্রবৎ
সেই করিতেন। বিষণকুমারীর আদরে প্রতাপচাঁদের কোন
শিকা হইতে পার নাই।

প্রতাচাঁদ কোন অবার্য্য করিলে, রাণী বিষণকুষারীর ভরে
কেহ তাঁহাকে কোন কথা কহিতে পারিত না। অক্তের কথা দূরে
বাক্, সরং রাজা তেজচক্ত কিছু বলিতে সাহস করিভেন না।
স্থতরাং কুমার বাহাত্তর আলালের বরের ছলাল হইরা দাঁড়াইলেন, কাহাকেও ভর করিতেন না, কাহাকেও গ্রাছ করিতেন রা—বাহা ইচ্ছা ভাহাই করিভেন। এই বীজ অর্থাৎ এই
স্থানী, ভাহার কাল্বরূপ হইরাছিল। ইচ্ছা দমন করিতে
ভিলি শিখেন নাই।

তাঁহার বিমাতা কমলকুমারী তাঁহার প্রতি বড় সদম ছিলেন না। বিমাতা সর্বত্যে কুমাতা, বিশেষ রাজবাচীতে। একা বিমাতা নহে, বিমাতার সহোদর পরাণবাব প্রতাপচাঁদকে একেবারে দেখিতে পারিতেন না। প্রতাপ তাহা জানিতেন এবং তাহার প্রতিশোধ মধ্যে মধ্যে লইতেন। জনশ্রতি জাছে বে, এক দিন প্রতাপচাঁদ পরাণবাব্র পশ্চাক্ষেশে কলিকা পূড়া-ইয়া ছাপ দিয়াছিলেন।

সর্বনাই প্রতাপর্টাদ আফলাদ আমোদে কাটাইতেন, তিনি হাসিতে বড় পটু ছিলেন, হাসিতে গেলে তাঁহার গালে টোল পড়িত। সর্বনাই আঁহার দর্ম হইত, পৌষমাদের শীতেও তিনি মামিতেন। এই দ্বারোগ তাঁহার মৃত্যুকাল অবদি ছিল।

8

ছোট রাজা।

কুমার বাহাত্রের বরঃক্রম হুইলে লোকে তাঁহাকে ছোট রাজা বলিত। তিনি বালককালে হুরস্ত ছিলেন, যৌবনকালে আরও ছুরস্ত হইরা উঠিলেন। তাঁহার লাহস ও শক্তি অসাধারণ ছিল, সেই সঙ্গে আপনাকে রাজা বলিরা তাঁহার মনে একটা দান্তি কতা সর্বান জাগরিত,থাকিত।

মোগলের বলিষ্ঠ ও কর্মী বলিয়া প্রতাপচাঁদ তাহাদের ভাগ বাদিতেন, করেকজন তাহার বডিগার্ড স্বরূপ রাজবাটীতে রাথিরাছিলেন, দেই ক্রেকজনের ক্যাকার—আগা আকাছ আল্লি—সর্বাদা ছারাম ক্রাহার সংক্রেড়াইড, সেই ব্যক্তিক সঙ্গে লইয়া তিনি অনেক জ্বাহিদিক কার্য্য করিতেন। অপবাত মৃত্যু যে কখন হহঁতে পারে, একথা তাঁহার বৃদ্ধির অভীত ছিল।

তিনি দেখিতে খ্রামবর্ণ, একহারা অথচ বলিষ্ঠ পুরুষ ছিলেন, নিত্য প্রাতে কৃত্তি করিতেন; কৃত্তি করা তথনকার প্রথাই ছিল। সঙ্গীতবিদ্যা আর মল্লবিদ্যা না জানা অভদ্রের লক্ষণ বলিয়া পরিগণিত হইত। এরূপ ধারণা বোধ হর, গায়ক ও পালওয়ান-দিগের ঘারা উৎপাদিত হইয়া থাকিবে। পশ্চিমাঞ্চলের নানা প্রদেশ হইতে "কৃত্তিগীর পালওয়ান" আসিয়া বল ও কৌশল দেখাইত। তত্বপলকে বিত্তর ধনবান একজিত হইতেন। ভাঁহারা পালওয়ানদের মূথে ভানিতেন যে, পশ্চিমাঞ্চলের মহারাজারা কৃত্তিগীরকে কোল দেন, ইংরেজ ডাকিয়া ভাহাদের তদবি লন, এবং আপনারা স্বয়ং কৃত্তি করিয়া সাধারণ সমক্ষে বলবন্ত বলিয়া পরিচিত হন।

যে সময়ের কথা বলিতেছি, তথন ভরত নামে একজন প্রসিদ্ধ পাল ওয়ান এঅঞ্চলে ছিল, কিন্তু সে ব্যক্তি হিলুস্থানী। বাঙ্গালীর মধ্যে মনোহর চক্রবর্তীর প্রতিষ্ঠা তথন সর্ব্বাপেক্ষা অধিক। কবি ভারতচন্দ্র রায়ের পৌজ্ঞ নাকি বড় কুল্ডিকৌশলী ছিলেন, তাঁহার বলমাংস এরূপ পুষ্টিলাভ করিয়াছিল যে, তিনি মাথা নিম্নভাগে রাখিয়া উর্জ্নভাগে পা তুলিয়া কেবল হুই হল্ক দারা অনায়াসে নারিকেল গাছে উঠিতেন।

বাঁহাদের বিখাদ যে, ইংরেজ প্রসাদাৎ ইদানীং বাজলার কুন্তি (Jymnastic) আরম্ভ হইরাছে হাহাদের ভূল। ইংরেজি শিক্ষার ও শাসনে বরং আমাদের ক্রম্মানী গিয়াছে। প্রাতে বালকেরা স্থলের পাঠাভ্যাস করে, সামান্ত্রাকাশ থাকে, না,

ইতর লোকেরা কুন্তি করিলে তাহানের প্রতিপুলিদের দৃষ্টি পড়ে, স্ত ভরাং কৃত্তি করা রহিত হইমাছে। কিন্তু পূর্বের দেখিয়াছি, ইতর লোকদিগকে কোন কার্য্যের ভার দিলে, ভাহারা তাল ঠুকিয়া দশ্বতি প্রানাইত। এখন আর দে তাল ঠোকা নাই। কারণ দাধা-त्रण त्नारकत्र मर्था आत रम कृष्टि नारे, रम दन नारे। अस्तरकत् विश्वान, आमता हितकाल है এই क्रम हुर्बत । गाहादा है स्ति क्रि গ্রন্থ পড়িয়া বাঙ্গালীর ইতিহাস শিথিয়াছেন, তাঁহাদের এই বিখাস দন্তব। কিন্তু গাঁহারা আকবর প্রভৃতির ক্রকারী ইত্যানি পড়িরাছেন, তাঁহারা জানেন যে, মুদ্রমান আমলে বিস্তুর वाकाली (वाका हिन। वाकालांत क्लांक वाकालीतार रहें. নবাবের পক্ষের যুক্ত বাঞ্চালীরাই করিত। পঞ্চালারি দশ-হাজারি যে সকল সেনাপতি ছিলেন, তাঁহারা আপন আপন প্রজা লটয়া বুদ্ধে যাইতেন, সে প্রাফালী ভিন্ন আরে কেহই नरह। (त निम भनानीत युष्क वाक्रांनी जानरतन आंत्र वाक्रांनी (मना युक्त क्तिशाष्ट्रित । तम युक्त देशतक दर्मना अ देशतक आँग-(तलात (य इर्मना इरेशाहिन, जाहा (क्रे के रेश्टर माहम क्रिया निथित्रा निश्राष्ट्रम । यनि तम निम भित्रकाकत देश्द्रकानत अशक হইয়া হঠাৎ যুদ্ধ স্থগিত না করাইতেন, তাহা হইলে বাহাছবির স্রোত আজ আর একদিকে বহিত।

এখন বাঙ্গালীর আর বল বাঁধ্য নাই সভ্য, কিন্তু ভাহা বাঙ্গালীর দোবে নহে;রাজশাসনের দোবে। সে সকল কথা এখন অনর্থক। প্রভাপচাঁদ কুন্তি কুরিভে, গাঁভার দিতে, ঘোড়ায় চড়িতে বড় পরিপক্ত ছিলেন । বিধ্বিক বলে, তিনি ইংরেজ ঠেজাইতে আরও মজবুদ ছিলেন । তাঁ আছে, তিনি না কি কোন একজন দ অনেক ইংরেজকে বড় মর্ম্বনীড়া দিয়াছিলেন, সেই অবধি অধিকাংশ দিবিল সার্বেন্ট জাঁহাকে দেখিতে পারিতেন না। তিনিও তাহালিগকে দেখিতে পারিতেন না। তাঁহার ধারণা ছিল যে, ধোপা নাপিতের ছেলেরা সিবিল সার্বেন্ট ইইয়া এদেশে আসে। এবং সেইজন্ত তাহাদের দান্তিকতা তাঁহার সন্থ হইত না। একবার তাঁহার সহিত পথে একজন মেজেন্টরের দেখা ইইয়াছিল। মেজেন্টর সাহেব সেই সময় তাঁহার বলি একপার্শ্বে লইয়া যান নাই, কি এইরূপ একটা সামান্ত ক্রটী করিয়াছিলেন, প্রতাপটাদের নিকট ইহা বিষাদিবি" বলিয়া প্রতিপন্ন হইল। তিনি তৎক্ষণাৎ বলি হইতে মেজেন্টরেকে নামাইয়া আগাগোড়া বিতাইয়া দিলেন। লোকে বলে তাঁহার নামে সেই জন্ত গ্রথমেন্ট হইতে গ্রেপ্তারি পরওয়ানা বাহির হইয়াছিল।

প্রতাপচাঁদের রাগ কেবল দিভিল সার্বেণ্টদের উপর ছিল, তাহাদেরই তিনি "বেয়াদব" বলিতেন। অন্ত ইংরেজদের সঙ্গে তাঁহার বিলক্ষণ সন্তাব ছিল, পণ্টনের একজন ভাজার স্কট্ সাহেবর্কে তিনি বিশেষ ভালবাদিতেন। আরও অন্তান্ত ইংরেজদের সহিত তাঁহার সন্তাব ছিল। তাঁহারা সর্কাদাই আদিতেন, আমোদ আহলাদ করিতেন, আর মদ খাইতেন। প্রতাপটাঁদ তাহাদের সঙ্গে মদ ধরিয়াছিলেন। মেদেরা মদ তাঁহার বিশেষ প্রিয় হইয়াছিল। ক্রমে অভ্যাদে প্রতাপটাঁদ তাঁহাদের সহিত অনর্গা ইংরেজিতে কথা কহিতেন। তিনি কথন ইংরেজি অধ্যয়ন করেন নাই বলিলেই হয়, তাঁহার শিক্ষক গোলকটাঁদ ঘোষ নিজে ইংরেজি জানিতেন না

তিনি আবার এদিকে বড় সামাজিক ছিলেনু। দেশী বিদেশী সকলের সঙ্গে আত্মীয়তা করিতেন। এ অঞ্চলে আসিলে একবার সালিথায় যাইতেন, একবার তেলিনীপাড়ার রামধন বাব্র ভজে-খরের বৈঠকথানায় আমান করিয়া আসিতেন। চুঁচুড়ায় রাজ-বাটী আছে,তথায় আসিয়া লিনামারের গবণর ওপারবেক সাহেব, আলি আবু তালিব প্রভৃতি অনেকানেক প্রধান লোকের সঙ্গে আমাদ আহলাদ করিতেন। সীল্প্রের নবাব বাব্র সঙ্গে তাহার বিশেষ বন্ধুতা ছিল। কথিত আছে, নবাব বাব্ দোল উপলক্ষে তাহার সহিত কাগ খেলিবার জন্ম বর্মান প্রতি বংসর বাহিতেন, একবার এত কগে সঙ্গে লইয়া গিয়াছিলেন যে, পনর দিবস ধরেয়া অনবরত বার করিয়াও তাহা কুরাইল না,শেষ প্রত্যাগমন কালে বস্তা কাগ বাকার জলে কেলিয়া আসিলেন, বাঁকার জল একবারে রক্তবণ হইরা গেল। ক্ষেক দিন ধরিয়া লোকে সে জল ব্যবহার করিতে পারিল না। সেই নমাক বার্র গ্রামি ইলানীং বুলারনে ভিক্ষা করিয়া থাইতেন।

প্রতাপচাঁদ অল বয়দেই বিষয় কার্য্য দেখিতে আরস্ত করিয়।
ছিলেন। লোকে বলে পরাণ বাবু তাহাতে প্রতিবাদী হট্যা
ছিলেন। কেন হইয়াছিলেন তাহা কেহ বুঝে নাই,কিন্তু প্রতাপচাঁদ দে কথা বুঝিয়াছিলেন। দেই জন্ত কৌশল করিয়া পিতার
নিকট হইতে সন্দ্রাবিষয়ের দানপত্র লিথাইয়া লইয়াছিলেন।

পরাণ বাবু ইহার প্রতিবিধান করিবার জন্ম ব্যস্ত থাকিলেন, কিন্তু কিছুই করিতে পারিলেন না। কিছু কাল পরে, এক নৃতন চাল চালিলেন। তাঁহার এক প্রমা স্করী কন্মা ক্রিবাহিতা ছিল। তিনি মনেক ভাবিয়া চিস্তিয়া সেই কন্মা বৃদ্ধ রাজা

ইংরেজকে বড় মর্ম্মণ্ডা দিয়াছিলেন, সেই অবধি অধিকাংশ দিবিল সার্বেণ্ট ড়াঁহাকে দেখিতে পারিতেন না। তিনিও তাহাদিগকে দেখিতে পারিতেন না। তাঁহার ধারণা ছিল ষে, থোপা নাপিতের ছেলেরা দিবিল সার্বেণ্ট হইয়া এদেশে আসে। এবং সেইজন্ত তাহাদের দান্তিকতা তাঁহার সহ্ন হইত না। একবার তাঁহার সহিত পথে একজন মেজেন্টরের দেখা হইয়াছিল। মেজেন্টর সাহেব দেই সময় তাঁহার বগি একপার্শে লইয়া যান নাই, কি এইরূপ একটা সামান্ত কটা করিয়াছিলেন, প্রতাপটাদের নিকট ইহা "বেয়াদবি" বলিয়া প্রতিপন্ন হইল। তিনি তৎক্ষণাৎ বগি হইতে মেজেন্টরকে নামাইয়া আগাগোড়া বিতাইয়া দিলেন। লোকে বলে তাঁহার নামে সেই জন্ত গ্রেণ্মেণ্ট হইতে গ্রেপ্তারি পরওয়ানা বাহির হইয়াছিল।

প্রহাপচাঁদের রাগ কেবল দিভিল সার্বেণ্টদের উপর ছিল, তাহাদেরই তিনি "বেয়াদব" বলিতেন। অন্ত ইংরেজদের সঙ্গে তাঁহার বিলক্ষণ সন্তাব ছিল, পণ্টনের একজন ডাক্তার স্কট্ সাহেবকে তিনি বিশেষ ভালবাসিতেন। আরও অন্তান্ত ইংরেজদের সহিত তাঁহার সন্তাব ছিল। তাঁহারা সর্কাদাই আসিতেন, আমোদ আহলাদ করিতেন, আর মদ থাইতেন। প্রতাপচাঁদ তাহাদের সঙ্গে মদ ধরিয়াছিলেন। মেদেরা মদ তাঁহার বিশেষ প্রিয় হইয়াছিল। ক্রমে অভ্যাসে প্রতাপচাঁদ তাঁহাদের সহিত অনর্গন ইংরেজিতে কথা কহিতেন। তিনি কথন ইংরেজি অধ্যয়ন করেন নাই বলিলেই হয়, তাঁহার শিক্ষক গোলকটাঁদ ঘোষ নিজে ইংরেজি আনিতেন স্প্রিয় বিদ্যা ছিল।

তিনি আবার এদিকে বড় সামাজিক চিলেনু। দেশী বিদেশী সকলের সঙ্গে আত্মীয়তা করিতেন। এ অঞ্চল আসিলে একবার সালিথায় যাইতেন, একবার তেলিনীপাড়ার রামধন বাবুর ভজেখারের বৈঠকথানায় আমান করিয়া আসিতেন। চুঁচুড়ার রাজনাত্তী আছে,তথায় আসিয়া দিনামারের গবর্ণর ওবারবেক সাহেব, হাজি আবু তালিব প্রভৃতি অনেকানেক প্রধান লোকের সঙ্গে আনোদ আহলাদ করিতেন। সীস্থ্রের নবাব বাবুর সঙ্গে তাঁহার বিশেষ বন্ধুতা ছিল। কথিত আছে, নবাব বাবু দেলি উপলক্ষেতাহার সহিত কাগ খেলিবার জন্ত বর্জনান প্রতি বংসর বাইতেন, একবার এত কাগ সঙ্গে লইয়া গিয়াছিলেন যে, পনর দিবস্থারিয়া অনবরত বায় করিয়াও তাহা ফুরাইল না,শেষ প্রত্যাগনন কলে বস্তা বতা ফাগ বাঁকার জনে কেলিয়া আসিলেন, বাঁকায় হল একবারে রক্তর্ব হইয়া গেল। কয়েক দিন ধরিয়া লোকে সে জল ব্যবহার করিতে পারিল না। প্রেই ননাব বাবুর শ্রী ইনানীং বন্ধানে ভিক্ষা করিয়া প্রাইতেন।

প্রতাপচাঁদ অল ব্যদেই বিষয় কার্য্য দেখিতে আরস্ত করি।ছিলেন। লোকে বলে পরাণ বাবু তাহাতে প্রতিবাদী হইয়াছিলেন। কেন হইয়াছিলেন তাহা কেহ বুঝে নাই,কিন্তু প্রতাপচাঁদ দে কথা বুঝিয়াছিলেন। দেই জন্ত কৌশল করিয়া পিতার
নিকট হইতে সমুদ্য বিবয়ের দানপত্র লিখাইয়া শইয়াছিলেন।

পরাণ বাবু ইহার প্রতিবিধান করিবার জন্ম ব্যস্ত থাকিলেন, কিন্তু কিছুই করিতে পারিলেন না। কিছু কাল পরে, এক নৃতন চাল চালিলেন। তাঁহার এক পরনা স্থলরী কন্সা অবি-বাহিতা ছিল। তিনি অনেক ভাবিয়া চিস্তিয়া দেই কন্সা বৃদ্ধ রাজা তেজচাঁদকে সম্প্রদান করিলেন। লোকে অবাক্ হইল। কঞার নাম বস্তুকুমারী। তিনিই মহারাণী বস্তুকুমারী বলিয়া পরিচিতা।

লোকে এ বিবাহের তাৎপর্য্য কিছুই বুঝিতে পারিল না।
এই বিবাহে সকলেই বিরক্ত হইল, অনেকে সন্দেহ করিল।
মহারাজ তেজচাদ বাহাছর পরাণবাবুর ভঙ্গিনীপতি ছিলেন,
এবার আবার জামাতা হইলেন। লোকে ভাবিল, ইহা গ্রন্থির
উপর গ্রন্থি। প্রতাপচাদ ভাবিলেন, "পরাণ মামা দড়ি
পাকাচ্ছেন।"

পরাণ বাবুর যথন সর্কাকনিষ্ঠ পুল ভূমিষ্ঠ হন, সকলেই বলাবলি করিতে লাগিল যে, অষ্টম গর্ভের পুল যদি বাঁচে, তবে অসাধারণ ব্যক্তি হইবে। শুনা যায়, এই কথায় প্রতাপটাদ বিমর্ব হইয়া বলিয়াছিলেন, "অষ্টম গর্ভের সন্তান বাঁচিলে রাজা হয়, পরাণের পুল নিশ্চয় রাজা হবে, যদি পরাণ ততদিন জীবিত থাকে, 'আমার গদিতে পরাণের পুল বসিবে; বরং তোমরা একথা নিধিয়া রাধ।" এ কথা রাষ্ট্র হইয়া পড়িল। এবং পরাণ বাবুর ভবিষ্যুৎ কার্যাপ্রশালীর বীক্ত দেই অবধি রোপিত হইল।

পরাণ ব বুর সহিত প্রতাপচাঁদের অকৌশল ক্রমেই বুদ্ধি পাইতেছিল; কিন্তু এই বিবাহের পর আরম্ভ বাড়িয়া উঠিল। দে সকল পরিচয় এখন অপ্রয়োজন।

কথিত আছে, ১৮১৯ সালের ৮ আইন, যাহাকে স্ট্ররাচর "অষ্ট্রম' আইন বলে, তাহা প্রতাপচাঁদ নিজে উদ্ভাবন করেন। কিন্তু এ বিষয়ে আমাদের সন্দেহ আছে, প্রতাপচাঁদ যেক্সপ আমোদপ্রির'হইরা পড়িরাছিলেন তাহাতে বোধ হয় না যে,

তিনি বিষয় রক্ষার নিমিত্ত কোন উপায় চিন্তা করিবার সাংকাশ পাইতেন না। কিন্ত লোকে বলে যে, তিনি এবিষয়ে বিশেষ মনোযোগী इहेग्राहित्वन। গ্ৰণ্মেণ্টের যেরূপ বন্দোবস্ত, তাহাতে নিয়মিত দিনে সূর্য্য অস্তর মধ্যে সরকারি রাজক সমু-लग लिटक ना পারিলে জমিদারী নীলাম হইয়া যায়। এই নিয়মের চক্রে, বড বড জমিদারদিগের জমিদারী নীলাম হইয়া গিয়াছে। বর্দ্ধান রাজার জমিদারী বিস্তর, তাহার খাজনা নিয়মিত মুহূর্ত্ত মধ্যে দেওয়া কঠিন ব্যাপার। এ অবস্থায় প্রতাপচাঁদ স্থির করিলেন, গ্রণ্মেণ্ট যেনন খাস তহসিলের দায় নিজে গ্রহণ করেন নাই, মধ্যবতী জমিদারের স্কন্ধে তাহা ফেলিয়া থাজনা তহদিল করেন, আমিও দেইরূপ করিব। প্রজাদিগের নিকট খাজনা আদায় করিবার নিমিত মধাবর্তী পত্নীদার রাথিব। জমিদার নিয়মিত মুহূর্ত মধ্যে খাজুনা দিতে না পারিলে, গবর্ণমেণ্ট যেমন জমিদারী নিলাম করিয়া লন, আমিও দেই মত অনাদায়ের নিমিত পত্তনী নীলীম করিয়া সেই নীলামের টাকা হইতে গবর্ণমেণ্টকে থাজন। দিব। এই বিষয় দরখান্ত করিলে গ্রণ্মেণ্ট অনুগ্রহ করিয়া ভাষা অনু-মোদন করিলেন, এবং ১৮১৯ সালের ৮ আইন ছারা পত্তনী নীলামের বিধি করিয়া দিলেন।

এই কৌশলে প্রতাপচাঁদ আপনার জমিদারী চিরস্বায়ী করিয়া লইলেন। এবং সেই সঙ্গে অন্ত জমিদারের জমিদারী রক্ষা পাইল। নতুবা পূর্বে চিরস্থায়ী বন্দোবস্ত (Permanent Settlement) নামে মাত্র চিরস্থায়ী বলা হইত। চিরস্থায়ী দূরে থাক্, কাহার জমিদারী ক্রমাব্বে চার বৎসর স্থায়ী হইত না।

এ অস্থায়ীত্ব লইয়ঃ কোট্অব্ ডাইরেক্টারেরা অনেক পত্র লেথা লিথি করিয়াছিলেন। কিন্তু তথন কিছুই করিতে পারেন নাই। প্রতাপচাঁদের যতই প্রশংসা থাক্, তিনি অতিশয় মদ্যপায়ী ইইয়াছিলেন। তাহার পিতা ইদানীং তাঁহাকে এই জন্ত দেখিতে পারিতেন না। কেহু কেহু বলেন, না দেখিতে পারার অন্ত কারণ ছিল। তাহা যাহাই হউক, শেষ অবস্থায় কিছু দিন তেজচাঁদ বাহাত্র পুত্রের সহিত বাক্যালাপ পর্যান্ত ত্যাগ করিয়া ছিলেন।

যাঁহারা কুমার রুঞ্চনাথকে দেখিয়াছেন, তাঁহারা বোধহয়, প্রতাপটাদের দহিত তাহার কতক সাদেশ অত্তব করিয়া থাকি-বেন। আমরা বিলক্ষণ আলোচনা করিয়া দেখিয়াছি, তুই জনের প্রকৃতি একই রূপ ছিল। যে সময়ের কথা বলা ঘাইতেছে, সে সময় এইরূপ ব্যক্তি আরও চুই একটা জন্মিয়াছিলেন : কিন্তু তাঁহারা কেহই দীর্ঘকাল টিকিতে পারেন নাই। তাঁহারা সময়ো-প্রোণী বা সমাজোপ্রোণী ছিলেন না।(চারি পার্যস্থ আর সকল যেরপ, সেইরপ হইলেই মাতুব বল, পণ্ড বল, যাহা বল, তাহাই िटक, नकूरा लाभ भाग। এই नियम। (यथारन मुमादलय मक्टनरू ष्यि नी ह त्रथात नी ह वा कि है हि कित्त, नी ह वा कि इहे उन्नि হইবে; উচ্চপ্রকৃতির লোক, সে সমাজে প্রধানত্ব পাওয়া দূরে থাক্ একেবারে লোপ পাইবে। যেথানে সমাজ পবিত্র সেথানে ধর্মিষ্ঠ ও পবিত্র লোকেই টিকিবে, সেথানে নীচ ও শঠ ছর্দ্দশাপন্ন হইবে, এবং পরিশেষে লোপ পাইবে। আমাদের মধ্যে অনেকেই জানেন, "যথা ধর্ম তথা জয়," কিন্তু বাস্তবিক একথা সকল সময়ে मठा नरह। তাহাই विनिष्ठ हहेग्राहि "क्निए अथर्प्य दहे अंग्र,

বে প্রবিঞ্চনা করে, যে শঠতা করে, তাহারই • উন্নতি। শুনুল কথা,
অধিকাংশ লোক যেরূপ. ফলও সেইরূপ হয় । েযেখানে কিরুদংশ
লোক ধর্মিষ্ঠ দেইখানেই ধর্মের জয়, আর পাপের পরাজয়,
বেখানে অধিকাংশ লোক পাণিষ্ঠ সেইখানেই পাপের জয়, ধর্মের
পরাজয়। সুক্ষনাথ প্রতাপচাঁদ উভয়ে লোপপাইয়াছিলেন।
উভয়েই চতুম্পার্মস্থ লোকের মত ছিলেন না, কিছু ভিল্ল ছিলেন,
ভাল ছিলেন কি মন্দ ছিলেন, তাহা বলিতেছি না।

æ

প্রতাপচাদের মৃত্যু।

প্রতাপচাঁদ আটাইশ বংশর বয়স পর্যন্ত এইরূপে আহলাদ আমোদে অতিবাহিত করিলেন। তাহার পর, তাঁহার মানসিক অবস্থা হঠাৎ পরিবর্ত্তিত হইনা গেল। তিনি হাসিলে ঘর ভরিয়া যাইত,তাঁহার সে হাসি আর বড় শুনা যাইত না। নিত্য অপরাছে বারঘারীর ছাদে উঠিয়া তিনি নীলপুরের দিকে দ্রবীণ ক্সিতেন,তথাকার একটা গেট হইতে কথন্ একথানি বগি ছুটিয়া বাহির হয়,দেখিতেন। তিনি আর সে ছাদে যান না,দ্রবীণ স্পর্শ করেন না। রাজবাটীর দক্ষিণ ভাগে বছ ব্যয়ে এক অপূর্ব্ম মানগার প্রস্তুত করাইতেছিলেন,তাহা প্রস্তুত হইল, কর্মচারী আসিয়া সে সংবাদ দিল, একবার তাহা দেখিতে গেলেন না। শেষ, মোসাহেবদের সহিত আর সাক্ষাৎ করিতেন না। স্তামটাদ বাবু নামে একজন পারিষদ ছিলেন, কেবল ভাহারই সঙ্গে ছই একটী কথাবর্ত্তা কহিতেন,আর চিনারি নামে একজন ইউরোপীয় চিত্র

করের সহিত সাক্ষাৎ করিতেন —সে ব্যক্তি তথন প্রতাপটাদের একথানি প্রমাণ চিত্রপট চিত্র করিতে নিযুক্ত ছিল।

কিছুদিন পরে ছোট মহারাজকে আর খুঁজিয়া পাওয়া গেল না। কেহ তাঁহার কোন সন্ধান বলিতে পারিল না। বুর রাজা বড় কাতর হইয়া পড়িলেন, তিনি পুর্কে অনাদর করিয়া আসিয়াছেন বলিরা তাঁহার আরও বিশেষ কণ্ঠ হইল। মনে করিলেন সেইজন্মই হয় ত তাঁহার প্রতাপচাঁদ তাঁহাকে ত্যাগ করিয়া গিয়ছে। যে জন্ম প্রতাপচাঁদ নিরুদ্দেশ হইয়াছেন, তাহা ছই একজন জানিতেন; কিন্তু কেহ প্রকাশ করিতেন না। কিছু কাল পরে, একজন মুসলমান আমলা মহারাজ তেজচাঁদকে গোপনে ছোট মহারাজার সন্ধান বলিয়া দিলেন। তেজচাঁদ বাহাত্র সেই সন্ধান পাইয়া প্রতাপচাঁদকে রাজমহল হইতে ধরা-ইয়া আনিলেন।

কিন্তু প্রতাপচাঁদ পূর্ব্বমত বিমর্ঘ থাকিতেন,পিতা কত আদর করিতেন, কত ব্যাইতেন, কিছুতেই কর্ণাত করিতেন না।

একদিন প্রাতে প্রতাপচাঁদ শ্যা হইতে উঠিয়া খানসামাদের বলিলেন ধে, "আজ নৃত্র মহলে স্থান করিব," খানসামারা প্রঃ প্রণালীতে জল প্রিয়া সমুদ্র কোরারা খ্লিরা দিল, বাটীর বাহির হইতে জলের গর্জন শুনা যাইতে লাগিল। প্রতাপচাঁদ তথায় প্রবেশ করিলেন, প্রায় প্রহরেক পরে বহির্গত হইলেন। চক্ষু তথন আরক্ত হইরাছে, সর্কাশরীর কাঁপিতেছে।

সেই দিন অপরাত্নে রাষ্ট্র ছইল, প্রতাপচাঁদের পীড়া হই-য়াছে। চিকিৎসকেরা যাতারাত করিতে লাগিল। একজন মুদলমান চিকিৎসক প্রতাপচাঁদের বিশেষ প্রিয়পাত্র ছিল,তাহার নাম আসগর আলি, পীড়ার প্রথম অবস্থান তাহারই ব্যবস্থা চলিতে লাগিল। কিন্তু পীড়া দিন দিন বৃদ্ধি পাইতে লাগিল। শেবে তথাকার সিবিল সার্জ্জন ডাক্তার কুলটার সাহেবকে আনিতে হইল। রাষ্ট্র বে, ডাক্তার সাহেব কোন ব্যবস্থা করি-শেন না; কিন্তু বাস্তবিক তাহা নহে। তিনি প্রতাপচাঁদের কপোল দেশে দশ বারটা স্কোঁক বসাইতে চাহিয়াছিলেন। তাহাতে বৃদ্ধ রাজার ও প্রতাপচাঁদ উভয়ের আপত্তি হওয়ায়, ডাক্তার সাহেব রাগ করিয়া চলিয়া যান। তথনকার ডাক্তারদের সংস্কার ছিল, রক্তমোক্ষণ সকল রোগে নিতান্ত আবশ্রক। ক্রোক তাহাদের প্রধান সহায় ছিল, তাহাই ইংলপ্তে ডাক্তার্দের একটি নাম (Leech) অর্থাৎ ক্রোক।

সেই দিবস কি পরদিবস হইবে, প্রতাপচাঁদ বলিলেন, আমার গলাযাত্রা কর। পীড়া তথন সাংঘাতিক বলিয়া কাহারও বিশ্বাস ছিল না, পরে রাজবল্লভ কবিরাক্ষ আসিয়া গলাযাত্রার রারস্থা দিলৈন। স্থতরাং তাঁহাকে কাল নায় লইয়া যাওয়া হইল। তাঁহার সঙ্গে বৃদ্ধ মহারাক্ষ স্বয়ং গেলেন। স্বসম্পর্কীর স্বয় কেইই গেলেন না। স্ত্রীগোক মাত্রেই নহে, তাঁহার হই স্ত্রী ছিলেন, তাঁহারা কেইই যান নাই। বোধ হয় তাঁহাদের ঘাইতে নিষেধ করা হইয়া থাকিবে। কাল নায় পৌছিয়া প্রতাপচাঁদ কয়েক দিন তথাকার রাজবাটীতে থাকিলেন, কিন্তু ক্রমেই তাঁহার পীড়া বৃদ্ধি পাইতে লাগিল।

পরে, একদিন রাত্তি দেড়প্রহরের সময় তাঁহাকে পালী করিয়া গলাতীরে লইয়া যাওয়া হইল। এবং কানাত ছারা ঘাট ঘেরিয়া তাঁহাকে অন্তর্জালি করা হইল। -সে সময় বিরস্ত লোক তথার উপস্থিত ছিল, কিন্তু তাহারা সকলে কানাতের বাহিরে দাঁড়াইরাছিল। রাত্রি বড় অন্ধলার, আট দশটা মাত্র মশাল সেধানে জলিতেছিল, তাহাতে আলোক ভাল হয় নাই। জলের ধারে একটা তাঁবু থাটান হইয়াছিল, পৌষ মাম, বড় শীত, আশ্লীর অলনেরা তথার বসিয়াছিলেন। রাত্রি হই প্রস্থাকর, শব দাহ হয়, রাত্রি তৃতীর প্রহরের সমন্ধ রাজা তেল্পচাঁদ বাহাত্র বর্জনান যাত্রা করেন।

মৃত্যুর ছই চারিদিন পরেই, রাষ্ট্র ইইল প্রতাপচাঁদ পলাইরা-ছেন। রাজা তেজচাঁদ তাহা ভনিলেন, কিন্তু ইা না কিছুই বলিলেন না। যে কারণেই হউক, প্রতাপচাঁদের সমাজ-মন্দির কাল্নায় তথন প্রস্তুত হইল না। রাজবাটীর রীতি আছে, কেহ মরিলে একটী নৃত্ন মন্দিরে তাঁহার ভন্ম রক্ষিত হয়। প্রতাপ-চাঁদের সমাজ-মন্দির ভানা যায়, তেজচাঁদ বাহাছ্রের মৃত্যুর পর প্রস্তুত ইইয়াছিল।

প্রতাপুণ গদের মৃত্যুর পর জমিদারী লইরা তেজগদি বাহাছরের সহিত প্রতাপচাঁদের হুই রাণীর মোকর্দমা বাধিয়া গেল। প্রতাপচাঁদে দানক্রে বিষয় পাইয়াছিলেন, স্মৃতরাং তাঁহার রাণীরা বিষয়াধিকারিণী; এবং দেইজন্ত তাঁহারা দাবি করিলেন। এবং তদসুসারে জল-আদাশতে তাঁহারা ডিক্রি পাইলেন। কিন্তু কি কারণে বলা যায় না, শেষ তেজচাঁদের হাতেই বিষয় থাকে; রাণীরা মাসিক "তহা" পাইয়া নিরস্ত হন।

কিছুদ্ধিন গেলে, পোষাপুলের কথা উত্থাপিত হইল; তেজ-চাঁদ্ পোষাপুল লইতে অসমত হইলেন। কেন অসমত, তাহার কোন হেতু দুর্শাইলেন না। আবার কিছুদিন পরে, পোষাপুলের কথা উত্থাপিত হইল, আবার তিনি অবীকৃত হইলেন। এবার বলিলেন যে, আমার প্রতাপ আদিবে—দে "অবশু আদিবে। তাঁহার আত্মীয়েরা ব্যাইলেন যে, তাঁহাকে পুল্রশােক হইতে রক্ষা করিবার নিমিত্ত লােকে প্রতাপের অজাতবাস কলনা করিয়াছে। এ স্থথের ভ্রম নষ্ট করা উচিত নহে। কিন্তু যদি প্রতাপচাঁদ ফিরে না আদেন, বা তাঁহার আদিতে বিলম্ব হয়, আর ইহার মধ্যে যদি মহারাজের দেহ নাশ হয়, তবে এই সমস্ত বিষয় কোম্পানী বাহাছর লইবেন। বাহাতে না লইতে পারেন, তাহার একটী উপায় করিয়া রাথা আবশুক।

অনেক তর্ক বিতর্কের পর, তেজচাঁদ বাহাছর পোষাপুত্র লইতে সম্মত হইলেন। বলা বাহুল্য যে, পরাণ বাবুর সর্কাকনিষ্ঠ পুত্র—যেটা অস্টম গর্ভের—সেইটা গৃহীত হইল। তাঁহার নাম কুজবিহারী কি নারায়ণবিহারী এমনি একটা ছিল—রাজপুত্র হইলে দে নাম পরিবত্তিত করিয়া মহাতাপটাদ্রাখা হইল।

আলোক শা।

পঞ্চদশ বংসর শরে, ১৮৩৫ সালে একজন সন্নাসী বর্জমানে প্রবেশ করিল। তথ্ন বর্জমান আর পূর্ব্বমত নাই, স্থানে স্থানে ইংরেজ পছল নৃতন রাস্তা হইরাছে, তাহার ধারে বিলাতী ফুলের বন গজাইরাছে। ক্রফ্রসারেরের পাড় ঝর্ ঝর্ করিতেছে, সেথানে আর জঙ্গল নাই, স্থানে স্থানে মনোহর উদ্যান প্রস্তুত ইইয়াছে, তাহাদের নাম আরও মনোহর রাখা ইইরাছে। রাজ- বাটীর বহির্ভাগ পূর্ব্বিমত অপরিষ্কার রহিয়াছে, কিন্তু ভিতরে অনেক নৃতন মহল প্রস্তুত হইয়াছে। পায়রার পাল বিলক্ষণ বাড়িয়াছে, চিড়িয়াখানার ফাক্রা, কুম্রী প্রভৃতি সাবেক দল সমুদর মরিয়া গিয়াছে, এখন বিলাতী পক্ষীই অধিক।

সন্ন্যাসী রাজবাটী প্রবেশ করিল, চারিদিক্ দেখিয়া বেড়াইডে লাগিল, কেহ তাহাকে নিবারণ করিল না, সন্ন্যাসীও কাহাকেও কোন কথা জিজ্ঞানা করিল না। শেষ সন্ন্যাসী বারদ্বারীতে গিয়া উপস্থিত হইল। বারদ্বারী বছকাল নেরামত হয় নাই, তাহার ছই একটী দার ভাঙ্গিয়া গিয়াছে, ছই এক স্থানের চূণকাম থিসয়া গিয়াছে। সন্মাসী সেইখানে থাকিবে মনে করিল, কিন্তু রাজবাটীর জনকতক লোক, কি সন্দেহ করিয়া, সন্মাসীকে তথা হইতে তাড়াইয়া দিল।

তাহার কিঞ্চিৎ পরে সন্ন্যাসী গোলাপবাগে গিয়া উপস্থিত হইল। ভিতরে প্রবেশ না করিয়া গেটের নিকট বসিয়া থাকিল। সেই গেটের নিকট গোপীনাথ মররা পরামাণিক নামক একজন বৃদ্ধ একথানি দোকান করিত,সে ব্যক্তি সন্ন্যাসীকে দেখিবা মাত্র বলিয়া উঠিল, "আমাদের ছোট মহারাজ।" সন্ন্যাসী চাহিয়া দেখিল, গোপীনাথ গলায় কাপড় দিয়া ভূমির্চ হইয়া প্রণাম করিয়া বোড়হতে দাঁড়াইয়া রহিল। সন্ন্যাসী তাহার সঙ্গে কথা কহিতে লাগিল। এদিকে বিত্তর লোক আসিয়া সন্ন্যাসীকে ঘেরিল। ছোট মহারাজ আসিয়াছেন, এ কথা সহরের সর্ক্তর বিদ্যুৎ বেগে রাষ্ট্র হইয়া গেল। চারিদিক্ হইতে লোক ভূটিল। ছোট মহারাজের রামীয়া, বৃত্তাত্ত কি জ্লানিবার জন্ত এক্জন

পুরাতন দাসীকে পাঠাইলেন। দাসী ফিরিয়া গিরা চক্ষের জঁল মুছিতে মুছিতে বলিল, 'আর দে বর্ণ নাই,দে মুর্ট্ডি নাই,কিন্ত পাল-ভরা দে হাসি রহিয়াছে। আছা! ছিলেন মহারাজাধিরাজ, আজ কি না সর্যাসী! একেই বলে—'বে রাজ্যে রাজা ছিলেন, সেই রাজ্যে মেগে থেলেন।'' রাণীরা চুপি চুপি চক্ষের জল মুছিলেন।

রাজবাটীর অনেক পুরাতন আমলা দেখিতে আদিল। তাহাদের মধ্যে কুঞ্জবিহারী ঘোষ নামে একজন মুহুরী সন্ন্যাসীকে
দেখিয়া গিয়া পরাণ বাব্র মধ্যম পুত্র তারাচাঁদকে বলিল, 'বাবু!
আর দেখিতে হইবে না, আমাদের ছোট মহারাজ সত্যই।"
তারাচাঁদ সে কথা পরাণ বাবুকে বলিলেন, তৎক্ষণাৎ পরাণ বার্
কতকগুলি লাঠিয়াল পাঠাইলেন। তাহাদের উত্তেজনায় সন্ন্যানী
ধীরে ধীরে উঠিয়া কাঞ্চনগরে গিয়া থাকিলেন; তথায় তাঁহাকে
দেখিবার নিমিত্ত বিস্তর লোক যাতায়াত করিতে লাগিল।
পরাণ বাবু আবার তথায় লাঠিয়াল পাঠাইলেন, এবার লাঠিয়ালেরা সয়্যাসীকে দামোদর পার করিয়া দিয়া আসিল।

কিছু দিন পরে, সেই সর্যাসী বিষ্ণুপ্রের রাজহারে গিয়া উপস্থিত হইল। তথন বিষ্ণুপ্রের রাজা কেত্রমোহন সিংহ। তিনি সর্যাসীকে মহারাজ প্রতাপচাঁদ বলিয়া হঠাৎ চিনিলেন, এবং বছ যত্ন করিয়া তাঁহাকে আপনার বাটাতে রাখিলেন। ছই তিন্ মাস পরে রাজা কেত্রমোহন পরামর্শ দিলেন যে, সর্যাসী একবার বাঁকুড়ার বান, নেজেন্টার সাহেবের সঙ্গে সাক্ষাৎ করিয়া আপনার অবস্থা তাঁহাকে বলুন। মেজেন্টার সাহেব

কুপ্তবিহারী এই অপ্রাধের নিষিত্ত পদচ্যত ও রাজবাট হইতে বহিছুক ।
 ইইয়াছিলেব।

অভয় দিলে পুলিসের সাহায্য লইয়া বর্দ্ধমানে ঘাইবেন, তথন পরাণ বাব্র লাঠিয়াল আর কিছুই করিতে পারিবে না। পরাণ বাবু বিষয় ফিরিয়া না দেন, তথন আদালত আছে।

এই পরামর্শ অনুসারে সর্যাসী বাঁকুড়া যাত্রা করিলেন। পরিচহন পরিবর্তন করিলেন না, সঙ্গেও কোন লোক লই-লেননা।

এই সময়ের কিঞ্চিৎ পূর্ব্বে,বাঁকুড়ার পার্যবর্ত্তী মানভূম জেলায়
জঙ্গলি লাকেরা একটা এমন গোলমাল উপস্থিত করিয়াছিল যে,
তাহাদের নিরস্ত করিবার নিমিত্ত মিলিটারী কৌজ পাঠাইতে
হইয়াছিল। এখন সে সকল গোলমাল চুকিয়া গিয়াছে;
তথাপি ক্যাপ্টেন উইলকিন্সন নামে একজন সাহেব পোলিটিকেল এজেণ্ট হইয়া মানভূমে আসিয়াছেন, তাঁহার অধীন আর
একজন আসিপ্টাণ্ট আসিয়াছেন, নাম ক্যাপ্টেন হানিংটন।
ভাঁহারা উভয়ে বড় সতর্ক, মানভূমে বসিয়া চিলের ভায় চারিদিক্ দেখিতেছেন; কোথায় দশজন পাচজন লোক একত্র হইতেছে, ভাঁহারা ভাহা দেখিতেছেন, আর, নোট করিতেছেন।

পলিটকেল এজেণ্ট নিযুক্ত হওরার বাঁকুড়াও মানভূমের মেজেষ্টারেরা একটু সতর্ক হইরাছিলেন, মনে মনে সংকল করিয়া থাকিবেন যে "আর ঠকিব না; এবার বিদ্ধোহ অন্ক্রে বিনষ্ট করিব।"

এই সময় সন্ন্যাসী বাকুড়ার গিলা উপস্থিত হইল, কোথাও বাস না করিয়া সরকারী সরকিট হাউসের নিকট একটি তেঁডুল তলাম গিলা থাকিল, মেলেপ্টার সাহেবের বাটীতে দেখা করা, বোধ হর,তাঁহার ইচ্ছা ছিল না; সন্ন্যাসীবেশে তথায় দেখা হওয়া বড় সম্ভব ছিল না। যে কারণেই হোক, সদ্যাসী সেই বৃক্ষমূলেই অবস্থিতি করিতে লাগিলেন, মনে করিয়া থাকিবেন, মেজেটার সাহেব এই পথে হাওয়া থাইতে আসিলেই সাক্ষাৎ হইবে।

প্রতাপচাঁদ ফিরিয়া আদিয়াছেন, এ বার্ত্তা বাঁকুড়া অঞ্চলের সর্ব্বে রাষ্ট্র হইয়াছিল। রাজা কেত্রসিংহ তাঁহাকে চিনিয়াছেন এ কথাও লোকে শুনিয়াছিল স্থতরাং সকলে নিঃসন্দেহচিত্তে দলে দলে প্রতাপচাঁদকে দেখিতে আদিল।

মেদ্রেষ্টার এলিয়ট সাহেব দেখিলেন, এই এক সময়। এবার আর ঠকা হইবে না। অতএব তৎক্ষণাৎ দারগা, জমাদ্দার, বরকন্দাজ সমভিব্যাহারে সম্যাসীর নিকটে গিয়া উপস্থিত হই-লেন এবং তৎক্ষণাৎ সম্যাসীকে এেপ্রার করিলেন। যাহারা তাঁহাকে দেখিতে আদিয়াছিল, তাহারা অনেকেই পলাইল, তথাপি প্রায় এক শত জন ধরা পড়িল। সকলেই জেলখানায় প্রেরিত হইল। বলা বাছল্যা, গবর্গমেন্টে রিপোর্ট গেল যে, এক জন বিজ্ঞানী গ্রেপ্তার হইয়াছে; স্বে ব্যক্তির পাল্লায় বিস্তর লোক ছিল, কেবল তাহার মধ্যে একশত জন ধরা পড়িয়াছে। সম্যাসী জেলখানায় থাকিলেন।

যাহারা প্রতাপচাঁদের প্রত্যাগমনবার্তা বিশ্বাস করিয়াছিলেন, জাঁহাদের মধ্যে কেহ কলিকাতা হইতে একজন ইংরেজ
উকীল বাকুড়ায় পাঠাইলেন। উকীল সাহেব গিয়া মেজেটার
সাহেবের নিকট গ্রেপ্তারী ওয়ারেণ্টর নকল চাহিলেন, মেজেইর সাহেব বলিলেন, "কোন ওয়ারেণ্ট হয় নাই আমার হকুমই
ওয়ারেণ্ট।" উকীল সাহেব তথন আপনার মক্কেলের অপরাধ
কি? জানিতে চাহিলেন, দরপান্ত দিয়া বলিলেন, চার্জের

নকল দেওয়া হউক। মেজেষ্টার সাহেব হাসিয়া বলিলেন, "আমরা মফ:ম্বলে চার্জ লিথি না। তোমার মক্তেলের অপরাধ অবশু আছে, তাহা পূর্ব্বে বলা রীতি নহে।" স্কুতরাং উকীল সাহেব কলিকাভায় ফিরিয়া আসিলেন।

প্রায় আট মাদ পরে, সন্ন্যাদী হগলীতে প্রেরিত হইলেন,
কেন, তাহার কোন হেতু প্রকাশ নাই। হগলীর দায়রায়
তাঁহার বিচার আরস্ত হইল। কৌন্সিলি টার্টন সাহেব তাঁহার
পক্ষ হইয়া হগলীর আদালতে উপস্থিত হইলেন। জল সাহেব
তাঁহাকে কোন কথা কহিতে দিলেন না। তাহাতে টার্টন
সাহেব রাগত হইয়া নিজামতে দরপাস্ত করিলেন, কিন্তু আশ্চর্য্যের
বিষয় নিজামত আদালতে জল সাহেবের হকুম বাহাল থাকিল।
স্তরাং সন্ন্যাদীর পক্ষ সমর্থন করিবার জন্ত কোন উকীল
কি কৌন্সিলি, কি মোক্তার কেহই থাকিতে পাইল না। জল
সাহেব একতর্কা বিচার করিয়া সন্ন্যাদীকে ছন্ন মাদ কারাব্রের আজ্ঞা দিলেন; এবং থালাদের পর, চল্লিশ হাজার টাকার
পরিমাণে এক বৎসরের নিমিত্ত কেলজামিন দিতে হকুম
দিলেন।

সন্নাসী জিজাসা করিলেন, "বিচারপতি। আমি এখনও ব্যাতে পারি নাই বে, কি অপরাধের নিমিত আমি দণ্ড পাই-নাম।"

বিচারপতি বলিলেন, "তোমার নাম আলোক শা। তুমি মহারাজাধিরাজ প্রতাপচাঁদ বলিয়া লোক জুটাইয়াছ, রাজ্যের শাস্তি ভক্ষ করিতে উদ্যত হইয়াছ।" সন্ন্যাসী নিরস্ত হইলেন। সন্ন্যাসী যথারীতি ছন্ত্র মাস কারাবাস করিয়া চলিশ হাজার টাকা পরিমাণে এক বংসরের নিমিত্ত ফেলজামিন দিয়া. ১৮৩৭ भारतत रक्ष उपाति भारमत रय निवम थानाम इन्हेरनन, रम निवम ছগলীতে মহাসমারোহ হইল। কলিকাতা হইতে বিশুর সম্ভান্ত वाकि छाँशाक नरेट आनियाहितन। अत निवन अर्फानय বোগ ছিল, সেই উপলক্ষে বর্দ্ধান ও বাঁকুড়ার বিস্তর লোক হুগলি ও ত্রিবেণীতে আদিয়াছিল; তাহারাও ঐ সমারোহে যোগ দিল। পঞ্কোটের রাজা ও বিষ্ণুপুরের রাজা উভয়েই र्यांग উপলক্ষে আদিয়াছিলেন, উভয়েই জেলখানার দ্বারে আসিয়া উপস্থিত হইলেন। এ অঞ্লের ধনবানেরা দেশী বাদ্য, ইংরেজি বাদ্য, হাতী,ঘোড়া,রেসালা লইয়া তথায় অপেক্ষা করি-তেছিলেন। যথন জেলথানা হইতে জালরাজা বহির্গত হইলেন. অমনি হাতীর উপর হইতে নহবত বাজিয়া উঠিল, দূরে কাড়া-নাগরা বাজিতে লাগিল, চারিদিকে হরিবোল পড়িয়া গেল, তিন চারি দল ইংরেজি বাদ্য বাজিয়া উঠিল। সকলে জালরাজাকে মহা সন্ত্রমে স্থাশনে বসাইলেন, বাহকেরা স্থাশন ক্লে তুলিল, চারিজন বালক চামর বাজন করিতে লাগিল। শত শত পতাকা ছলিতে ছলিতে আগে আগে চলিতে লাগিল। নগর প্রদক্ষিণ করিয়া শেষে কলের জাহাজে উঠিয়া রাজা কলিকাতায় আদিলেন। বাবু রাধাকৃষ্ণ বদাকের বাটীতে প্রথমে অবস্থিতি করিতে লাগিলেন।

٩

কাপ্তেন লিটিলের লড়াই।

কমেক মাদ পরে, আত্মীয় দকলের পরামর্শ অহুদারে আপা-ততঃ কলিকাতার দম্পত্তির নিমিত্ত স্থপ্রিম কোর্টে নালিশ , মোকর্দমা আরম্ভ হইল।

বর্দ্ধমানের রাজা প্রীক্সীযুক্ত মাহাতাবচাঁদ তথন নাবালক। তাঁহার পূর্ব্ব পিতা পরাণ বাবু, রাণী কমলকুমারীর পক্ষ হইয়া তাঁহার বিষয়াদি রক্ষণাবেক্ষণ করেন। স্থপ্রিম কোটের মোকর্দ্ধমা জবাব দিবার নিমিন্ত তিনি মদনমোহন কর্পুরাকে পাঠাইয়া দিলেন।

জাল রাজা প্রকৃত পক্ষে প্রতাপটাদ কি না, ইহা সপ্রমাণ করিবার নিমিন্ত কলিকাতা অঞ্চলের অনেক প্রধান ব্যক্তির জোবানবন্দী হইল। সকলেই স্বীকার করিলেন যে, বাদী সভ্যই রাজা প্রতাপটাদ। তার পর, বর্দ্ধমান অঞ্চলের সাক্ষ্য আবশুক হইল; স্থভরাং উকীলেরা পরামর্শ দিলেন যে, একবার প্রতাপটাদ স্বয়ং দেখানে গেলে ভাল হয়, যাহারা তাঁহাকে চিনিতে পারিবেন, তাঁহাদের হারা স্থপ্রিম কোর্টের মোকর্দমা প্রমাণিত হইবে।

জাল রাজা বর্দ্ধমানে যাইতে প্রস্তুত হইলেন, কিন্তু কলিকাতা নিবাসী ঘাঁহারা তাঁহার জামিন ছিলেন, তাঁহারা এক বংসর পূর্ণ না হইলে ঘাইতে নিবেধ করিলেন; জাল রাজা স্থতরাং এক বংসর অপেক্ষা করিলেন, তাহার পর বর্দ্ধমান যাত্রা করি-বার নিমিত্ত প্রস্তুত হুইলেন। এই সমন্ত্র উকীলদের পরামর্শ মতে আত্মরকার নিমিত্ত ডেপুটি গবর্ণর এটেনক্জাগুর রশ সাহৈ-বের নিকট একখানি দর্থাস্ত করা হইল• । কিন্ত হালিডে সাহেব তথন সেক্টোরি, তিনি দর্থাস্ত নামগুর করিলেন। †

দরখান্ত অসকত হর নাই, বর্দ্ধমানে গেলে পাছে কেই অপমান করে বা অত্যাচার করে, এই ভরে দরখান্ত করা হইরাছিল;
সে দরখান্ত নামঞ্র হওয়ার অনেকে সন্দেহ করিতে লাগিলেন।
কিন্তু জাল রাজা সে সকল কথা কিছু মনে না করিয়া নিঃশহ
চিত্তে বর্দ্ধমান যাত্রা করিলেন। কাল্না দিয়া গেলে স্বিধা হয়
বোধ করিয়া তিনি সেই পথেই গেলেন। এ অঞ্চলের অনেক
গুলি প্রধান ব্যক্তি সলে চলিলেন। সীক্রের শ্রীনাথ বার্
বাহাকে লোকে সচরাচর নবাব বাব্ বলিত, তিনি গ্রাপ্ত ট্রাছ
রোড হইয়া বর্দ্ধমান গেলেন।

জাল রাজা দক্ষে অধিক লোক লইলেন না; যে দকল ভৃত্যবর্গ প্রহরীরা তাঁহার পরিচর্য্যার্থ কলিকাতার নিযুক্ত ছিল, কেবল তাহাদেরই লইলেন। তথাপি নৌকার বহর বড় মক্ষু হুইল না।

The prayer of this petition cannot be complied with."

Fort William. (Signed) Fred. Jas. Halliday.

March 5. 1838. Offg. Secy. to the Govt. of Bengal.

^{*} Extract from petition dated 15th. February 1838.

[&]quot;Your memorialist prays, therefore, that your Honor will be graciously pleased to grant to him (through the proper channel such means of safeguard to protect his person and life, from any eventual insult or danger, during the time he may be obliged to stay at Burdwan."

⁺ Reply.

[🗓] देश्यां मन २५७५ माला मार्क माम।

রাজার নিমিত্ত একথানি পিনেস, সঙ্গীদের নিমিত্ত করেক থানি বজরা, চাকরদের নিমিত্ত পানসী, তত্তির পাকের নৌকা, সানের নৌকা, চিড়িয়াথানার নৌকা, গাহকদের নৌকা, তাঞ্জামের নৌকা, এইরূপে ৪০ কি ৫০ থানা নৌকা একতে বাহির হইল।

রাজা প্রতাপটাদ বর্জমান যাইতেছেন, একথা পর দিন
গলার উভর কুলে রাষ্ট্র হইরা পড়িল। কুলবধু অবধি গলাতীরে
ছুটিয়া দেখিতে আদিল। মাস্তরে মাস্তরে রক্তপতাকা উড়িতেছে, নৌকার ছাদে ছাদে তথ্মাওয়ালা প্রহরী দাঁড়াইয়া
আছে। কতই লোক নৌকা হইতে মুথ বাড়াইয়া কুল দেখিতেছে। কতই লোক কুল হইতে নৌকা দেখিতেছে। রাজা
পিনেসের ভিতরে আছেন, তাহার খড়থড়ি খুলা রহিয়াছে, কিন্তু
জাঁহাকে দেখা যাইতেছে না। তাহার উদ্দেশে বুজারা বলিতে
লাগিল, "যাও, বাছা। আপনার ঘরে যাও। কতদিন পথে
পথে বেড়ালে এখন ঘরে যাও।"

নৌকা গমনে কিঞ্চিৎ বিলম্ব হইল। তাঁহার কৌলিলি ও উকীল কেইই সঙ্গে আদিতে পারেন নাই। তাঁহাদের অপেক্ষায় তিনি এখানে দেখানে নৌকা রাখিয়া বিলম্ব করিতে লাগিলেন। এবং সেই উপলক্ষে আত্মীয়দের সহিত সাক্ষাৎ করিয়া যাইতে লাগিলেন। চুঁচ্ড়ার অপর পারে জালরাজা প্রায় জন্তাহ ছিলেন। নিকটবর্ত্তী মোগল, ফরাসিস ও অন্যাক্ত সম্প্রদায়ের বিত্তর লোক তথায় আসিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিলেন। এই স্থানেই কালনার পুলিস আসিয়া তাঁহার পশ্চাৎ লয়। কে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আদিতেছে, কালনার জমানার তাহার এত্তেলা পাঠাইতে লাগিল। গবর্ণমেন্ট পুর্কে

বর্দ্ধমানের মেজেন্টারকে সংবাদ দিয়াছিলেন যে, জাল রাজা কালনা হইয়া বর্দ্ধমানে বাইতেছেন এবং সেই সঙ্গে তাঁহার সম্বন্ধে কি একথানা গোপন মিনিট পাঠাইয়া দিয়াছিলেন। • মেজেন্টর সাহেব—ওগিল বি—তাহা পাঠ করিয়াই কিংকর্ত্তব্য স্থির করিয়া রাথিয়াছিলেন ও দারগার উপর পরওয়ানা পাঠাইয়াছিলেন।

শেষ ২র। বৈশাথ † তারিথে জালরাজা কাল্নার পৌছি-লেন। পৌছিয়াই ছই জন মোক্তারকে বর্জমানে পাঠাইলেন। তাহারা মেজেটর সাহেবের নিকট এই বলিয়া দরখান্ত করিবে যে, "প্রতাপচাঁদ কাল্নায় পৌছিয়াছেন, তাঁহার ইচ্ছা বর্জমানে আইসেন। কিন্তু ছজুরের অভয় না পাইলে আসিতে সাহস করেন না।"

একদিন নেজেইর সাহেব ডাক্তার চিক সাহেবের সক্ষে একতে আহারাতে কুঠি হইতে বহির্গত হইতেছেন, এমত সময়ে গেটের নিকট দেখিলেন, কাল্না হইতে জাল রাজার ছই জন মোক্তার দরখান্ত লইয়া আসিয়াছে। কি দরখান্ত, তাহা তিনি অমুসন্ধান না করিয়া একবারে উভয়কে গ্রেপ্তার করিয়া জেলখানার পাঠাইয়া দিলেন। তাহাদের মধ্যে একজন মোক্তাবের নাম রাধাক্ষণ ঘোষাল। মোক্তারদের জেলখানাম পাঠাইয়া মেজেইর সাহেব কাল্নার দারগাকে হকুম দিলেন যে, "তথার জমিরতবন্ধ হইতে দিবে না, যদি জাল রাজা হকুম মাতেই আপনার সঙ্গিদের বর্ধান্ত না করে, তবে তাহাকে গ্রেপ্তার করিবে।"

^{*} এই মিনিটের কথা সুপ্রিমকোর্টে কোবানবন্দিতে প্রকাশ পার।

বা বলার ১২৪৫, ইংরেজি ১৩ই এপ্রেল ১৮০৮।

ইতিপুর্ব্বে পরাণ বাবু জাল রাজার আগমনবার্তা শুনিয়া পিয়ারালাল নামে একজন কত্রিয়কে কাল্নায় পাঠাইয়া-ছিলেন। সে ব্যক্তি এডদুর পর্যান্ত বন্দোবন্ত করিয়া রাখিয়া-ছিল যে, বাজারের কেহ কোন দ্রব্য জাল রাজাকে বিক্রম্ন করিতে সাহস করিত না। অধিক মূলো যে যাহা বিক্রম্ন করিত, ভাহা অতি গোপনে।

কাল্নায় একজন পাদরি থাকিতেন, তাঁহার নাম এলেক্জাপ্তার, তাঁহাকে মেজেইর সাহেব এক থানি স্বতন্ত্র পত্র লিথিয়াছিলেন যে, জাল রাজা কাল্নায় পৌছিয়া কিরূপ ব্যবহার
করেন ও তাঁহার সঙ্গে কত লোক, তাহা গোপনে অমুসন্ধান
করিয়া জানাইবেন। এ পত্রের সন্ধান পিয়ারা লাল বাবু
জানিতেন, অতএব পাদরি সাহেবের চক্ষে ধূলা দিবার জন্য
তিনি একজন পৃষ্টানকে হস্তগত করিলেন। সেই পৃষ্টান যাহা
বলিত, তাহাই পাদরি সাহেব মেজেইরকে লিথিতেন, স্বয়ং
কোন কিয়য় তদস্ত করিতেন না। এ কথা তিনি পরে জোবানবন্দিতে আপনি স্বীকার করিয়াছিলেন।

কাল্নার দারগা রাজবাটীর অমুগত, তাঁহার নিমিত্ত পিয়ারা লাল বাবুকে কোন কট করিতে হইল না। দারগা পুন: পুন: পিয়ারালালকে জানাইলেন যে, "আপনি নিশ্তিত থাকুন, এ অধীন জীবিত থাকিতে জাল রাজা কথন কাল্নার পদার্পণ করিতে পারিবে না।"

দারপার নাম মহিবুলা। লেখা পড়া তিনি একবারে জানি-তেন না, দারগাগিরি কর্মে লেখাপড়া জানা অনাবশ্রক বলিয়া তথনকার মেজেষ্টার সাহেব প্রায়ই মুর্থদের এ কার্য্যে নিসুক চরিতেন। দারগারা একজন করিয়া মৃত্রি রাখিতেন, তাহা,নাই রিপোর্ট লিখিয়া দিত। দারগারা কেবল তাহাতে মোহর
ছেক করিতেন। পিয়ারালাল বাবু মহিবুলার মৃত্রিকে হওগত
করিলেন।

জালরাজার মোক্তারের। বর্দ্ধানে পৌছিবামাত্রই যে, জেলখানার প্রেরিত হইয়াছে, এ সংবাদ জাল রাজা কিছু মাত্র
জানিতে পারেন নাই। স্কুতরাং "বিলম্বে কার্য্য সিদ্ধি" ভাবিরা
কিছু দিন নিশ্চিন্ত থাকিলেন। কিন্তু কত দিন আর চুপ করিয়।
নৌকায় বসিয়া থাকিবেন ? একবার কাল্নায় নামিতে ইচ্ছা
করিলেন।

৯ই বৈশাথ তারিথের প্রাতে বেলা ৮ টার সময়, নৌকা হইতে নামিবার উদ্যোগ হইল। তাঁহার সঙ্গে তাঞ্জাম ও বাহক ছিল, তাহার। তৎক্ষণাৎ পাথুরিয়া মহল ঘাটে গিয়া নৌকা ভিড়াইল। নগরে রাষ্ট্র হইল যে, রাজা আদিতেছেন, আবাল-বৃদ্ধ সকলে পাথুরিয়া মহল ঘাটের দিকে ছুটল। পিয়ারালাল থানার দিকে ছুটলেন। দারগা তথন অতি ব্যস্ত হইয়া পাষাক পরিতেছিলেন, পিয়ারালাল গিয়া বলিলেন, "সর্বনাশ হইল, শীঘ্র আহ্বন।" দারগা পাগড়ি জড়াইতে জড়াইতে বলিলেন, "ভয় কি, এই আমি চলিলাম, কাহার সাধা এখানে নৌকা ভিড়ায়।" মহিবুলা দারগা বাহির হইলেন, সঙ্গে জমাদার, বরকলাজ, চৌকদার প্রভৃতি অনেক চলিল। তাঁহার ইছ্যা—সদর্পে চলেন, কিন্তু তিনি অতি স্থলকায় • একটী প্রকাশ্ত

^{* &}quot;Mahiboollah, the worthy Darogah of Culna, the constituted authority, who can neither read nor write, nor walk nor run," Petition to the Nizamut Audalut.

1;

্মহিবাকার বলিলেই, হয়, সদর্পে বা শীঘ্র চলা তাঁহার পক্ষে অসাধ্য। স্থতরাং মহিবল্লা যথাকালে গঙ্গাতীরে উপস্থিত হই-লেন, তথন জাল রাজার নৌকা ঘাটে ভিড়িতেছে। মহিবুলা তখন অতি ব্যস্ত হইয়া নৌকার নিকটে গেলেন, আভূমি নত-শিরে জাল রাজাকে দেলাম করিয়া যোডকরে দাঁডাইলেন। রালা নৌকা হইতে তাঞ্জামে উঠিলেন, একজন ভত্য আসিয়া রাজার দক্ষিণদিকে একথানি তরবারি রাথিয়া গেল ।* আর এক-জন ছাতি ধরিল, তৃতীয় একজন আড়ানি ধরিল, অপর তুই জন চামর করিতে লাগিল, পাঁচ ছয় জন আশা সোটা ধরিল। সম্মথে নকিব কুকারিয়া উঠিল, সঙ্গে সঙ্গে মহিবুল্লা ফুকারিয়া উঠি-লেন—"তফাৎ, তফাৎ"—আর লোক তাড়াইতে লাগিলেন। তাঞ্জামের ছই পার্শে ছই জন আরু দালি তাঞ্জাম ধরিয়া যাইতে ছিল, महिरूला একজনকে সরাইয়া আপনি আর্দালি হইয়া তাঞ্জাম ধরিয়া চলিলেন। জাল রাজাকে দেখিয়া গঞ্জের বৃদ্ধ মহাজনেরা চিনিল, তাহারা আসিয়া গলায় কাপড় দিয়া দাঁড়া-हेन, पृत्क श्रेटिक औलादिका छेनू पिएक नागिन। जानत्मत्र আর দীমা বহিল না। নগর প্রদক্ষিণ করিয়া রাজা নৌকা-রোহণ করিলেন; সেই সময় কয়েক জন বৃদ্ধ আসিয়া আপন আপন পরিচয় দিতে লাগিল। রাজা তাহাদের সঙ্গে অনেক পূর্ব্ব কথা কহিলেন। বুদ্ধেরা আহলাদে চক্ষের জল মুছিয়া ঘরে ফিরিল।

^{*} বন্ধিমানের রাজার। জাতিতে কব্রির। জাতীয় ধর্মামুরোধে হউক, জাথবা রাজা বনিরাই হউক, তরবারি তাঁহাদের পরিচ্ছদের মধ্যে গণা। কিন্তু জাল রাজার তাঞ্জানে ভরত্বার থাকায় "drawn sword" বলিরা পাদরি সাহেব রিপোর্ট করিবাছিলেন ও মেজেটর ফ্রাহেব ভয় পাইরাছিলেন।

গুষ্টানের নিকট শুনিয়া তৎক্ষণাৎ মেজেষ্টারকে লিখিলেন যে,
কিকলত তরবারধারী আর ছুইশত সড়কিওয়ালা লইয়া প্রতাপচাঁদ কাল্না প্রদক্ষিণ করিয়া গিয়াছে। রাজবাটীর প্রতি
তাহার লক্ষ্য ছিল। কেবল স্থদক্ষ দারগার জন্ম কিছু করিতে
পারে নাই। ছয় হাজার কি আট হাজার লোক জমিয়াছিল।
যদি প্রতাপচাঁদকে শীঘ্র দমন করা না হয়, তবে বোধ হয়, একটা
দাঙ্গা উপস্থিত হইবে।*

পত্র পাইয়া মেজেষ্টার সাহেব, প্রতাপটাদের গ্রেপ্তারি জন্ত ভাঁহার চতুর নাজির আসাদ আলিকে পাঠাইয়া দিলেন। পরাণ বাব্ও এই স্থযোগ পাইয়া রাধামোহন সরকারের সঙ্গে বিস্তর লাঠিয়াল পাঠাইলেন।

পূর্বে সমুনর বাঙ্গালা, বেহার ও উড়িষ্যার মধ্যে একজন
পূলিদ স্থপরিণ্টেণ্ডেণ্ট ছিলেন। মেজেষ্টারেরা তাঁহারই আজ্ঞাফ্যারে কার্য্য করিতেন। যে সময়ের কথা বলা হাইতেছে,
সেই সময় স্থিণ্ সাহেব এই পদে ছিলেন। কিন্তু তিনি
জালরাজাকে গ্রেপ্তার করিতে প্রামর্শ কি হকুম দেন নাই,

^{*} My dear sir,—Protap Chund has just gone on board his boat, after parading the whole length of Kalna in a Tonjohn with a drawn sword in his own hand, attended by upwards of a hundred swordsmen and double that number of stickmen. The concourse was altogether 6 or 8,000. He appeared to be intent on the Rajbarry. But your active Dorogah prevented him. The aspect of things, 1 think, threatens an affray, if he is not checked soon.

তিনি কেবল লিখিয়াছিলেন যে, যদি জাল রাজা আপনার লোক বিদায় না করে, তবে তাহার নিকট হইতে ফেল জামিন লইতে পার। * মেজেপ্টার সাহেব এই পরামর্শ অফু-সারে পূর্বে পরওয়ানা জারি করিয়াছিলেন। জাল রাজাও তদন্ত্সারে লোক বিদায় করিতে চাহিয়াছিলেন, কেবল এই মাত্র ওজর করিয়াছিলেন যে, কোন্কোন্লোক বিদায় করিবেন, তাহা তাঁহাকে বলিয়া বা দেখাইয়া দিতে হইবে। কিন্তু মেজেপ্টার সে কথায় কণিগাত না করিয়া একবারে তাঁহাকে গ্রেপ্তারের নিমিত্ত নাজিরকে পাঠাইলেন। নাজিরকে পাঠাইয়াও তিনি নিশ্চিম্ভ থাকিতে পারিলেন না। তাঁহার অরণ হইল যে, পূর্বাদিন একটি প্র্টেন বর্দ্ধান দিয়া বারাকপুর গিয়াছে। অতএব আর ইতন্ত্ত লা করিয়া পত্র ছারা তাহার

^{*}Extract from Superintendent's letter, No. 400, dated 28th. April, 1838.

[&]quot;4th. The conduct of the claimant of the Burdwan Raj, appears to me to be of such a dangerous nature, so insulting to the family in possession, that I think there is every reason to apprehend a serious affray. **

[&]quot;5th. Considering the tendency of his acts to turnult and riot, I am of opinion, that you will be fully justified in requiring to disband his array, and to behave hirself like a good and quiet subject, and on his refusal to obey or evasion of your orders, I think you will be fully justified in calling on him to furnish good security to keep the peace.

[&]quot;6th. It will be necessary previous to the adoption of such a measure to take evidence of his having assembled such a body of men, and of the tendency of their conduct to break the peace."

[†] A detachment of 3rd Regiment N. I. under the command of Captain Little.

কাপ্তেনকে পথে আটক করিলেন। জন্ধ সাহেব এই বার্তা শুনিয়া সন্তোষ প্রকাশ করিলেন এবং নেজেপ্তার সাহেবের সঙ্গে ডাক্তার চিক সাহেব কাল্নায় যাইতেছেন শুনিয়া আপনার ছইটা পিস্তলে স্বহস্তে শুলি প্রিয়া উভয়কে সাদরে দিলেন।

কাপ্তেন সাহেব পত্র পাইয়া সিপাহী সমভিব্যাহারে বৈচিতে অপেকা করিয়া থাকিলেন। সেই দিন অপরাছে নেজেপ্তার সাহেব অকত্রে তথায় উপস্থিত হই-লেন। জালরাজার সংবাদের নিমিত্ত মেজেপ্তারের আদেশ মত ডাক্তার সাহেব তথা হইতে কাল্নার পাদরিকে এক পত্র লিখিলেন। উত্তরে পাদরী ভয় দেখাইলেন। স্থতরাং মেজেপ্তার সাহেব ফৌজ লইয়া তৎকণাৎ কাল্না যাত্রা করিলেন।

রাত্রি দিতীয় প্রহর অতীত হইলে পণ্টন কাল্নায় পৌছিল। কাপ্রেনের নাম লিটিল। তিনি মেজেন্তার সাহেবের পরামর্শ মতে প্রথমে দিপাহী লইয়া পাদরি সাহেবের কুটিতে গেলেন, তথার স্থির হইল যে, মেজেন্টার একবার নদীর কুলে গিয়া সংখাদ লইয়া আদিবেন; তাহার পর ইতিকর্ত্তব্য স্থির হইবে। ওগলবি সাহেব পিস্তল হস্তে লইয়া দারগা ও নাজিরের সঙ্গে ঘাটে গেলেন। তথা হইতে কাপ্রেন লিটিলকে লিখিয়া পাঠাইলেন যে, 'বিনা যুদ্দে জাল প্রতাপকৈ গ্রেপ্তার করা কঠিন। অতএব আপনি সমৈন্ত সম্বর আন্থন-।" পত্র পাইয়া কাপ্রেন সাহেব হকুম দিলেন অমনি সিপাহীরা বন্দকে গুলি গাদিল, তাহার পর গন্তীর পদচারবে তাহারা গঙ্গাতীরে উপস্থিত হইল। সন্মুখে জ্বল কলকল করিয়া ছুটতেছে। এখানে কাহার সহিত যুদ্ধ করিতে হইবে, দিপাহীরা বুবিতে পারিল না। গঙ্গার মধ্যস্থানে একথানি

পিনিদ নঙ্গর করিয়া রহিয়াছে; তৎপশ্চাতে চারি পাঁচ থানি বজরা, তাহার পশ্চাৎ কতকগুলি পানসী ব্যতীত আর কিছুই নাই। মাজিরা নৌকার ছাদে, ভদ্রলোকেরা নৌকার ভিতরে নিজা ষাইতেছে। রাত্রি তথন তৃতীয় প্রহর। নৌকার আলোক নিবিয়া গিয়াছে-সকল অন্ধকার, সকলে ঘুমাইতেছে, নৌকাও বেন অ্মাইতেছে। এমন সময় কাপ্তেন সাহেব মেজেষ্টারের সহিত কি পরামর্শ করিয়া ফায়ারের ছকুম দিলেন। ওগলবি সাহেব নৌকা দেখাইয়া "মার, মার" বলিয়া চীৎকার করিয়া উঠিলেন, সঙ্গে আপনার পিস্তল ছুড়িলেন। অমনি গুড় গুড় করিয়া পণ্টনের বন্দুক গর্জিয়া উঠিল। নৌকার ছাদে যাহারা নিদ্রিত ছিল, তাহাদের মধ্যে ১৮ জনের আর নিদ্রা, ভাঙ্গিল না। অপর মধ্যে কাহার হাত ভাঙ্গিল, কাহার পা ভাঙ্গিল, কাহার দেহ উলটিরা জলে পড়িল। জালরাজা হঠাং উঠিয়া জলে ঝাঁপ দিলেন। পশ্চাতের বন্ধরা হইতে আর একজন লাফ দিয়া গলায় পড়িলেন, তাঁহার নাম রাজা নরহরি চক্র-নিবাস হরধাম। উভরে গঙ্গাপার হইয়া শান্তিপুরের উভরে এক-স্থানে লুকাইয়া থাকিলেন।

ুএ দিকে যুদ্ধ ফুরাইল, যুদ্ধের পর লুঠ। স্কুতরাং লুঠ আবিস্তু হইল। সিপাহীরা ঘাট হইতে নৌকা খুলিয়া লইয়া পিনাদে আসিল। সঙ্গে সঙ্গে আসাদ আলি নাজির ও মহিবুলা দারগা আপন আপন দলবল লইয়া উপস্থিত হইলেন। জাল রাজা, রাজা সাজিয়াছেন, কর্জ করিয়া রাজার আসবাব কিনিয়াছিলেন, সোণার আসা, সোণার সোটা, সোণার ছাতি, সোণার আড়ানি, সুঠের মুখে তাহা সকলই অন্তর্হিত হইল।

লুঠ শেষ হইলে পর, গ্রেপ্তার আরম্ভ হইল। মাঝিমালা, থানসামা, থেজমৎগার, যাহারা গুলির্টিতে রক্ষা পাইয়াছিল এবং জলে ঝাঁপ দিতে ইতস্ততঃ করিয়াছিল, তাহারা সকলেই ধরা পড়িল; কিন্তু তাহাদের সংখ্যায় নাজিরের মন উঠিল না। দারগা, নাজির উভয়েই রিপোর্ট করিয়াছেন যে, রাজার সঞ্চে ৭০০ কি ৮০০ লোক। রাজা নিজেই স্বীকার করিয়াছেন, তাঁহাব সঙ্গে ৩৪২ জন লোক। এখন অল্প লোক চালান দিলে গ্রেপ্তার অসম্পন্ন হয়, স্কুতরাং গ্রেপ্তারীর আড়ম্বর কিছু বাড়াইতে হইল। নিকটে ছই একথানি তীর্থাত্রীর নৌকা ছিল, নাজির সে সকল নোকা হইতে যাত্রীদের বাহির করিয়া আনিলেন। তাহাদের ্মধ্যে অনেকগুলি স্ত্রীলোক বাহির হইল। কিন্তু স্ত্রীলোক বলিয়া ত্যাগ করার আর সময় নাই, স্বতরাং তাহারা জালরাজার সঙ্গী বলিয়া গ্রেপ্তার হইল। ওগলবি সাহেব ২রা মে (১৮৬৮) তারিখের রোবকারীতে সেই হতভাগ্যদের নাম লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। দ্রবম্মী বেওয়া, স্থাতি, গলামণি, অমু, চক্রমণি, जुलमी, शम (शांबालिनी, कन्न, शच ठाकूतानी, शम्बाठाकूतानी, দাসীঠাকুরাণী ইত্যাদি। বুদ্ধারা বর্দ্ধমানে চালানে গিয়া প্রায় নয় মাস তথায় আবদ্ধ থাকিল। বেরূপ তথন গবর্ণমেণ্ট ছিল. যেরপ কর্মচারী ছিল, যেরপ সমাজ ছিল, তাহাতে বিপদগ্রন্তের নিকটে আসিলে বিপদগ্রস্ত হইতে হইত। মন্দ সমাজের দোষ এই। যদি আমাদের সমাজ ভাল হইত, যদি আমরা নিজে ভাল হইতাম, আসাদ আলি ভাল হইতেন, মহিবুলা ভাল হইতেন, তাহা হইলে মেছেটার সাহেব অত্যাচার করিতে সাহস. পাইতেন না। যেরপ সমাজ, সেইরপ গবর্ণমেন্ট হইয়া থাকে।

সমাজের দোবে গৃবর্ণমেন্ট মন্দ হয়, সমাজের গুণে গ্রন্মেন্ট ভাল হয়।

কালনাগঞ্জের ঘে সকল বৃদ্ধ দোকানদার জ্ঞালরাজাকে চিনিরাছে বলিয়াছিল, তাহারাও তীর্থবাত্রীর সঙ্গে সদী ইইল। তথাকার কতকগুলি স্ত্রীলোকও সেই দুশাপর ইইল। মেজেপ্রার
'সাহেব তাহাদের সম্বন্ধে পূর্বকথিত রোবকারীতে লিথিয়াছেন

যে, "তারা আর গুণমণি জাল রাজার লোককে বাটাতে অরপাক
করিতে দিয়াছিল। গৌরমণি তারার বাটাতে থাকে। গোবিন্দ
সরকার আর নাথ পাইক গুণমণির দোকানে চাকুরী করে।
আর. তারাকে যথন গ্রেপ্তার করা হয়, তথন সেথানে কিশোরমণি উপস্থিত ছিল। স্বতরাং এই সমস্ত লোকই গ্রেপ্তারবোগ্য।"

এইরপে ২৯৪ জন গ্রেপ্তার হইয়া বর্জমানের জেলথানায়
প্রেরিত হইল। জালরাজা আর নরহরি চক্র শান্তিপুরের নিকটে
ধরা পড়িলেন। কিন্তু জালরাজাকে বর্জমানে না পাঠাইয়া
হগলির জৈলে পাঠান হইল। তাঁহার একান্ত ইচ্ছা ছিল বে,
তাঁহাকে বর্জমানে চালান দেওয়া হয়। তিনি ত বর্জমানেই
যাইতেছিলেন, রাজার মত যাইতেন—না হয় অপরাধীর মত
গোলেন। যেরপেই যান, বর্জমানে ঘাইতে পারিলেই তাঁহার
কার্য্য দিজ হইবে, এই তাঁহার বিশাস ছিল। কিন্তু তাঁহার সে
ইচ্ছা প্রণ হইল না। সিপাহী-পরিবেটিত হইয়া হুগলিতে
বিচারের নিমিত্ত প্রেরিত হইলেন। নরহরিচক্র প্রভৃতি আর
সকলে বর্জমানে প্রেরিত হইলেন। কিন্তু যে জেলায় অপরাধ
করিয়াছেন বলিয়া তাঁহাকে গ্রেপ্তার কয়া হইল, সে জেলায়
তাঁহার বিচারের পক্ষে কি আগত্তি ছিল, তাহা কোন কাগজগতে

প্রকাশ নাই। কেহ কেহ অন্তব করেন, পূর্বেই পরামর্শ ছিল, তাঁহাকে প্রেপ্তার করিয়া হুগলির জেলথানায় পাঠাইতে ইইবে।

জাল রাজা গ্রেপ্তার হইলে পর, তাঁহার উকীল ডব্লিউ, ডি, সা (W. D. Shaw)—গ্রেপ্তার হইলেন। তিনি পূর্ব্বে জালরাজার সমভিব্যাহারে আসিতে পারেন নাই; লড়াইয়ের তিন চারি দিন পূর্ব্বে আসিয়া পৌছিয়াছিলেন। যে রাত্রে লড়াই হয়, সে রাত্রে সা সাহেব উপস্থিত ছিলেন না—নিকটে পাইগাছি প্রামে লায়েল সাহেবের নীলকুঠিতে গিয়াছিলেন; প্রাতে তথা হইতে আসিতে ছিলেন, পথে ওগলবি সাহেব তাঁহাকে গ্রেপ্তার করেন। উকিল (British-born subject) প্রভৃতি কত কথাই বলিলেন। মেজেপ্তার সাহেব তাহাতে কর্ণপাতও করিলেন না। গ্রেপ্তানরর সময় সাহেব জিজ্ঞানা করিলেন, তাঁহার কি অপরাধ প্রেক্তার সাহেব মুপ গন্তীর করিয়া বলিলেন, বাজবিজ্ঞাহিতা (Treason!)

মেজেষ্টারের মুখে হঠাৎ বাহা আদিয়াছিল, তাহাই যে তিনি বলিয়াছিলেন—এমত নহে। পরে পুলিস স্থপারিন্টেডেণ্ট সাহেব আপনার ১৮৩৯ সালের ২৪মে ভারিখের ৫২৭ ন॰ পত্তে এই ভাব ব্যক্ত করিয়াছিলেন। তিনি আসামীদের এই বলিয়া উল্লেখ করেন বে, "Persons accused of being conspirators against the Government, and of resistance to the constituted authorities."

সা সাহেব গ্রেপ্তার হইরাছেন—এই জনরব শুনিয়া পাই-গাছির নীলকর সাহেব তাহা সবিশেষ জানিবার নিমিত তাঁহান্ন একজন সরকারকে পাঁঠাইয়া দিলেন। আসামীর তত্ত্ব লইতে আসিয়াছেন বলিয়া সেই সরকারকে তৎক্ষণাৎ হাজতে যাইতে হইল। এবং সে ব্যক্তি যে হাতী চড়িয়া আসিয়াছিল, সে হাতীটিও সেই সঙ্গে গ্রেপ্তার হইল।

প্রতাপটাদের প্রম বন্ধু নবাব বাবু সিন্ধুর হইতে একাকী বর্জমানে গিয়া অপেক্ষা করিতেছিলেন। সে সংবাদ মেজেপ্তার সাহেব কিরপে পাইলেন। পাইরা বথানিয়মে তাঁহাকে কেলে প্রিলেন।

তাহার পর, আর কাহাকে গ্রেপ্তার করিবেন থুঁজিতে লাগিলেন। শেষ সন্ধান পাইলেন যে, বিলকুলির নবাব আনওয়ার আলি, জাল রাজার অপক্ষ; অতএব তাহাকে গ্রেপ্তার করিবার নিমিত্ত হুগলির মেজেপ্তারকে পত্র লিখিলেন। সেই সঙ্গে জাহানাবাদের রামদীন্ সিংহ ও বল্লালদীঘির হাফেজ ফতে আলিকে গ্রেপ্তার করিতে অহুরোধ করিলেন। আরও জন কয়েককে গ্রেপ্তার করিবার তাঁহার ইচ্ছা ছিল। তিনি সন্ধান পাইয়াছিলেন যে, কলিকাতার মূলুকটাদ বাবু, পানিহাটির জয়নারায়ণ বাবু প্রভৃতি কয়েক জন জাল রাজার নৌকায় ছিলেন। কিন্তু তাঁহালের গ্রেপ্তার করিবার কি চেপ্তা হইয়াছিল, তাহা কাগজ পত্রে প্রকাশ নাই।

লড়াই হইল, লুঠ হইল, গ্রেপ্তার হইল, কিন্তু একটা কাজ বাকি থাকিল। মেজেপ্তারিতে এত্তেলা গিয়াছিল যে, জাল রাজার সঙ্গে পাঁচ সাত শত অস্ত্রধারী আছে; কিন্তু তাহাদের সেই সব অস্ত্র কোথার গেল ? নৌকার পনরখানি তরওয়ার, এট কি ৪টী বন্দুক আর একটি পিস্তল ব্যতীত আর কিছুই পাওয়া যায় নাই। দারগা সাহেব বড়ই গোলে পড়িলেন। আঁসাদ আলি নিতীক
পুরুষ—তৎক্ষণাৎ কাল্নার রাজবাটী হইতে এবং অন্যান্ত স্থান
হইতে ৮৬থানি তরওয়ার সংগ্রহ করিলেন। তাহার পর মেজেপ্টর
সাহেবকে জানাইলেন বে, "সিপাহিরা সমস্ত তরওয়ার লুঠ করিয়া
লইয়া গিয়াছে, আমি বহুবত্বে তাহাদের নিকট হইতে পঞ্চাশথান
মাত্র উদ্ধার করিয়াছি। এখনও তাহাদের নিকট এত তরওয়ার
আছে যে, গাড়ী বোঝাই হইতে পারে।" কাপ্তেন গিটল এই
সময় হুগলিতে পৌছিয়াছেন অমুভব করিয়া ওগলবি সাহেব হুগলির মেজেপ্টারকে পত্র লিখিলেন যে, সিপাহীদের নিকট হইতে
তরওয়ারগুলি লইয়া পাঠাইয়া দিবেন; কেন না সেই তরওয়ার
গুলিই এই মোকর্দমার প্রধান প্রমাণ।*

^{*} Extract from a letter from the Acting Magistrate of Burdwan to the Magistrate of Hooghly, dated the 6th may, 1838.

[&]quot;In my recent capture of soi distant Rajah of Burdwan, with his armed followers, some hundreds of swords were discovered in his boats. The Sepoys, however, of Captain Little's detachment considering them their fair plunder, appropriated to themselves as many as they could carry away. Their campfollowers did the same and my Burkundazes and Chowkeedars caught the infection, so that here are only now 86 swords forthcoming; of which upwards of 50 were received from sepoys * As Captain Little is today at Hooghly, may I request you will join with him, if necessary, in making the necessary search in his camp, and do your best to get possession for me the plundered swords. It is of the greatest importance to get them, as they form such strong evidence in the case"

ь

ওগলবি দাহেব আদামী।

কাপ্তেন লিটিল সাহেবের যুদ্ধের পর, কলিকাতার ইংরেজি কাগজে তাঁহার বিস্তর প্রশংসা প্রকাশ হইল। ৮ই মে তারি-থের হরকরা লিখিলেন যে, সিপাহীদের ব্ঝিবার দোষে কয়জন লোক আহত হইয়াছিল বটে, কিন্তু "The arrangements and preceedings of this officer (Captain Little) reflect equal credit on his judgmen and humanity." শেষ কথাটি বড় ঠিক!

জালরাজা সহদে তাঁহারা কেহ কটু বলিলেন, কেহ রিস-কতা করিলেন। কোরিয়ার (Courier) পত্রের সম্পাদক লিখিলেন, "There is a good chance of his closing his eventful career an exalted character. হরকরা তাহার টীকা কমিয়া ব্যাইলেন যে, "exalted situation অর্থে ব্রিতে হইবে,—উর্দ্ধে কাঁদিকাটে ঝুলন।" লোকে ভাবিল, বিচার বটে! খুন করিল কোম্পানীর দিপাহী, ফাঁদি যাইবে জাল রাজা।

এই সময় কে একজন, সম্পাদকের ধমক দিয়া, হরকরায় লিথিলেন যে, "আমি বিশেষ জানি,সে রাত্রেনৌকার নর্দ্ধনা দিয়া রক্ত গড়াইয়া গঙ্গায় পড়িয়াছিল— ঘুমস্ত লোকের রক্ত। তোমরা তাহা ভূলিয়া কেবল কাপ্থেনের প্রশংসা করিতেছ, মেজেষ্টারের প্রশংসা করিতেছ। এই ঘটনা যদি আজ ইংলপ্তে হইত, তাহা হইলে সেথানকার সম্পাদকগণ কি বলিতেন ?' এই পত্রের পর

দম্পাদকের স্থর যেন একটু ফিরিল, তদারকৈর নিমিত্ত তাঁহার।
বলাবলি করিতে লাগিলেন। ক্রমে ডেপুট গবর্ণর রদ সাহেবের
আসন একটু টলিল, তিনি তদারকের হুকুম দিলেন। পূর্ব্বে
বলা গিয়াছে,তথন মেকেন্টারদিগের উপর পুলিদ স্পারিণ্টেণ্ডেন্ট
হিলেন, তাঁহার নাম স্থিথ সাহেব। তদারকের ভার স্ক্রাং
তাঁহার উপরেই পড়িল। কিন্তু তিনি অতি প্রধান পদস্থ ব্যক্তি।
ব্যন্ত কিছু তদারকের প্রয়োজন হইয়াছে, তিনি এ কাল পর্যন্ত গেলেন্টারকে তাহার ভার দিয়া আসিয়াছেন। এবারও তাহাই
দিলেন। স্ক্রাং মেজেন্টার ওগলবি স্বাপনার স্বপরাধের তদান

এদিকে উকীল সা সাহেবের কেরাণী জ্বনারারণ চন্দ্র এফিডেবিড করিয়া সা সাহেবের থালাসের নিমিত্ত স্থপ্রিম কোর্টের (Writ of Habeas Corpus) পরওয়ানা বাহির করি-লেন। কিন্তু সে পরওয়ানা ওগলবি সাহেব, বড় গ্রাহ্ম করি-লেননা।

দত্মণ কথা হইতেছিল, বাঙ্গালির রক্ত নৌকার নর্দমা দিয়া গড়াইয়াছে, ততক্ষণ ওগলবি সাহেবের ন্যায় মেছেটারের নিমিত্ত কোন ইংরেজের ভয় হয় নাই। কিন্তু যাই প্রকাশ হইল বে, স্থাপ্রম কোটের পরভয়ানা এই মেছেট্রার অগ্রাফ্ত করি-য়াছেন, আর অমনি হরকরা লিখিলেন বে, তবে আমাদের আর রক্ষা নাই। "The British inhabitants of Bengal will now look with intense anxiety to the course which Sir Edward Ryan may adopt on this occasion. On him will depend in a great measure the degree of protection for life and property and freedom, Europeans not in the service may expect. If it be once ruled that a Company's servant can hold a writ of Habeas Corpus at arm's length, no man is safe"

কিছুদিন পরে মেজেপ্টার সাহেব জামিন লইয়া সা সাহেবকে খালাস দিলেন। কলিকাতার পৌছিয়াই সা সাহেব ওগলবির নামে বেজাইনি কয়েদ রাধার জন্ত পুলিসে নালিস করিলেন। এই মােকর্দনার এজাহারে সনেক কথা প্রকাশ হইয়া পড়িল। স্থিমকোর্টের এটণি ও কৌজালিদের মধ্যে একটা হলুস্থল পড়িমা গেল। মফঃস্বলের অরাজকতা সম্বদ্ধে সকলে একবাক্য হইলেন। সকলেই বলিলেন যে, ওগলবির নামে খুনের নালির জানা উচিত। কিন্তু শেষ স্থির হইল যে, প্রথমে গবর্ণমেন্ট কি করেন, তাহা দেখিয়া পরে কর্ত্ব্যাকর্ত্ত্ব্য মীমাংসা করা যাইবে। পুলিসে যে জোবানবন্দী ইইয়াছিল, কৌজালিরা তাহার নকল গবর্গমেন্ট পাঠাইলেন। কিন্তু গ্রন্থমেন্ট মনো্বোগ না করার, তাঁহারা ওগলবি সাহেবের নামে খুনের নালিস
ক্রিপিন্থিত করাইদেন।

শ্মিথ সাহেব দেখিলেন বে, গতিক বড় ভাল নহে, স্মৃতরাং তাহাকে বর্জনানে যাইতে হইল। তথা হইতে তিনি কি রিপোর্ট কবিলেন আমরা তাহা দেখি নাই, কিন্তু সেই রিপোর্ট পাইবার পর গবর্ণমেন্ট কিছুদিনের নিমিত্ত ওগুলবি সাহেবকে ছুটা দিলেন। এদিকে রাষ্ট্র হইল বে, গবর্ণমেন্ট তাঁহাকে সদ্পেও করিছা-ছেন। কিন্তু বাস্তুবিক তাহা নহে। স্থাপ্রম ডোটে হাজিব

জাল প্রতাপটাদ।

ছইতে হইবে বলিয়া গবর্ণমেণ্ট তাঁহাকে অবকাশ দিয়াছিলেন। এবং মধা নিয়মে তাঁহাকে সম্পূর্ণ বেতনও দিয়াছিলেন।

এই তালে অরণ রাথা আবশুক যে, আমাদের মধ্যে শাক্ত आंत्र देवखटव द्यताल मनामिन छिन, अरमटन देश्दतकारमत मरभा কোম্পানীর চাকর আর অপর দলে প্রায় দেইরূপ হইয়া পড়ি-য়াছিল। যে সাহেবরা কোম্পানীর চিহ্নিত চাকর (covenan ted servants) তাঁহাদের অহন্ধার ছিল যে, সামরা এদেশেই হতা কর্তা, আর কোন সাহেব আমাদের সমকক নহে। স্থাপ্তি কোর্টের উকিল কৌন্সলিরা কোন মোকর্দমায় মকরল আদা-লতে আসিলে এই হর্তা কর্তাদের যথেক্ষাচারিতার কিছু ব্যাঘাত হইত, এবং বিদ্যাবৃদ্ধিও ধরা পড়িত, স্থতরাং তাঁহারা কৌন্সলিদের হচকে দেখিতে পারিতেন না। কোম্পানীর কোন কোন জজ, আপন আপন নিভীক্তা অথবা বৰ্ষেত্ৰ क्रमण मनीहेवात अस कोकानिक कथन कथन कुछ कतिएकन, তাঁহার মক্তেলের দর্জনাশ করিতেন, আইনকায়ন কিছু মানি-তেন না, গুনিজেন না। স্থতরাং কৌব্দলিরা চিহ্নিত চাকর-দের প্রতি একটু অশ্রদ্ধা করিতেন। অপর সাহেবেরাও বিশেষ সম্রম পাইতেন না বলিয়া চিহ্নিত চাকরদের প্রতি একটু বিরক্ত ছিলেন।

এই দলাদলির ফল কডকটা এই সময় কলিয়াছিল। এ
দলাদলি না থাকিলে, ওগলবি সাহেব হয় ত সা সাহেবকে
কয়েদ করিতেন না। কিন্তু তাহা না করিলে, হয় ত কালনার
হত্যাকাও কৌন্দলিদের অন্তঃম্পর্শ করিত না। কালনার ব্যাপার
সন্থারে যাহা কিছু তদারক হইয়াছিল, তাহা কেবল কৌন্দলিদের

উদ্যোগে। ওগলবি সাঁহেব যে খুনের নিমিত্ত আসামী হইয়া-ছিলেন, তাহাও ইহাঁদের যত্ত্বে। নতুবা এই হত্যাকাও হয় ত গ্রণমেণ্ট শুনিতেও পাইতেন না।

ওগলবি সাহেবকৈ কলিকাভার মেজেপ্টার ওহনলন সাহেব জামিন লইরা দাররায় সোপর্দ্ধ করিলেন। বিচার স্থপ্রিম কোর্টের জজ, দার জে, পি, গ্রাণ্ট সাহেবের নিকট ১৩ই আগপ্ট তারিথে আরম্ভ হইল। জজ, কৌন্সলি প্রভৃতি সকলেই "পরচূল (Periwig) পরিয়া স্ব স্ব স্থানে আদিয়া বসিলেন। তথনও সাহেবদের মধ্যে পেরিউইগ পরার প্রথা ছিল। পিটার কোং (Pittar & Co.) তথন কলিকাভার মধ্যে প্রধান পেরিউইগওয়ালা। জুরি সকলেই ইংরেজ, তাঁহাদের মধ্যে প্রথমে এক জন বাঙ্গালী ছিলেন, কিন্তু আসামীর কৌন্সলি আপত্তি করায় তাঁহার পরিবর্ত্তে আর এক জন ইংরেজ মনোনীত হইলেন।

আসামী ওগলবি হাজির হইলেন। আর তাঁহার সে তেজ সে দান্তিকতা নাই, মুখখানি শুকাইরাছে, বড় তুর্বল। পীড়া হইরাছে বলিয়া, তাঁহাকে বসিতে এক খানি কেদারা দেওয়া হইল। তাঁহার মুখ দেখিয়া ইংরেজে পীড়া মনে করিয়ছিল। কিন্তু তিনি বাঙ্গালী হইলে লোকে বলিড, ভয়ে তাঁহার মুখ শুখাইয়াছে। আসল কথা, যাহারা অত্যাচারী, তাহারা বড় ভারু। যাহারা স্থবিধা পাইলেই অত্যাচার করে, তাহারা ধরা পড়িলেই পায়ে ধরে। ওগলবী সাহেব বড় ভীক ছিলেন, তাই তিনি এত অত্যাচার করিয়াছিলেন, এবং ধরা পড়িয়া ভাই তাঁহার মুখ এত শুকাইয়াছে।

তাঁহার পক্ষে কৌন্দলি প্রিন্দেপ। ফরিয়াদীর পক্ষে কৌন্দলি

লঙ্গবিশ ক্লার্ক। করিয়াদীর পক্ষ দাক্ষীর জোবানবলী আরস্ত হইল।

একজন দাকী জালরাজা। তাঁহাকে ছইজন দার্জন সার মেজেপ্তার সাহেব স্বয়ং সঙ্গে করিয়া ছগলি হইতে আলিপুরের জেলে রাথিয়া আদিয়াছিলেন। আলিপুর হইতে তাঁহাকে সার্জ-নের পাহারায় আদালতে আনা হইল। এবং যুখন তিনি জোবান-वनी निवात अञ्च नाँ ज़ारेतन, उथन छाँ रात छूरे পार्स छूरे जन সার্জন তাঁহাকে ঠেদিয়া দাঁড়াইল। তাহা দেখিয়া অনেকে হাসিতে লাগিল, সকলেই বুঝিল যে, হাকিমদের ভয়, পাছে জালরাজা তথা হইতে অন্তর্ধান হন, তাই তাঁহাকে দার্জনরা ঠেদিয়া দাঁডাই ছাছে। জালরাজা জোবানবলীতে বলিলেন:-"কালনায় এক দিন রাত্রে বলুকের শব্দে আমার নিদ্রা ভাঙ্গিয়। গেল। তারাচাঁদ চক্রবর্তী চীৎকার করিয়া বলিল, 'মানাম গুলি লাগিয়াছে।' এই কথা শুনিয়াই আমি জলে ঝাঁপ দিলাম। আমি প্লাইতেছি জানিতে পারিয়া সিপাহীরা জলে গুলি মারিতে লাগিল। বন্দুকের আলোক দপ করিয়া উঠে, আর আমি ডুব মারি। গুলি আমার চারিদিকে পড়িতে লাগিল। নৌকায় আমার সঙ্গে ১০ কি ১৫ থানা তরওয়ার, তিনটি কি চারিটি বল্ক, একটি পিওল, ছুইটি কি তিনটি ব্ধা ছিল। আমার चन्नाकीयानत मान व्यवस्थात इरेग्नाहिल दलिया आमि शर्मारेगा-ছিলাম, কিন্তু মরি নাই, মুতার ভান করিয়াছিলাম। সে দকল অনেক কথা ৷"

জন্মনারারণ চক্ত জোবানবন্দীতে বলিলেন, "আমি সা সাহে-বের কেরাদী, রাত্রে যথন দিপাহীরা গুলি করে, আমি তথন নৌকার নিজিত ছিলাম। তাহার পর সকালে কলিকাতার পলাইরা আসি। (বোম্বেটিয়ার ভয়ে) নৌকাঘাত্রীদের সঙ্গে তরওয়ার রাখিতে হয়।

ভিকা সিংহ বলিলেন, "আমি ৩নং পণ্টনের স্থাদার। গুলি করিবার পূর্ব্বে 'মারো মারো' ভকুম গুনিয়াছি। সে ভকুম কে দিয়াছিলেন বলিতে পারি না। কিন্তু সাহেবরা যেখানে দাঁড়া-ইয়াছিলেন, সেইখান হইতে এ ভকুম দেওয়া হয়।"

এল, এ, মেকলিন বলিলেন, "আমি ঐ পল্টনের এন্সাইন্। কাপ্তেন লিটিন সাহেব মেন্দ্রেষ্টারকে জিজ্ঞাসা করিয়াছিলেন যে, 'প্রতাপকে ফেরুপে পারি, জীবিত হউক বা মৃত হউক, গ্রেপ্তার করিব কি না।' ওপ্নবী তাহাতে বলেন, 'হাঁ যেমন করিয়া পার, তাহাকে গ্রেপ্তার করিবে।"

বাবু তিওয়ারী বলিলেন, গুলি করিবার পুর্বের মেজেটার সাহেব 'মারো মারো' বলিয়া ছকুম দিয়াছিলেন। একবার গুলি করা বন্ধ হইলে পর যথন বুঝা গোল, রাজা সাঁতার দিয়া পলা-ইতেছেন, তথন মেজেটার বলিলেন, 'উল্লো গুলিসে মারো।' আবার গুলি আরম্ভ হইল। সকল সাহেবের হাতে বন্দুক ছিল। পাদরী সাহেবও গুলি করিয়াছেন, আমি তাহা দেখিয়াছি। মেজেটার সাহেব গুথমে গুলি করেন।"

খোদাবক্স্ হাবিলদার বলিল, "গুলি করিতে আমি পাদরীকে দেখি নাই। হয় ত তিনি গুলি করিয়া থাকিবেন, কিন্তু মেজে-ষ্টার যে, 'মারো মারো' চকুম দিয়াছেন, তাহা আমার স্পষ্ট মনে আছে।"

কাপ্তেন লিটিন বলিলেন, 'শুলি করিতে কেহ হকুম দেয়

মাই। সিপাহীরা ভূলে গুলি করিয়াছে। ওগলবী সাহেব গুলি করিতে হকুম দিয়াছেন এমত আমি গুলি নাই। তিনি, কি ডাক্তার সাহেব, কি পাদরী সাহেব কেছ গুলি করেন নাই। প্রভাপের সঙ্গে তিন শত যোদ্ধা লোক (fighting men) ছিল। প্রভাপকে ধরিয়া আমার তাঁবুতে রাখিলে পর, তুই প্রহর হইতে অন্ত পর্যান্ত প্রায় ত্রিশ হাজার লোক জমিয়াছিল। তাহারা রাজাকে ছিনাইয়া লইবার চেষ্টা করে নাই, তবে একটু কক্ষতা প্রকাশ করিয়াছিল।"

ডাক্তার চিক বলিলেন, "বর্দ্ধমানের জ্বল আমাকে ও ওগলবিকে এক একটা করিয়া পিন্তল নিজ হাতে গুলি প্রিয়া দিয়াছিলেন। গুলি করিবার সময় মেজেটার আমার নিকট হইতে
দ্বে ছিলেন, স্তরাং তিনি কি বলিয়াছেন, না বলিয়াছেন,
তাহা আমি শুনি নাই। পাদরী এলেক্জপ্তার পূর্বে পণ্টনের
গোরা ছিলেন।"

এইরপে অনেকে সাক্ষা দিলেন, সে সকল লিথিবার প্রয়োজন নাই। বালীর সাক্ষীর জ্ঞবানবন্দী হইয়া গেলে আসামী ওগলবির জ্ঞবাব আরম্ভ হইবে, কিন্তু ভিনি নিজে মুথে কিছুই বলিতে পারিলেন না। একথানি বর্ণনা পতা লিথিয়া আনিয়াছিলেন, তাহাও ভিনি স্বয়ং পাঠ করিতে সমর্থ হইলেন না। হুপলীর মেজেষ্টার সামুয়েল সাহেব সাক্ষ্য দিতে গিয়াছিলেন, ভিনিই আদালতের অনুসতি লইয়া তাহা পাঠ করিলেন।

এই জ্বাবে আগামী ওগণবি জানাইলেন যে, "আমি নির্দোষী। কাল্নায় যাহা কিছু ঘটরাছিল, তাহা কেবল সিপাহীদের দোবে। আমি পণ্টন লইয়া গিরাছিলাম স্ত্যু, কিন্ত কেবল ভয় দেখাইবার নিমিন্ত। দকলেই জানেন, মেলেজীরের কার্য্য কি গুরুতর। দকলেই জানেন, পরাণ বাব্র কার্যদোবে লোকে রাজপরিবারের উপর কতদ্র বিরক্ত। এ সময় লোকে জালরাজার পক হওয়াতে একটা গোলমাল বাধিবার সম্পূর্ণ সন্তাবনা। জালরাজা সম্বন্ধে গবর্ণমেন্ট হইতে বে হুকুম আমি পূর্ব্বে পাইয়াছিলাম, তাহা দাখিল করা হইয়াছে। ওপকে প্রমাণ দেওয়া হইয়াছে যে, আমি স্বয়ং গুলি করিয়াছি এবং ''মারো মারো" বলিয়াছি, তৎসম্বন্ধে ডাক্তার চিক সাহেব ও কাপ্তেন সাহেবের জোবানবন্দীর পর আমার আর কিছু বলা বাছল্য। যাহাই হউক, যদি কেহ আমাকে এরূপ মনে করিয়া থাকেন যে, আমি নিজিত লোকদের দিপাহী দ্বারা হত্যা করাইতে পারি, তাহা হইলে যে দগুবিধান হইবে, আমি তাহা শিরোধার্য্য করিতে প্রস্তুত আছি।" *

তাহার পর আসামীর পক্ষে সাক্ষীর জোবানবন্দী আরম্ভ হইল। জ্বাসাদ আলি নাজির, আর মহিবুলা দারগা ভিন্ন আর বাহারা সাক্ষ্য দিলেন, তাঁহারা কেহই কাল্নায় উপস্থিত ছিলেন না। এই সকল সাক্ষীর জোবানবন্দী শেষ হইলে পর, সার জে, পি, গ্রাণ্ট সাহেব জুরিদের চার্জ দিলেন।

জুরিরা বলিলেন, "ওগলবি সাহেব নির্দ্বোহী।"

ক্ষক সাহেব ওগণবি সাহেবকে থালাস দিলেন, থালাস দিবার সময় তাঁহাকে বলিলেন যে, "You now stand quite free from all charges and imputations, and if there

^{*} উপরে যাহা লিখিত হইল, তাহা লবাবের অসুবাদ প্রে, কেবল স্থল মুস্ত্র বারে।

have been a little error of judgment, you are still most clearly proved to have had no participation whatever in the act itself, which resulted so fatally, and to have been acted throughout by no feeling or motive, other than becomes a gentleman."

সংবাদপত্তের সম্পাদকের মধ্যে কেহ কেহ বলিদেন যে, কাপ্তেন নিটিলকে আসামী না করা ভুল হইয়াছিন।

সামুয়েল সাহেবের উদ্যোগ।

পূর্ব্বে বলা ইইয়াছে, জালরাজাগ্রেপ্তার ইইয়া হণলি প্রেরিত ইইলেন। কিন্তু সেময় তাঁহার কি ছরবন্থা করা ইইয়াছিল, তাহা বলা হয় নাই, বলিতেও ইচ্ছা নাই। তবে এইমাত্র উল্লেখ করিয়া রাখি যে, জালরাজা আর তাহার সঙ্গী রাজা নরহরিচল্রকে ছই থানি মলিন কুল্র বল্প পরাইয়া পুলিস দ্বারা ছই চারিবার গ্রাম প্রদিক্ষণ করান হইয়াছিল। কিন্তু কে তাহা দেখিবে? গ্রামে কেইই ছিল না। দোকান বন্ধ, হাট বন্ধ, পথে লোকজন আর চলে না, বৃদ্ধা ভিক্ষারিশীরা পর্যন্তে কুঁড়ে ফেলিয়া পলাইয়াছিল। যাহারা ছিল, তাহারা কেবল পরাণ বাবুর দলস্থ।

দিপাহী সঙ্গে দিয়া, সেই কুজ বস্ত্র পরাইয়া জাকরাজাকে পদব্রজে ছগলী পাঠান হইল। কিন্তু প্রতাপ পথে কি আহার করিবেন, বোধ হয়, ভূগক্রমে তাহার কোন বলোবস্ত করা হয় নাই। স্থতরাং তাহাকে নিরাহারে পথ চলিতে হইল। যেধানে দিপাহীরা অন্ধপাক করিত, জালরাজা দেইখানে বিদয়া আপনার হাতকজি নাজিতেন, আর দেখিতেন। একদিন একটী দিপাহীর

দয়া হইল, দে ব্যক্তি আপনার প্রদায় হুটি চা'ল আনিয়া দিল। জালরাজা দে দিন অতি গুরুত্র আহার কবিলেন।

জালরাজা ন-সরাই নামক স্থানে পৌছিলে বিস্কর লোক তাঁহাকে দেখিতে আসিল। হরকরার সম্পাদক বলেন, আট দশ হাজার লোকের ন্যন নহে। আমরা শুনিরাছি, তাহাদের মধ্যে ু অনেক স্ত্রীলোক প্রতাপের নিমিত্ত অঞ্লে করিয়া মিষ্টার আনি-माहिल, मित्रिएका भवना जानियाहिल, डिशाविशीवा हा'ल जानि-ষাছিল। তথনও বাঙ্গালা দ্যায় পূর্ণ। আমাদের বছকালের শিক্ষার ফল এই দয়া। সহস্র পুরুষ ধরিয়া ভক্তি আর দয়া বাঙ্গা-লায় অভ্যাস হইরাছিল। মুসলমানের সংস্পর্শে এই সহস্র পুরুষ-অর্জিত রম্ম লোপ পায় নাই : বরং সংস্থাবলো মুসলমানদের দরা মজাগত হইরা আসিরাছিল। কিন্তু ইংরেজ-সংস্পর্শে আমরা অনেক মূলধন হারাইয়াছি। আমরা এখন বলিতে অভ্যাদ করিষাছি,—দয়া a weakness—ভক্তি a weakness— মেত a weakness। স্মৃতরাং বাহা দ্যার বিপরীত, যাহা স্লেহের বিপরীত, বাহা ভক্তির বিপরীত, তাহাই strength of mind व्याचात्र यमि कथन व्यात्र अमृष्टे त्थाएं, यमि এই शक्त थान আবার হস্তান্তর হয়, তথন হয় ত বলিতে অভ্যাদ করিব.-**দত্যবাদ "বেওকুফি"'; মিথ্যাবাদ "**দিয়াভামি"; পরক্রব্যহরণ "কর্ত্তব্য কার্য্য"; কেন না তাহাতে কথন কথন কাভ আছে।

সে সকল ছ:থের কথা যাক। যাহার। প্রতাপের নিমিত্ত থাদ্য বা পয়সা আনিয়াছিল, তাহারা কেছই প্রতাপকে তাহা দিতে পারিল না। সিপাহীদের তাড়নায় কেছ তাঁহার নিকট আসিতেও পারিল না।

৫ই মে তারিথে জালরাজা হগলিতে পৌছিলেন। তথাকার জেলথানায় একটী ক্ষুদ্র ঘরে রক্ষিত হইলেন। একথানি কম্বল পাইলেন,সেথানি ন্তন কি প্রাতন, কি অন্ত কয়েদীর ব্যবহৃত, তাহা আমরা নিশ্চয় বলিতে পারি না; তবে সংবাদপত্তে কে একজন লিখিয়াছেন যে, সেথানি নিশ্চয়ই নৃতন।

এই সময়ে হুগলিতে সামুয়েল সাক্ষেত্র

ভাগর কিছু পূর্ব্বে বর্জমানে মেজের জালরাজা সন্ন্যাসিবেশে বর্জমানে সেবানে ছিলেন। সেই সম্ম তিনি জাল প্রতাপচাঁদ সম্বন্ধে রবিশেষ সকল কথাই পরাণ বাবুর নিকট শুনিয়াছিলেন, স্মতরাং সেই অবধি তাঁহার দৃঢ় বিশ্বাস জন্মিয়াছিল, জালরাজা একজন ভ্রমানক জ্ব্যাচোর। এক্ষণে হুগলিতে তাহাকে আপন হাতে পাইয়া আপ্যায়িত হুইলেন। কোথা হুইতে অকাট্য প্রমাণ সংগ্রহ করিবেন, তাহার অহ্মন্ধান করিতে লাগিলেন, এবং মধ্যে মধ্যে সেই জন্ম এখানে সেখানে পত্র লিখিতে লাগিলেন। কথিত আছে তিনি এই নিমিত্ত পরাণ বাবুকে এক পত্র লেখেন। সে পত্রের নকলের জন্ম লেজার সাহেবের নিকট জালরাজা দর্বান্ত করেন। নকল প্রস্তুত হুইয়াছিল, কিন্তু সামুয়েল সাহেবে তাহা দিতে দেন নাই। তিনি দিন কতকের নিমিত্ত অহ্মপহিত্ ছিলেন। লেজার সাহেবে তাহার পরিবর্ধে কার্যা করিতেন।

সামুরেল সাহেব শুনিয়াছিলেন, গোয়াড়ির শ্রামলাল এক-চারীর পুত্র কৃষ্ণলাল বলিয়া একজন পাকা জুয়াচোর ছিল। চার পাঁচ বৎসর অবধি সে নিক্জেশ হইয়াছে; একণে সেই ব্যক্তিই এই জালরাজা সাজিয়াছে। অতএব তাহার সোনাকের জন্ত তিনি নদীয়ার মেজেপ্টার হালকেট সাহেবকে পত্র লিখিলেন। হালকেট সাহেব কৃষ্ণলাল ব্রহ্মচারীর কৃতকণ্ডলি প্রতিবাসী পাঠাইয়া দিলেন। সামুয়েল সাহেব তাহাদের সঙ্গে লইয়া
জেলখানায় গোলেন। তাহারা জালরাজাকে দেখিয়া ভাল সোনাক্ত
করিতে পারিল না। স্বতরাং সামুয়েল সাহেব বড় চটিয়া গোলেন।
জোবানবলী না লইয়া তাহাদের ফেরত পাঠাইলেন। আবার
লিখিলেন। এবার হালকেট সাহেব
লার, সেরেজাদার প্রভৃতি বিস্তর আমলা
পাঠাইয়া দিলেনী আপনিও একদিন নিজে আদিয়াছিলেন।

সামুষেল সাহেব আর একখানি পত্র বাবু দারকানাথ ঠাকুরকে লেখেন। তাঁহার কতদ্র চেষ্টা ছিল, তাহা বুঝা যাইবে বলিয়া আমরা দেই পত্রথানি উদ্ভূত করিলাম। রাজা বৈদ্যনাথের জোবানবন্দী হইয়া গেলে পর, এই পত্রথানি তাঁহাকে লেখা হয়।

"Hooghly, Sept. 4, 1838.

"My dear Dwarkanath,

I was disappointed at your non-arrival, as I think you could speak more decidedly than any of the other witnesses to the man's non-identity, but it is not of much consequence. I have no objection to make a bargain with you. I will let you off altogether, if you will procure me the names of half a dozen good respectable witnesses from Boranagore, who know him as Kristolall. I dare say you could do this

through Kali Nath Roy Chowdhery, Mothooranath Mookerji or any of your own servants. Let me know what you say to this. What scoundrel that Buddi nath Roy is! If I had known his character, I would rather have gone without evidence altogether than have had his.

Remember I must have the evidence from Boranagore within a week or so. Persuade Mothooranath also to come. His hoormut and izzut shall be hureck soorut se bahal.

Yours truly
E. A. SAMUELLS."

সামুয়েল সাহেব বিস্তর সাকী জুটাইয়াছিলেন। তাহাদের জোবানবন্দী হইত, কিন্তু তিনি তাহা পড়িয়া সাকীদের শুনাই-তেন না। তথন সে প্রথা ছিল না। জালরাজার উকিলেরা বলিতেন বে, ''সাকীরা বাহা বলিত, তাহা অবিকল লেখা হইত না।" তাঁহারা আরও বলিতেন, ''কোন কোন সাকীর জোবান-বন্দি জালরাজার অসাক্ষাতেও লওয়া হইত।"

হরকরা সম্পাদক হপলিতে একজন রিপোর্টার পাঠাইরাছিলেন। কেহ কেহু বলেন, সামুরেল সাহেব সেই ব্যক্তির নিমিন্ত
রিপোর্ট সংশোধন করিরা হুগলি কালেজের অধ্যাপক সদরলাও
সাহেবের ছারা তাহা হরকরার পাঠাইতেন। জালরাজার উকিলেরা বলিতেন, "হরকরার যে জেবানবন্দী প্রকাশ হয়, তাহা
প্রেক্ত নহে, তাহা কেবল মেজেন্টার সাহেবের মন গড়া।" ইহা
লইরা অনেক তর্ক হইরাছিল, নিজামতে দরণান্তও হইরাছিল।

সামুয়েল সাহেব বলেন, সদরলাও সাহেবকে তিনি তাঁহার ইয়াদদান্ত দিতেন মাত্র, আর কিছু নহে।∗

জালরাজার বিরুদ্ধে বাঁহাদের সাক্ষ্য দিবার সম্ভাবনা, তাঁহারাই ফরিয়াদীর সাক্ষী। স্থতরাং তাঁহাদের জোবানবন্দী প্রথমে
লওয়া হইতে লাগিল। তাঁহারা প্রায় অনেকেই বলেন, জালরাজা প্রতাপচাঁদ নহেন। হরকরা সংবাদপত্রে এই সকল জোবানবন্দী প্রথমেই ছাপা হইতে লাগিল। হরকরা হইতে তাহা
সমাচারদর্পণে উদ্ধৃত ও অফুবাদিত হইল। সামুরেল সাহেব সেই

^{*} এই खनवारमत উত্তরে সামুগ্রেল সাহেব সংবাদ পত্তে লিথিয়াছিলেন যে. "A silly reporter was deputed by the publisher of that paper (Hurkura) to Hooghly, for the purpose of reporting the proceedings in my Court. The reports which he furnished however, were so exceedingly incorrect that, Mr. Sutheland now principal of the Hooghly College, who resides with me, and who had formerly been connected with the Hurkura press, requested me to furnish him with my notes, in order that he might correct these reports before they were forwarded. To this, of course, I could have no objection, and the reports which appeared from that time, forwarded in the Hurkura, were the only reports which give a tolerable idea of the evidence, which was given in court. That there were many inacuracies even in these, is very probable, as Mr. Sutherland's leisure was not such as to enable him, in most instances, to give more than a general correction. किंद सानवाकात फेकिएनवा बरनन एवं, 'नमर्जक সাহেব যে রিপোর্ট পাঠাইতেন, তাহা হরকরা আপিসে গিয়া ভাষারা দেখি-ব্লাছেন। সে বিপোর্ট বত কাটকুট বা নৃতন লেখা থাকিত, ভাহা সমুদ্র সামুরেল সাহেবের বহস্তের।"

জোবানবন্দী যর্ম্মত প্রচার করিবার নির্মিষ্ট সপ্তাহে সপ্তাহে কতকগুলি করিয়া সমাচারদর্পণ থানায় থানার পাঠাইয়া দিতেন, আবার থানার দারগারা তাহা গ্রামে গ্রামে পাঠাইয়া দিতেন। কিন্তু যথন দার্ব্যয় জালরাজার স্বাপক্ষ সাক্ষীর জোবানবন্দী আরম্ভ হইল,তথন আর সমাচারদর্পণ সেইরূপ থানার থানায় পাঠান হইল না। প্রথম জোবানবন্দী পড়িয়া অনেকের ধারণা হইল যে, জালরাজা সত্যই জাল। স্কৃত্রাং এই বিষয়ে লোকে সামুরেল সাহেবকে দোযী করিতে লাগিল। কিন্তু সামুরেল সাহেব বলেন যে, লোকের মনে একটা অসঙ্গত প্রাপ্তি জ্বিয়াছিল, তাহা দ্র করিবার নিমিত্ত তিনি সমাচারদর্পণ থানার থানার পাঠাইরা দিতেন। ইহা ছাড়া কোন অনাায় অভিপ্রাহে নহে।

50

नाग्रजा मार्थिन ।

সামুরেল সাহেব >লা দেপ্টেম্বর তারিখে জালরাজার মোকর্জমা আরম্ভ করেন। সেই দিন তিনি এজলানে বসিয়া জালরাজাকে বলিলেন, "তুমি আপনার নাম গোপন করিয়া অসং অভিপ্রায়ে মহারাজাধিরাজ প্রতাপচাঁদের নাম ব্যবহার করিয়াছ। সেই জন্য তোমাকে আসামী করা হইয়াছে।"

এই কথা শুনিরা অনেকে অবাক্ হইলেন। হরিবোল হরি! কাল্নার জমিরংবস্ত তবে কোন কাজের কথানহে! তাহা কেবল ছল মাত্র। প্রতাপচাঁদের নাম ব্যবহার করাই তবে মূল অপরাধ। এ শুক্তর অপরাধের আবার জামিন

रुहेल।

নাই। খুনের মোক দিনার ওগলবি সাহেবের জামিন লওয়া হইয়াছিল; প্রতাপচাঁদের নাম ব্যবহার করার অপরাধে জামিন লওয়া হইতে পারিল না। খুন অপেক্ষা ইহা শুকুতর অপরাধ। এ অপরাধের নিমিক্ত চারি মাস ধরিয়া হাজতে রাখা হইল। সাম্রেল সাহেব জালরাজার এই শুকুতর অপরাধ প্রকাশ করিলে লালরাজার উকিল জিজাসা করিলেন, "কে ফরিয়াদী?" আবার সকলে অবাক্ হইল! প্রতাপের নাম ব্যবহার করায় যাহাদের ক্ষতি, তাহারা কেহ নালিস করিল না, পরাণ বাবু নালিস করিলেন না, তবে গবর্গমেণ্টের কেন এত গরজ পড়িল ? কেহ কিছু বুঝিতে পারিল না, স্বতরাং নানা লোকে নানা কথা বলিতে লাগিল। তাহার পর সাক্ষীর জোবানবন্দী আরম্ভ

চিনারি সাহেব দারা প্রতাপচাঁদ নিজের যে প্রমাণ চিত্রপট আঁকাইরা রাথিরাছিলেন, দেখানি বর্দ্ধমানের রাজবাটী হইতে আনীত ইইরা এজলাসের পার্ষে এক দরে রাথা হইল। চিনারী সাহেব একজন প্রধান চিত্রকর ছিলেন। তিনি রাজা প্রতাপ-চাঁদের ছবি লিখিতেছেন, এ কথা সাহেব মহলে সকলে শুনিরা ছিলেন। অনেকে সেই ছবি দেখিতে চিনারী সাহেবের বাটী যাইতেন। ছবিখানি বাস্তবিক নির্দোষ হইয়াছিল। প্রতাপ-চাঁদ চিনারি সাহেবকে বিশেষ অন্থরোধ করিয়াছিলেন যে, তাঁহার নিজের দেহ যেমন লখা, পটের দেহ যেন ঠিক সেই পরিমাণে লখা হয়, দৈর্ঘ্যের যেন কিছুমাত্র প্রতেদ না থাকে। পট সুলাইবার স্থানাছরোধে বা ভাহার দূরতা অন্থনারে চিত্র-

করেরা দৈর্ঘ্যের যেন কিছু হ্লাস বৃদ্ধি করিয়া থাকে, প্রতাপ সেরপ করিতে নিষেধ করিয়াছিলেন। সেই চিত্রপট হুগলির মেজে-ষ্টারিতে আনীত হইলে অনেকেই বৃঝিলেন, ছবিথানি এ মোক-দিমার প্রধান সাক্ষী—নিলোভী নিরপেক্ষ সাক্ষী—কথা কহে না, কাহারও মুখ চাহে না। পার্শ্বের ঘরে দাঁড়াইয়া কাহারও সহিত কথা না কহিয়া ছবি কি বলিল, জজ, মেজেষ্টার তাহা কি বৃঝিলেন, সে সকল বৃত্তান্ত ক্রমে লেখা যাইতেছে। *

গবর্গনেণ্ট আপনার চাকরদের সাক্ষী দিতে পাঠাইলেন।
সেক্রেটারি প্রিক্সেণ—একজন সাক্ষী, সদর দেওয়ানীর জজ
হাচিনসন্—একজন সাক্ষী, বোর্ডের মেম্বর প্যাটাল—একজন
সাক্ষী। প্ররাবতী নামক জাহাজে করিয়া গবর্গমেণ্ট এই সকল
সাক্ষীদের মহাসমারোহে হুপলি পাঠাইলেন। বাবু ছারকান
নাথ ঠাকুর আপনার জাহাজে করিয়া আর একদিন আদিলেন। এইরূপে ঘটার আর সীমা রহিল না। তিন বিষ্য়ের
সাক্ষ্য লওয়া হইল। প্রথমতঃ জালরাজার সেনাক্ত সম্বন্ধে;
দিতীয়তঃ, প্রতাপচাঁদের মৃত্যু সম্বন্ধে; তৃতীয়তঃ, ক্ষালরাজা
গোয়াড়ির কৃষ্ণণাল কি না এই সম্বন্ধে। কেবল এই তিন বিষ্য়ের
প্রমাণ লইয়া সামুরেল সাহেব জালরাজাকে দায়রা সোপর্দ

^{* &}quot;Some curious evidence transpired concerning the "Portrait" that novel mute witness. * * The prosecution certainly seem to have unwittingly subpeonaed, in this portrait, a rather hostile witness. * * Long odds in favor of the Rajah and no takers. Prawn Babu is quite a dark horse, however; and may prove a winner."—Hurkura 5th September 1838.

করিলেন। কিন্ত দ্বোপর্দের সময় একটি চার্জ বাড়াইয়া দিলেন— কালনায় জমিয়ৎবস্ত। এ বিষয়ে কোন সাক্ষীর জোবানবন্দী লওয়া হয় নাই। কিন্তু তাহার চার্জ হইল।

সামুয়েল সাহেব বর্জমান হইতে প্রায় সকল আসামীকে আনাইয়াছিলেন, ভাহাদের মধ্যে কেবল সাত জনকে দায়রার গোপদ করিলেন।

প্রথম, জালরাজা। দিতীয়, মোক্তার রাধারুক্ত ঘোষাল, (যিনি বর্দ্ধমানে মেজেটারের গেটের নিকট গ্রেপ্তার হইয়াছিলেন)। তৃতীয়, হাফেজ কতে উলা। চতুর্থ, সাগরচক্র ধর। পঞ্চম, কালীপ্রসাদ সিংহ। ষষ্ঠ, জুমন খাঁ। সপ্তম, রাজানরহরি চক্র।

33

मायतात कार्या व्यनानी।

২০শে নবেম্বর মোকর্দমার দিন ধার্য ছিল, এবং সাক্ষী
দিগকে সেই দিনে উপস্থিত হইতে আদেশ করা হইরাছিল।
কিন্তু কি গতিকে বলা যায় না, তাহার পূর্বদিনে মোকর্দমা
আরম্ভ হইল। সাক্ষীরা আইদে নাই, কিন্তু অপর কার্য্য হইল।
কক্ষ সাহেবের নাম কার্টিদ।

গবর্ণমেণ্ট, প্রায় ছয় মাস পূর্ব্বে বিগনেল নামে একজনকে পাঁচশত টাকা বেতনে ডিপুটি লিগ্যাল রিমেন্থেন্দার নিযুক্ত করিয়াছিলেন। বিগনেল সাহেব বড় বুদ্ধিমান, হ্যালিডে সাহেবের বিশেষ অন্নগুহীত। তাঁহাকে এই মোকদ্মায় দার- রায় গবর্ণমেণ্ট পক্ষ সমর্থন করিবার নিমিন্ত প্রেরণ করা হইল।
বলা বাছল্য বে, হ্যালিডে সাহেবই তাঁহাকে পাঁঠাইয়াছিলেন।
তিনি এই ১৯শে তারিখে আসিয়া উপস্থিত হন। স্কৃতরাং
এই ১৯শে তারিখে মোকর্দমা আরম্ভ হইল, আর ধার্য্যদিনের
নিমিত্ত অপেক্ষা করা হইল না।

কৌন্দলি মর্টন সাহেব জালরাজার পক্ষ সমর্থন করিবার জন্ত সেই দিন পত্রের দ্বারা জ্বজ্ব সাহেবের অন্ত্রুমতি চাহিয়া পাঠাই-লেন। জ্বজ্ব সাহেব সেপত্র পাইয়া ফরিয়াদীর উকিন বিগনেল সাহেবকে জ্বিজ্ঞাসা করিলেন—অন্ত্রুমতি দেওয়া যাইবে কি ? বিগনেল উত্তর করিলেন যে, এ বিষয়ে কোন আপত্তি করিতে গবর্ণমেন্ট নিষেধ করিয়াছেন। জ্বজ্ব সাহেব তথন মর্টন সাহে-বকে অন্ত্রুমতি পাঠাইলেন। উত্তর পাইয়া মর্টন আসিয়া উপস্থিত ছইলেন।

আসামীর কৌন্দলি আদিয়া জন্ধ সাহেবকে জানাইলেন বে,
"আসামী শারীরিক কিছু অস্ত্ত আছেন, অতএব তাঁহাকে বদিবার আসন দিতে অসুমতি করিলে ভাল হয়।' জ্বুলু সাহেব
কোরা দিতে হুকুম দিলেন। মোকর্দ্ধমা আরম্ভ হইল।

কৌজদারি হইতে মোকর্দমা সংক্রান্ত বে, রোবকারী আসিয়াছিল, তাহা মনসারাম দেওরানজী ১১ টার সময় পড়িতে আরস্ত
করিলেন। দেড়টার সময় তাহা পড়া শেষ হইল। তাহার পর
সাক্ষীর জোঝনবন্দী যাহা মেজেপ্তার পাঠাইরাছেন, তাহাও
দেওরানজী মহাশর পড়িতে আরস্ত করিলেন। জল সাহেব
বলিলেন, 'এখানে জোঝানবন্দী লওরা হইবে, স্কুতরাং সাবেক
জোঝানবন্দী আর পড়া জনাবশুক।' বিগনল সাহেবও জল

সাহেবের কথার সম্মৃতি দিলেন। দেওরানজী শ্রীযুক্ত মনসারাম মহাশর বলিলেন, "তাজা হইতে পারে না; এ সমুদর পাঠ করা আবশুক। ফৌজদারির সমুদর কাগজ পত্র না পড়িলে আসামীদের ফেরেবি কিরুপে বুঝা যাইবে।" জল আর কোন আপত্তি করিতে পারিলেন না। দেওরানজির যাহা ইচ্ছা, তাহা সমুদর পড়িয়া শুনাইলেন।

তাহার পর চার্জ পড়া হইল। (১) আলোক শা ওরফে ক্ষঞ্লাল ব্রহ্মচারী, মৃত মহারাজাধিরাজ প্রতাপচাঁদ বাহাছরের নাম ব্যবহার করিয়াছে। (২) দেই নাম ব্যবহার করিয়া ত্রেজরির দেওয়ান্ রাধাক্ষণ্ণ বসাককে ঠকাইয়া তাহার নিকট টাকা লইয়াছে। (৩) বেআইনিরূপে কালনার বিস্তর লোক জমিয়ৎবস্ত করিয়াছে।

আসামী নিরপরাধী বলিরা জবাব দিল। সে দিবস আর কোন কার্য্য হইল না। এই স্থানে বলিরা রাথা আবশুক যে, জালরাজা একথানি লিখিত জবাব দিয়াছিলেন। ছই দিন পরে (১৯শে নবেম্বর) সেই সম্বন্ধে কথা উঠিল। জজ সাহেব বলি-লেন, ''আমার বোধ হয়, জালরাজার একটা আপত্তি সঙ্গত। এই মোকর্দমা দেওয়ানির বিচার্য্য, ফৌজদারির নহে। অস্ততঃ জুরি কিম্বা আর একজন জজের সঙ্গে বিদিয়া বিচার করা কর্ত্তরা। কিন্তু আমি কি করিব? আমার আপত্তি,আমি গ্রন্থেটে জানাইয়াছিলাম, গ্রন্থেন্ট তাহা ভনেন নাই। স্ক্তরাং আমার উপর বেরপ ছকুম, আমি তাহাই করিতে বাধ্য।''

স্বার এক কথা। ডাক্তার হ্যালিডে বর্দ্ধমানে রাজবাচীর চিকিৎসক ছিলেন। তিনি স্বনেকবার প্রতাপটাদের চিকিৎসা

করিয়াছিলেন-একবার তাঁহার উরুস্তত্ত অন্ত্র করিয়াছিলেন। স্থতরাং ডাব্রুর স্থালিডে আসামীর এক জন প্রধান সাকী। বিশেষতঃ বোর্ডের মেম্বার ট্রোয়ার সাহেব মেজেষ্টারিতে জোবান-वन्ती नित्राष्ट्रन त्य, त्रिष्टे छाक्नात शानिए छांशात निकृत विन्ना-ছিলেন, "আসামী সতাই প্রতাপচাঁদ।" অতএব তাঁহাকে হাজির করিবার নিমিত্ত আসামী স্পিনা জারি করাইল। ডাক্তার সাহেব তখন কাশীতে থাকেন, তাঁহার আসিতে বিস্তর ব্যয় এবং বেতন-ক্ষতি, স্থতরাং তিনি লিখিলেন বে, আমার থরচ অগ্রিম পাঠাইলে আমি যাইতে প্রস্তুত আছি। জালরাজার **उथन এक शरमात मञ्जू नार्ट, (कर आत उाहारक कर्ब्स (मय** না। তিনি টাকা পাঠাইতে না পারিয়া জজ সাহেবের নিকট দরথাত্ত করিলেন যে.''ফৌজদারী আদালতের সাক্ষী অন্ত মোক-ৰ্দমায় যেমন বিনা থরচে হাজির করা হইরা থাকে, যেমন গবর্ণ-মেণ্টের পক্ষ দাক্ষীদের এ মোকর্দমায় হাজির করা হইতেছে, আমার পক্ষ এই সাক্ষীকে সেইরপে হাজির করা হুউক।" ডাক্তার স্থালিতে গবর্ণমেন্টের চাকর, গবর্ণমেন্টু হকুম দিলেই তিনি আসিতে বাধ্য হইবেন। জজ সাহেব সে দরখান্ত গবর্ধ-ट्रिक्ट शांठी हेटलन, किन्न गर्वर्गाय छात्रास्य अति। इंडेटलन ना। निकामत्त्र मुत्रशास्त्र कता श्रेण, त्मशानकात करकतार তাহা শুনিলেন না। জালরাজা তথন নিরুপার হইয়া প্রার্থনা कत्रित्नम त्य, "आभात्र त्मोकात्र त्य मकन स्वतामि हिन, जाश রাজকর্মচারীরা কোম্পানীতে অবস্তু দাধিল করিয়া থাকিবেন। **म्बर्ग क्यां कि विवास कि अपने कि अपन** পথ ধর্চ পঠিনি হউক।" এ প্রার্থনাতেও কেই উত্তর দিলেন

না। শেষ কমিসন ধারা ডাক্তার সাহেবের জোবানবন্দী লইবার প্রার্থনা করা হইল কিন্তু জজ সাহেব বলিলেন, "কমিসন বালালী সাক্ষীর নিমিত্ত, ইংরেজের নিমিত্ত নহে।"

কোম্পানির পক্ষ দাঁকীদের উপস্থিত করিবার জন্ত স্পিনায় লেখা থাকিত. "যদি ধার্য্য দিনে কোন সাক্ষী উপস্থিত না হয়, তাহার এত টাকা দণ্ড হটবে।" কিন্ত জালরাজার সাক্ষীদের হাজির করিবার জন্ম এরপ দণ্ডের কোন কথা থাকিত না, কেহ অমুপস্থিত হইলে তাহাকে হাজির করিবার নিমিত্ত কোন উপায় করা হইত না। গাঁহারা আপনা হইতে উপস্থিত হইতেন, বরং জল দাহেব তাঁহাদের কট্জি করিতেন। বিষ্ণুপুরের রাজা সাক্ষ্য দিবার নিমিত্ত আপনি আদিয়াছিলেন। তাঁহাকে "গাধা" বলিয়া গালি দেওয়া হইয়াছিল। তেলিনীপাডার রাধামোহন বন্দ্যোপাধ্যায়ের নাম সাক্ষীর তালিকায় ছিল। তিনি নিত্য হুগৰিতে গাড়ি করিয়া বেড়াইতেন, কিন্তু সাক্ষ্য দিতেন না। कानत्रात्रांत्र উकिन छोशारक अञ्चरताथ कतात्र जिनि वनिरमन. "যেরপ দেখিতেছি তাহাতে সাক্ষ্য দিতে আমার সাহস হয় না। আমি এই জেলায় বাদ করি, আমার জমীদারি, বিষয় আশর সমূদয় এই জেলায়, শেষ कि विপদে পড়িব ?" এইরপ অনেকে ভর পাইয়াছিলেন, স্থতরাং তাঁহাদের মধ্যে অনেকে উপস্থিত रहेलन ना।

২ • শে নবেম্বর ছইতে সাকীর জোবানবন্দী আরম্ভ ছইল। করিয়াদীর পক্ষ যে সকল সাক্ষীর জোবানবন্দী মেজেষ্টারিতে লওরা ছইরাছিল, আমরা তাহাই অবলম্বন করিয়া লিখিলাম। দার্বায় কেছ কিছু অভিরিক্ত বলিয়া থাকিলে তাহাও উল্লেখ করিলাম। আসামীর সাক্ষী সম্বন্ধে যে কোবানবলী নিম্নে দেওয়া হইল, তাহা দায়রায় লওয়া হইয়াছিল। মেজেষ্টা-রীতে বিচার হয় নাই, স্থতরাং আসামীর পক্ষ কোন প্রমাণ তথায় লওয়া হয় নাই।

১২

সেনাক্ত সম্বন্ধে গবর্ণমেন্টের সাক্ষী।

ট্রাওয়ার সাহেব (C. T. Trower) বলিলেন, "আমি ১৮০৮ সাল হইতে ১৮১৭ সাল পর্যন্ত বর্দ্ধমানের কালেক্টর ছিলাম। প্রতাপকে বিলক্ষণ চিনিভাম। অপর ঘরে যে ছবি আছে, তাহা দেখিবামাত্র প্রতাপকে মনে পড়ে। কিন্ত এই আসামীকেদেখিলে প্রতাপকে মনে পড়েনা। যতদ্র আমার শ্বরণ হর, তাহাতে এ ব্যক্তিকে কোন মতেই প্রতাপ বলিয়া বিশ্বাস হর না। প্রতাপের চক্ষ্ কটা ছিল, এ বাক্তির চক্ষ্ কাল। ডাক্তার হ্যালিডে প্রতাপের চিকিৎসা করিতেন। একবার প্রতাপের উক্তন্ত হর, হ্যালিডে তাহা অন্ত করেন। কিন্ত সেই হ্যালিডে আমার বলিয়াছিলেন যে, 'এই আসামী সত্যই প্রতাপটাদ।' হ্যালিডে এথন কাশীতে আছেন।' দায়রায় বলিলেন বে, "আসামী কোন ক্রমেই রাজা প্রতাপটাদ নহে।''

প্রিজেপ সাহেব (H. T. Prinsep, গবর্ণমেন্টের সেক্রেটর) বলিলেন, "আমি প্রতাপকে চিনিতাম, ১৯ বংসর কি ২০ বংসর ঘাহাকে দেখি নাই, তাহার আক্রতি বেরূপ স্মরণ থাকে, প্রতাপের আক্রতিও আমার দেইরূপ স্মরণ আছে। আসামীকে

প্রতাপচাঁদ বলিয়া বোঁধ হয় না। (I should say that he was not Protap Chunder)। প্রতাপ বেঁটে ছিলেন,এ লোকটা লয়া। অপর ঘরে যে ছবি দেখিয়াছি, তাহা প্রতাপের। সেছবির সঙ্গে এই ব্যক্তিয় কোন সাদৃখ্য নাই। প্রতাপের নাক চোক কিরপ ছিল, তাহা আমার অরণ নাই। দায়রায় বলেন যে, জেনেরেল আলার্ড ফ্রান্স হইতে ফিরিয়া আসিলে পর, আমায় একদিন বলিয়াছিলেন, লাহোরের নিকট আসামীর সঙ্গে অনেক দিন হইল, তাঁহার একবার সাক্ষাৎ হইয়াছিল, আসামী তথন ফ্কিরের বেশে বেডাইতেন।"

প্যাটল সাহেব (James Pattle, বোর্ডের মেম্বর) বলিলেন, "১৮১৩ সালে আমি কলিকাতার বাই। প্রতাপ আমার সহিত দেখা করিতে সেধানে বাইতেন, কিন্তু করবার গিয়াছিলেন, শ্বরণ নাই। যে ছবি দেখিলাম, তাহা যদি প্রতাপের হয়, তবে প্রতাপের আকৃতি আমার আর কিছুমাত্র শ্বরণ নাই। ঐ ছবির সঙ্গে আদুমানীর কোন সাদৃষ্ঠ দেখিতে পাইলাম না।"

হাচিনসন্ সাহেব (Mr. Hutchinson) বলিলেন, "আমি সদর দেওয়ানী আদালতের জল। পূর্ব্বে বর্দ্ধনানের এক্টীং জল ছিলাম। আসামীকে আমি চিনি না। এ ব্যক্তি প্রতাপচাঁদ নহে। এ ব্যক্তি অনেক লম্বা ও ফুলকায়। ইহার সঙ্গে
প্রতাপের ছবির সাদৃভ নাই। তবে বুক্ হইতে উপর দিকে
কতক মেলে। প্রতাপের মৃত্যুর পূর্ব্বে ডাক্তার কোন্টারের
নিকট ভনিয়াছিলাম, প্রতাপের জর হইয়াছিল। দায়য়ায় এই
সাক্ষীর জোবানবন্দী লওয়া হয় নাই, কারণ তথন তাহার পরলোকপ্রাপ্তি হইয়াছিল।"

বিচর সাহেব (John Beecher) বলিলেন, "আমি একজন হাউসওয়াণা। আমি প্রতাপকে চিনিতাম। তাঁহার আকৃতি আমার কিছু স্বরণ নাই। ছবি দেখিয়াও তাঁহার আকৃতি আমার শ্রন হইল না। তবে এই ছবির সঙ্গে আসামীর সাদৃষ্ঠ বিলক্ষণ আছে। মাপিয়া দেখিলাম, ছবির প্রতাপ আর আসামী প্রতাপ একই রূপ লম্বা। দায়রায় এই সাক্ষীকে আর আহ্বান করা হয় নাই।"

ওবারবেক সাহেব (D. A. Overbeck) বলিলেন, "আমি এক্ষণে চুঁচুড়ায় থাকি। দিনামারের আামলে আমি চুঁচুড়ার গবর্ণর ছিলাম। আমি এই আসামীকে চিনি না।" তাহার পর অপর ঘরে প্রতাপের ছবি দেখিয়া আসিয়া বলিলেন, "এখন আমি আসামীকে চিনিলান, ইনি আমার পূর্বপরিচিত ছোট ালা। ছবির আকৃতি আর আদামীর আকৃতি স্পষ্ট একই রূপ।" नायतात्र এই माक्यी विलालन (य, "शृत्स् (कलथानात्र ७ त्मरक-ষ্টারিতে আমি এই আসামীকে দেখিয়াছি, আমি তথন ইহাকে জুয়াচোর মনে করিয়াছিলাম, আমি প্রতাপকে বিশেষ জানি-তাম। তাঁহার মৃত্যুর কিছু পরে আমি গুনিয়াছিলাম যে, তিনি প্লাইয়াছেন। তাঁহার দক্ষিণ চক্ষের বামভাগে মেহগনি রঙ্গের একটি কুদ্র দাপ ছিল, তিনি উদ্ধে চাহিলে সেটি দেখা যাইত, এই আসামীর ঠিক দেইখানে সেই দাগ আছে, তবে একটু যেন বর্ণের হোর কমিয়াছে। এরপ দাগ কাহার চক্ষে আর কথন पिथि मारे। **७** निशाष्ट्रि, এकरात शवर्षत (जनातितात अक जन এজেন্ট গ্রথমেন্টে লিখিয়াছিলেন যে, রাজা প্রতাপটাদ সেই রেসিডেন্সিতে খাস করিতেছেন। গ্রণমেণ্ট সে বিষয় রাজা

তেজচাঁদকে লেখায় তিনি উত্তর করেন, 'আমি প্রতাপকে মরিতে দেখি নাই।' এই চিঠির কথা প্রকৃত কি না, তাহা গ্রণমেণ্টের কাগজ খুঁজিলেই পাওয়া বাইবে।"

বাব দারকানাথ ঠাকুর বলিলেন, "প্রতাপটাদের দলে আমার বভ বন্ধতা ছিল। তিনি ওয়াটালুর যুদ্ধের পর, একবার কলি-ক্রাতায় রোদনাই দেখিতে আদিয়া আনার বাটীর নিকট কান্ত বাবুর বাটীতে ছিলেন। সেই সময় আমার সঙ্গে তাঁহার প্রথম আলাপ হয়। তিনি গবর্ণমেণ্ট হাউসের রোসনাই দেখিতে যান. আমি তাঁহার সঙ্গে যাই। প্রতাপ কথন কলিকাতার তাঁতী কি বেণিয়ার বাজী যান নাই। তিনি কেবল আপনার সমযোগা লোকের বাড়ী যাইতেন—রাজা গোপীমোহন আর আসার বন্ধ রামমোহন রায়ের বাটীতে যাইতেন। আমি এই আসামিকে চিনি না. এ ব্যক্তি নিশ্চর প্রতাপ নহে। ওগলবির মোকর্দমায় যথন এই আসামী স্থাপ্রিম কোর্টে দাক্ষী দিয়াছিল, তথন আমি ইহাকে দেখিয়াছিলাম। ঐ সময় আমাকে একব্যক্তি চিনিয়াছিল. কিন্তু এ ব্যক্তি আমাকে চিনিলে কি হইবে, আমি ত উহাকে চিনি নাই। ওয়াটালুর লড়াইয়ের সময় হইতে আমার চেহারার অনেক পরিবর্ত্তন হইনা থাকিবে। তাহার পূর্ব্বে যে জামায় দেখি-রাছে. সেই আমার চিনিতে পারে। মেজেষ্টার সাহেব আমার যে পত্র লিথিয়াছিলেন, তাহার নকল কে চুরি করিয়া আনি-माছে. আমি সে চোর ধরিতে বিশেষ চেষ্টা করিতেছি।" চিঠি मश्रद्ध कथाछनि माक्ती, विना मध्यारम वनिरनन । बांब्रदाय আসিয়া বলিলেন "প্রতাপের যে ছবি এই আদালতে দেখিলাম. তাহার সঙ্গে এই আসামীর বিলক্ষণ সাদৃশ্য আছে। আমি ঠিক বলিতে পারি না যে, এ আসামী প্রতাপচাঁদ কিনা, তবে আমার বোধ হয়, ইনি প্রতাপচাঁদ নহেন।"

রাজা বৈদ্যনাথ রায় বলিলেন, "প্রতাপের সঙ্গে আমার ছই বার সাক্ষাৎ হইয়ছিল—একবার গবর্ণর জেনারলের দরবারে,— আর একবার একটা বিবাহ বাটীতে। সেথানে প্রতাপ ছল্ল-বেশে গিয়াছিলেন। এই আসামী রাজা প্রতাপটাদ নহে। আমি কাহারও নিকট বলি নাই যে, ঐ ব্যক্তি নিশ্চয়ই প্রতাপটাদ ।'' রাজা বৈদ্যনাথ আদালতের বাহিরে আদিলে লোকে তাঁহার গাত্রে ধ্লা দিয়াছিল। এ সাক্ষীকে আর দায়রায় তলব হয় নাই, বরং তাঁহাকে মিথ্যা সাক্ষ্য দেওয়ার নিমিত্ত দণ্ড দিবার প্রামশ্ হইয়াছিল।

হারক্রটস সাহেব (Gregory Herclots) বলিলেন, "আমি হগলির সদর আমিন ছিলাম। হুই তিনবার প্রতাপকে দেখিয়াছি, এখন দেখিলে, বোধ হয়, তাঁহাকে চিনিতে পারি। এই আসামী প্রতাপ নহে। কিন্তু আমি নিশ্চয় করিয়া তাহা বলিতে পারি না।" দায়রায় বলিলেন, "এই আসামীকে মৃত প্রতাপচাঁদ অপেকা এক ইঞ্চ লম্বা দেখায়।"

রাধারুঞ্ বদাক বলিলেন, "আমি এই আদামীকে অনেক টাকা কল্প দিয়ছি। কত তাহা হিদাব নিকাশ না করিলে বলিতে পারি না। ষোল হাজার হইবে। ইহাকে সতাই প্রতাপ-চাদ ননে করিয়া জামি টাকা দিয়াছি। ইহাকে আমি নিজে চিনিতাম না; কেবল লোকের কথায় বিখাদ করিয়া টাকা দিয়াছি। রাজা গোপীমোহন দেব বলিয়াছেন, 'ইনি নিশ্চম প্রতাপচাদ।' গোপীমোহন এখন মরিয়াছেন। গোপীমোহন তাঁহার লোকের দ্বারা অনুসন্ধান করিয়া জানিয়াছিলেন যে, এ ব্যক্তি সত্যই প্রতাপচাঁদ। ডাক্তার হ্যালিডে আমার নিকট বলি-য়াছেন, এ ব্যক্তি নিশ্চয়ই প্রতাপচাঁদ। তিরের জেনারেল এলার্ডঞ্চরূপ বলিয়াছেন, তাঁহার কথার আমার সম্পূর্ণ বিশ্বাস আছে। তাঁহার সঙ্গে লাহোরে এই আসামীর সাক্ষাৎ হইয়াছিল। আমি একা ইহাকে টাকা কর্জ্ঞ দিই নাই, আরও অনেকে দিয়াছেন; তুই একজন ইংরেজেও দিয়াছেন। দায়রায় উপস্থিত হইয়া এই সাক্ষী বলিলেন, "পুর্বের রাজা বৈদ্যনাথের সঙ্গে এই আসামীকে হুগলির জেলে একবার দেখিতে আসিয়াছিলাম। আমি ছয় মাস ইহাকে কলিকাতায় আমার আপনার বাটীতে রাখিয়াছিলাম। সেখানে ডাক্তার স্থালিডে একদিন আসিয়া আমাকে বলিয়াছিলেন, 'ইনি যে নিশ্চয়ই প্রতাপচাঁদ, তাহার আর কোন সন্দেহ নাই।'

রাধামোহন সরকার (বাঁহার সঙ্গে পরাণ বাবু এক দল লাঠিরাল কালনার পাঠাইরাছিলেন) গঙ্গাজল হাতে করিরা বলিলেন "প্রতাপচাঁদের সঙ্গে এই আসামীর বিস্তর প্রভেদ। প্রতাপচাঁদ দেখিতে বিক্রমাদিত্যের মত ছিলেন, আর এ লোকটা দেখিতে বে ভিকে হাড়ি। এ লোকটার হাত পা বড় বড়, শরীর লম্বা, বর্ণ কাল, ছবির সঙ্গে ইহার কোন সাদৃশু নাই। আমি এখন রাজবাটীর দেবন্তর মহলের মোক্তার। আগা আব্বাস নামে কোন মোগল ক্মিন্কালে প্রতাপচাঁদের চাকর ছিল না।"

^{*} জেনেরেল এলার্ড মহারাজ রঞ্জিত সিংহের একজন সৈক্ষাধ্যক ছিলেন।

বসস্তলাল বাবু বলিলেন, "আসামীকৈ আমি চিনিনা।
ইহাকে একবার বাঁকুড়ার মেজেষ্টারীতে দেখিরাছিলাম, তখন
ইহার দাড়ি ছিল। । এব্যক্তি প্রতাপটাদ নহে। আমি
এক্ষণে রাজবাটীর খাস দপ্তরে কর্ম করি। পরাণ বাবুর পুত্র
তারাটাদ আমার নাতিনীকে বিবাহ করিয়াছেন।" দায়রায়
বলিলেন, আসামী রাজা প্রতাপটাদ অপেক্ষা লম্বা, বয়স অয়।
বাঙ্গালা ১১৯৭ সালের কার্ত্তিক মাসে প্রতাপ জন্ম গ্রহণ করেন।"

মোহনলাল বাবু বলিলেন, "আমি রাজবাটীর হাতীশালার দারগা। এই আদামী প্রতাপটাদ নহে।" দায়রায় বলিলেন, "রাজা প্রতাপের সঙ্গে আদামীর বয়দে, বর্ণে, দৈর্ঘ্যে, আরু-তিতে, গঠনে, কি কোন বিষয়ে সাদৃশ্য নাই।"

ভেরবনাথ বাবু বলিলেন, "আমি প্রতাপটাদকে ছই তিনবার দেখিয়াছি, এ আসামী প্রতাপটাদ নহে। আমি রাজবাটী হইতে তথা পাই।" দায়রায় বলিলেন, "আমি পরাণ বাব্র ভগিনীকে বিবাহ করিয়াছি, পরাণ বাব্ও আমার ভগিনীকে বিবাহ করিয়াছেন।"

নন্দলাল বাবু বলিলেন "আসামী প্রতাপচাঁদ নহে। আমি রাজসরকারে কর্ম করি।" দায়রায় বলিলেন, "পরাণ বাবু আমার কুটুস্ব।"

^{*} অনেকে বলেন বে যথন জানরাজার দাড়ি ছিল, তথন উ:হার সহিত চিত্র পটের সাদৃত্য হঠাৎ অনুভব হইত না, ভাহাই রাকবালী হইতে চিত্রপট আনীত হইরাছিল। ধুর্জ জালরাজা তথন সময় অপেকা করিতেছিলেন। চিত্রপটখানি আদালতে আনীত হইলে পর, ভিনি দাড়ি ফেলিলেন। তথন সকলেই দেখিল, চিত্রপটের সহিত তাঁহার মুখের সাদৃত্য অতি লাট।

এইরপে আর কর্ষেক জন জোবানবন্দী দিলেন। তাঁহারা সকলেই রাজবাটীর সাক্ষী—পরাণ বাবুব চাকর।

১৩

দেনাক্ত সম্বন্ধে আদামীর দাক্ষী।

ডাক্তার স্কট সাহেব [Robert Scott, 37th Madras Native Infantry বিলিলেন, "আমি ১৮১৫ সাল হইতে ১৮১৭ পর্যান্ত বর্দ্ধমানে ছিলাম। আমি রাজা প্রতাপচাঁদকে ভাল চিনি-তাম। তাঁহার সঙ্গে আমার বিশেষ বন্ধতা ছিল। এই আসামী সেই প্রতাপটাদ। জেলখানায় গিয়া আমি ইহার সর্কাঞ্চের ক্রিছ বিলক্ষণ করিরা দেখিরাছি, সকল চিহ্নই মিলিয়াছে। ১৮১৭ সালে ইহার গালের ভিতর একথানি ঘা হইরা শোষ হয়. আমি তাহা ভাল করি। সে ঘার দাগ অদ্যাবধি রহিয়াছে। অন্ত লোকে মুথে ঘার দাগ করিতে পারে সত্য, কিন্তু ঠিক সেই স্থানে সেইরপ দাগ করিতে কেহই পারে না। প্রতাপচাঁদ শীত কালেও ঘামিতেন, আসামীও সেইরূপ ঘামেন। আর প্রতা-পের মত ইহার হাসি, কথা কহিবার পুর্বে প্রতাপের মত কণ্ঠ পরিস্কার করা ইহাঁর অভ্যাস। প্রতাপের মত ইহার বসিবার ভন্নী। প্রতাপ আমার সঙ্গে ইংরেজিতে কথা কহিতেন, কিন্ত আসামী তেমন কহিতে পারিলেন না দেখিয়া আমি হেতু জিজ্ঞাসা করায় তিনি বলিলেন, 'আর অভ্যাস নাই'। তাহা হইতে পারে। আমি পুর্বেবিলকণ হিন্দী বলিতে পারিতাম, কিন্তু চুই বংসর বিলাতে থাকিয়া আমি তাহা ভূলিয়া গিয়াছিলাম।

শুনিয়া কোন ভাষা শিথিলে এইরপই হয় গ পূর্বের কথা আসা-মীকে ছই একটা জিজ্ঞাদা করিয়াছিলাম। কিন্তু তথনকার জজ মার্টিন সাহেবের নাম ব্যতীত আসামী আর কোন সাহে-বের নাম করিতে পারিলেন না। আমি আপনার কথা জিজ্ঞাসা করিলাম যে. আমি কি করিয়া বেডাইতাম? আসামী বলিলেন, 'একটি পিস্তল লইয়া পথে পথে কুক্কুর মারিয়া বেড়া-ইতে।' আবার জিজ্ঞাসা করিলাম, এই সময় দেওয়ানী জেলে কি একটা গোলমাল, হইয়াছিল ? আসামী উত্তর করিলেন, 'বুলার সাহেব রঘুবাবুকে জেলে পাঠাইয়াছিলেন। রঘু বাবু তথায় বিষ থাইয়া মরিয়াছিলেন। তুমি তাহার দেহ চিরিয়া বিষের কথা विविद्या हिला' এ मकल कथारे मछा। প্রতাপ, মেদেরা মদ থাইতেন। আমি দে কথা জিজ্ঞানা করায় আদামী বলিলেন, 'আমি আর মদ থাইনা, তবে ব্রাণ্ডি এখনও ভালবাদি।' আমি যথন বৰ্দ্ধমানে ছিলাম, তথন সেখানে টাওয়ার (Trower) সাহেব থাকিতেন। আমি তাঁহার পুত্রদের চিকিৎসা করিতাম। দে দিন আমি আপিদে তাঁহার সহিত সাক্ষাৎ কার্যাছিলাম, কিন্ত তিনি আমাকে চিনিতে পারিলেন না। তাঁহার শরণশক্তি অতি সামান্য।

রিডলি [John Ridley] বলিলেন, "আমি প্রতাপটাদকে চিনিতাম। আমি ১৮১৫ দাল হইতে ১৮১৭ দাল পর্যান্ত বর্জনানে ছিলাম। এই আদামী রাজা প্রতাপটাদের মত। আমি ইহাকে পরীক্ষা করিবার নিমিত্ত হুই একটী কথা জিজাসা করিয়াছিলাম, ইনি দে সকল কথার যথার্থ উত্তর দিয়াছিলেন। আমি জিজাসা করিয়াছিলাম যে, আপনার নিকট কথন আমি

কিছু বিক্রয় করিয়াছিলাম কিনা? আসামী বলিলেন যে, 'একবার একটি সোণার ঘড়ি বিক্রয় করিয়াছিলে।' আর একটি কথা জিজ্ঞাসা করিলাম যে, রাজবাটীর সিপাহীদের সঙ্গে প্রোবিন্সাল সিপাহীদের যে বিবাদ হয়, তাহা কিরুপে মিটিয়া-ছিল? তাহাতে আসামী বলেন, 'রেবিনিউ বোর্ড হকুম দেন যে, রাজবাটীর সিপাহীরা সবুজ্ল পোষাক পরিবে, তাহাতেই সে 'বিবাদ ভঞ্জন হয়।' এ সকল প্রকৃত কথা।"

বিবি হেরিয়াট বিটিং বলিলেন. "আমি প্রতাপটাদকে বিশেষ রূপে চিনিতাম। আসামী নিশ্চয়ই দেই প্রতাপটাদ। আমার বয়দ যথন যোল বৎদর, তথন আমি ইহাঁকে অনেকবার আমার পিতার বাটীতে ও অক্তত্র দেখিয়াছি।"

বিবি সক্ষিয়া ক্রেন বলিলেন, "আমি প্রতাপচাঁদকে ভাল-রূপে জানিতাম। এই আসামী নিশ্চয়ই প্রতাপচাঁদ।"

জন মার্শল বলিলেন, " আমি ৭১ নম্বর দিপাহী-পন্টনের বিপেড মেজর। আদামী প্রতাপটাদ কিনা, তাহা আমি জানিনা। তবে ২০ বৎসর কি ততোধিক হইল, ইহার সঙ্গে ও নারবেক সাহেবের বাটীতে ও অন্তব্র আমার সর্বাদা সাক্ষাৎ ছিল। ইহাঁকে আমরা ছোট রাজা বলিতাম। ইহাঁর অন্য কোননাম যদি তথন শুনিরা থাকি, তাহা ভুলিরা গিয়াছি। কতবার ইহাঁকে দেথিরাছি, তাহা আমার মনে নাই। বোধ হয়, ১৮২০ সালের পর, আর আমি ইহাঁকে দেথি নাই। তাহার পর ওগল্বির মোকর্দ্ধমার সময় প্রপ্রেম কোর্টে ইহাঁকে সাক্ষ্য দিতে দেথিরাই আমার তথন শ্বরণ হইল যে, এ ব্যক্তি আমার আলাপী, কো্যার যেন ইহাঁকে দেথিরাছি। শ্বরণ করিবার নিমিজ, ইহাঁর

जान व्यञ्जनागा

মুখের ছবি আমার প্যান্টুলনে আঁকিয়া লৃইলাম। সেই ছবি ইংলিসম্যান কাগজে প্রকাশ হয়। তথন আমার বোধ হইয়াছিল, এ ব্যক্তি জুয়াচোর। ইহাকে আমি পশ্চিমে কোথায় দেখিয়া থাকিব। তাহার পর, গত কল্য ওবারবেক সাহেবের বাটাতে আহার করিতে করিতে এই ব্যক্তির কথা উপস্থিত হয়। তিনি ছোট রাজার সংক্রান্ত ছই একটি ঘটনা বলিলেন। আমার তথন শারণ হইল—ছোট রাজাকে মনে পড়িল। আসামী বর্দ্ধমানের রাজা বলিয়া পরিচয় দিতেছে, আমি তাহা জানিতাম। কিন্ত চুঁচুড়ার যাহাকে ছোট রাজা বলিতাম,তিনিই বে বর্দ্ধমানের রাজা তাহা আমি জানিতাম না।"

কুননম্বা স্থানিমান (সাং চলননগর, জাতিতে ফরাসিস), বলিলেন, জামি প্রতাপটাদকে চিনি, জামি সর্কানই চুঁচুড়ার বাইতাম, দেখানে প্রতাপটাদকে দেখিয়াছি। একবার নীলকুঠা ক্রয় করিবার নিমিত্ত, তাঁহার নিকট আট দশ বার যাতায়াত করিয়াভিলাম। এই আসামী—দেই প্রতাপটাদ। আল্য আমার সঙ্গে দেখা হওয়ায় আমাকে ইনি চিনিতে পারিলেন এবং নীলকুঠা বিক্রয় সম্বন্ধে কথা বলিলেন।"

হাজি আবু তালেব, চুঁচ্ডার একজন মোগন, সওয়াল মতে বলিলেন, "আমি প্রতাপচাঁদকে ভালরপে চিনিতাম। আসগর আলি নামে একজন হাকিম তাঁহার চুঁচ্ডার বার্টাতে থাকিত। আমি তথায় গিয়া সেই আসগর আলির নিকট চিকিৎসাশাস্ত্র পড়িতাম। স্বতরাং প্রতাপচাঁদকে বিলক্ষণ চিনিতাম। কিছুকাল পরে আমি লক্ষ্ণী গিয়াছিলাম, তথা হইতে আসিয়া ভনিলাম, প্রতাপচাঁদ মরিয়াছেন, কিন্তু আসগর আলি এবং অভাত্ত

লোক আমার বলেন',বে, রাজা মরেন নাই, পলাইরাছেন। এই আসামী সেই রাজা। আমি পূর্বের রাজার চক্ষে যে দাগ দেখি-রাছিলাম, আসামীর চক্ষে সেই দাগ দেখিতেছি।

ডাক্তার জুলিয়ান নইটার্ড, সাং ফরাসডাঙ্গা, ফরাসি ভাষায় জোবানবন্দী দিলেন,—"জামার বয়স ৭৯ বৎসর। আমি এখনও ভাল দেখিতে পাই। এই আসামীকে চিনি, ইনি বর্জমানের রাজা, ইহার নাম স্মরণ নাই ইহাঁকে আমরা ছোট রাজা বলি-তাম। আমি সে দিন জেলথানায় ইহাকে দেখিতে গিয়াছিলাম। আসামী আমাকে দেখিবা মাত্র চিনিয়াছিলেন।"

ক্ষেত্রতিক থিয়ার্শ বলিলেন, "আমি ফরাস্ডাঙ্গার মেজেপ্টার আমি নিজে আসামীকে চিনি না। সে দিন আসি ডাক্তার নইটার্ড সাহেবের সঙ্গে জেলথানার গিয়াছিলাম। ডাক্তারকে আসামী দেখিবামাত্র চিনিয়াছিল। আমি জেনারেল এলার্ডকে চিনি, তিনি এখন লাহোরে আছেন। তিনি এক দিন জেলখানার আসামীকে দেখিতে আসিয়াছিলেন। জেলথানা হইতে কিরিয়া গেলে তাঁছার সহিত এই আসামী সংক্রান্ত আমার কথাবার্ত্তী হইয়াছিল। তিনি বলিয়াছেন য়ে, এই আসামীকে তিনি লাহোরে জনেকবার দেখিয়াছিলেন। জেনারেল এলার্ড, বোধ হয়, ১৮৩৫ সালে বিলাত যান, ১৮৩৭ সালে প্রত্যাগমন করেন। তাহার পর আমার সহিত কথা হয়।" (এই জোবানবন্দীর পর অধেচ মোকর্দ্দমার নিপত্তির পূর্বের জেনেরেল এলার্ডের মৃত্যু হয়)।

গোলকচক্র যোষ, নাং সালিখা, বলিলেন, "আমি কিছু দিনের নিমিত্ত ছোট রাজাকে ইংরেজি পড়াইরাছিলাম। তাঁহাকে জনেকবার দেখিরাছি, তাঁহাকে জামি চিনি, এই আসামী সেই ছোট মহারাজ। ছোট রাজা মরিয়াছেন, এ কথা আমি শুনি-য়াছিলাম। আবার তাহার একমাস পরে শুনিয়াছিলাম যে, তিনি পলাইয়াছেন।"

গোপীমোহন পরামাণিক বলিল, "আমি জাতিতে ময়রা, আমার ব্রস ৮৬ বৎসর, গোলাপবাগের গেটের কাছে আমার দোকান আছে। এই আসামীদের মধ্যে আমি কেবল মহারাজ প্রতাপচাঁদ বাহাছরকে চিনি। বখন ইনি বর্দ্ধমানে প্রথম ফিরিয়া আসিলেন, তখন আমি ইহাঁকে গোলাপবাগে দেখিয়া-ছিলাম। পূর্ব্বে শুনিয়াছিলাম, ছোট মহারাজ মরেন নাই, মৃত্যুর ভান করিয়া পলাইয়াছিলেন, তীর্থবাত্রায় গিয়াছিলেন।

রামধন বাগদী বলিল, "আমি পল্তার ঘাটমাজি। এই আসামী মহারাজকে চিনি। বোল সতর বৎসর ধরিয়া আমি তেলিনীপাড়ার রামধন বল্যোপাধ্যায়ের ভাউলের মাজি ছিলাম। ভদ্রেশ্বরে রামধন বাব্র একথানি বাগান ও বৈঠকথানা ছিল। বেথানে মহারাজ মধ্যে মধ্যে ঘাইতেন, এক রাত কি এক দিন দেখানে থাকিতেন, ইহা আমি দেখিয়াছি।"

আমীর উদ্দীন আমেদ বলিলেন, "আমার নিবাস চুঁচ্ড়া। আমি প্রতাপচাঁদকে চিনিতাম। আমি চুঁচ্ড়ার রাজবাটীতে মুন্সি কালাম উদ্দিনের নিকট প্রায় দশ বংসর অধ্যয়ন করি। তাহার পর মৃত বুড়া রাজার ফরাসিস বিবি ইসাবেল আপন পুত্রদের শিক্ষার নিমিত্ত আমাকে রাজবাটীতে রাথেন। প্রতাপ চাঁদ চুঁচ্ডায় আসিলেই আমি তাঁহাকে দেখিতে পাইতাম। এই আসামী সেই প্রতাপচাঁদ।"

আগা আর্বাদ, যে ব্যক্তি প্রতাপের ছায়ান্নপে দলে থাকিত,

সেই ব্যক্তি বলিল, "এই আসামী রাজা প্রতাপচাঁদ। সে বিষয়ে কোন সন্দেহ নাই।"

ডেবিড হেয়ার সাহেব (David Hare) বলিলেন, "আমি বাজা প্রতাপচাঁদকে চিনিতাম। ১৮১৭ কি ১৮১৮ সালে তিনি যথন কলিকাতায় ছিলেন, তথন ছয় সাত বার আমার সহিত তাঁহার সাক্ষাৎ হইয়াছিল। তাঁহার সঙ্গে এই আসামীর সাদৃত্য বিলক্ষণ আছে। পার্যের ঘরে যে ছবি আছে, তাহা আমি দেখিয়াছি। সেই ছবির পার্ষে আসামীকে একবার এ দিকে একবার ওদিকে দাঁড় করাইয়া দেখিয়াছি, তাহার সঙ্গে আসামীর নাক, চোক, অবয়ব বিলক্ষণ মিলে। বিশেষতঃ ছবির বাম দিকে আসামীকে দাঁড় করাইলে আরো মিলে, আসামীর চিবুক ও নির ঠোটের নীচে যে গর্ভের মত আছে, তাহাও মিলে। আমি বখন আসামীকে প্রথম দেখিলাম, তখন তাহাকে প্রতাপ অপেকা লম্বা বোধ হইয়াছিল। তাহার পর আমি তাহার নিকটে দাঁড়াইরা দেখিলাম যে, আমার ভ্রম হইরাছিল। আসামী ঠিক প্রতাপের মত উচ্চ। অন্য প্রাতে জেলখানার আসামীর সহিত আমার দাকাৎ হইরাছিল। দেই সময় আদামীর সহিত कुटै এक विषय आंगात कथा वाला द्य । आंगि जिक्कामा कतिया-ছিলাম, রামমোহন রায়কে শ্বরণ আছে কি ? প্রথমে আমি রাম-त्याहन त्रारम् त्र प्रक व्यवान होत्तर महिल व्यानान कतिरल याहे, তাহা প্রথমে আসামীর স্বরণ হইল না, তাহার পর স্বরণ হইল। তথন তিনি আমাকে বলিলেন, 'তুমি সেই দিন একটা বন্দুকের মত বালা করিয়া একটা দুর্বীণ লইয়া গিয়াছিলে আর একটা খাঁচার ছইটা পাখী লইয়া গিয়াছিলে। আমরা একতে ভাদে গিয়া

কথা কহি!' এ সকল কথা প্রকৃত। দ্রবীণ প্রায় ৪০ ইঞ্চ লহা ছিল, তাহাও আনামীর স্মরণ আছে। আনার বিশাস যে, এই আনামী প্রতাপচাঁদ বটে। আমি আর একটিবার পানিহাটী প্রামে একটা নাচের নিমন্ত্রণে গিরাছিলাম। দেখানে আসামীকে দেখিরাছিলাম। তথন ইহার মুথের উপরভাগ দেখিরাই আমার বোধ হইরাছিল যে, এ ব্যক্তিকে আমি ছিল। কিন্তু ঐ সময় ইহার দাড়ি ছিল বলিয়া আমি ভাল চিনিতে পারি নাই। তাহার পর ওগলবির মোকর্দ্ধমায় ইহাকে আমি স্থাপ্রন কোর্টে সাক্ষ্য দিতে দেখি, দেখিরাই ইহাকে প্রতাপচাঁদ বলিয়া আমার বোধ হইরাছিল। সেই খানেই এই কথা আমি কৌন্দালি লিত সাহেবকে বলি। আমি অনেক দিন ক্ষররে শুনিয়াছিলাম যে, প্রতাপের মৃত্যু সম্বন্ধে কিছু সন্দেহ আছে।"

রাজা ক্ষেত্রমোহন দিংহ বলিলেন, "আমার পিতার নাম
মহারাজা তৈতন দিংহ, নিবাদ বিষ্ণুপুর। তেজচাঁদ বাহাছ্রের
সহিত আমার বিশেব বন্ধুতা ছিল। আমি বর্দ্ধমানে সর্বাদা বাইতাম এবং এক একবার গিয়া ছুই মাস করিয়া থাকিতাম।
স্যাসামী নিশ্চরই তেজচাঁদ বাহাছ্রের পুত্র প্রতাপচাঁদ। পুর্বের
আমি প্রতাপের প্লায়নবার্তা শুনিয়ছিলাম। ভাহার পর দাত
আট বৎসর হইল, লাহোর-নিবাসী আমার একজন পাঠান
হারবান ক্ষেশ হইতে প্রত্যাগমন করিয়া আমাকে বলিয়াছিল,
'আমি রঞ্জিত দিঃত্বের পুত্র থড়ক দিংহের সহিত প্রতাপটাদকে
এক হাতীতে চ্ছিয়া ঘাইতে স্কুল্কে রেথিয়াছি।' আসামী প্রায়
তিন বৎসর হইল, একবার আমার বাটাড়ে গিয়াছিল। স্থামি
বঙ্গপ্র্বিক ইহাকে তথায় তিন মাস রাথি। সেই স্কুল্ বাঁকুড়ার

মেজেষ্টার আমাকে দেড় বৎসর আটক রাথেন, আর বিস্তব্ধ অপমান করেন।"

জামকুড়িনিবাদী রাজা জয় সিংহ বলিলেন, "আমি বিঞ্-পুরের রাজগোঞ্চিমভূত। আমি আদামীকে চিনি, প্রতাপচাঁদ।"

হাকিম আলি উল্লা বলিলেন, "আমি আসামীকে চিনি, ইনি প্রতাপচাঁদ। পূর্ব্বে আমি ইহাঁর চিকিৎসা করিয়াছি। আসগর আলি ইহাঁর বেতনভোগী হাকিম ছিলেন। তাঁহার মুথে বিশেষ করিয়া শুনিয়াছিলাম যে,প্রতাপচাঁদ মরেন নাই,পলাইয়াছেন।"

কুঞ্জবিহারী বোষ বলিলেন, "আসামী আমার মাবেক মুনিব প্রতাপচাঁদ। ইনি ধথন প্রথম গোলাপবাগে আসেন, আমি তথন ইহাকে দেখিয়া চিনিয়াছিলাম এবং পরাণ বাবুর পুত্র তারাচাদকে তাহা বলিয়াছিলাম।"

পিটর এমার সাহেব, ফ্রেজর সাহেব, নাজির গোলাম হোসেন, আগা ইম্পাহানী ও স্বরূপচক্র গোম্বামী প্রভৃতি আরও আনেক স্থাসামীর পক্ষে এইরূপ জোবানবলী দিলেন। প্রতাপ-চালের পিনী ভোতাকুমারী, আর তাঁহার ছই জী সপিনা পাই-য়াছিলেন, কিন্তু তাঁহার। সাক্ষী দিতে অস্বীকার করিলেন।

জোবানবন্দী প্রায় শেষ হইয়া আসিলে একদিন রাজা প্রতাপ-চাঁদের মাতৃল হঠাৎ আদালতে আসিয়া উপস্থিত ছইলেন। তিনি মেদিনীপুর জেলার একজন রাজা ছিলেন। জালরাজা ভাহাকে দেখিবামাত্র আহলাদে জজ সাহেবকৈ বলিয়া উঠিলেন, "ঐ আমার মাতৃল আসিয়াছেন। ইহাঁর জোবানবন্দী লওয়া হউক ।" কিন্তু তাঁহার উকিল তাহাতে আপত্তি করিয়া বলিলেন "সোমাকুসমধ্যে বে প্রমাণ আমরা দিয়াছি, এ মেইকর্দমার পক্ষে তাহাই যথেষ্ট, আর প্রমাণ দিব না।" জালরাজা তাহাতে কিঞ্চিং বিরক্তি প্রকাশ করিলে, উকিল সাহেব তাঁহার নিকটে আসিয়া বলিলেন, "উপস্থিত কোঁজনারি মোকর্দমার দেওয়ানির প্রমাণ অনাবস্থাক। যে প্রমাণ দেওয়া গিয়াছে, তাহাই অতিবিক্ত হইয়াছে। আমি যাহা দেখিতেছি, তাহাতে আর পাঁচ হাজার সাক্ষী আপনাকে সোনাক্ত করিলেও জ্বজ্ব সাহেবের মত কিরিবে না। আপনি প্রতাপচাঁদ কি না, এ কথার বিচার দেও-য়ানী আদালতে ভির প্রথানে হইবে না। প্রথানে দে বিচার হইলেও কোন কল দর্শিবে না, প্রথনকার বিচারে আপনি রাজত্ব পাইবেন না। আপনাকে আবার দেওয়ানিতে নালিম্করিতে হইবে। তবে প্রথন সকল প্রমাণ প্রকাশ করিবার প্রয়োজন কি?"

দা দাহেব এখানে ভূলিলেন। তিনি জানিতেন যে, গুটি কতক প্রধান প্রধান রাজকর্মচারী একত্র হইরা পূর্বাহে পরামর্শ করিয়াছিলেন যে, জালরাজাকে আদামী ভিন্ন কথন মোকর্দনায় ফরিয়ালী হইতে দেওয়া হইবে না; এবং দেই পরামর্শ অন্ত্যারে জালরাজাকে কৌজালারিতে আদামী করা হইরাছিল। এ কথা দা সাহেব নিজে লিথিয়া পিয়াছেন। তথাপি তিনি মনে করিয়াছিলেন যে, অন্ত লোকে দেওয়ানি আদালতে যেরপ নালিদ করে, জালরাজাও দেইরপ নালিদ করিতে পাইবেন। তাঁহার এ প্রত্যালা অসক্ত! জালরাজার পক্ষে দেওয়ানির দার অভাবনীয়—অচিস্তনীয় ঘটনায় রোধ হইয়াছিল। সে কথা পরে বলা যাইবে।

58

প্রতাপটাদের মৃত্যু প্রকৃত কি না।

প্রতাপচাঁদের মৃত্যু প্রমাণ করিবার নিমিন্ত রাজবাটীর সাক্ষী রাধামোহন সরকার, বসস্তলাল বাবু,নন্দবাবু, ভৈরব বাবু প্রভৃতি পনের জন জোবানবন্দী দিলেন। তাঁহাদের পরিচয় পূর্বে দেওয়া গিয়াছে। তাঁহারা সকলেই রাজবাটীর বেতনভোগী এবং পরাণ বাবুর আত্মীয় কুটুম। তাঁহারা কে কি বলিলেন, আহ-প্রবিক সে পরিচয় দেওয়া অনর্থক। মোট কথা, তাঁহারা সক-লেই এইরূপ বলিলেন যে, ১২২৭ সালের ২১শে পৌষ রাত্রি দেড় প্রহরের সময় কালনার রাজবাটী হইতে প্রতাপটাদকে পানী করিয়া গঙ্গাধাতা করা হয়। তথন বড আন্ধকার। পৌষ-মাদের রাত্রে বড় শীত। দেই শীতে প্রতাপটাদকে জলের নিকট রাখার তাঁহার কম্প আদিল, কাজেই তাঁহাকে তাঁবুর ভিতর লইরা যাইতে হইল। তাঁবু সেইস্থানে জলের ধারেই পূর্বে খাটান হইয়াছিল। তাহার পর তথায় গীতাপাঠ আরম্ভ হইল। এ দিকে প্রতাপটাদ পালকে শুইয়া হাতী ঘোড়া ধন ধাল দান করিতে লাগিলেন। দান করা চইলে পর তাঁহার অন্তর্জনী করা গেল। মোহন বাবু তাঁহার পা জলে ভুবাইয়া ধরেন। প্রতাপচাঁদের মৃত্যু হইলে, ঘাদিরাম তাঁহার মুখাগ্লি করেন। वांवना ও जन्मनकार्छ প্রতাপের শবদাহ হয়। সেই সময় ফার্টে দশ বার্টা মসাল জালা ছিল।

রাক্ষীরা এই সকল বৃত্তান্ত আত্পূর্ম্পিক বলিলেন। কিন্তু তেজচাদ বাহাত্বের মৃত্যু কোন্ ভারিখে বা কোন্ সময়ে বন, ভাহা সাক্ষীরা অনেকেই বলিতে পারিলেন না অথচ প্রভাপের মৃত্যুর প্রায় ১২ বৎসর পরে তেজচাঁদের মৃত্যু হয়। কেহ বলি-লেন, "তাহা অরণ নাই।" কেহ বলিলেন, "বধ্রাণীদের মোক-দিমার এই সকল বিষয়ে আমি সাক্ষী দিয়াছিলাম, তাহাতেই প্রভাপটাঁদের মৃত্যু বৃত্তান্ত আমার অরণ আছে। তেজচাঁদের মৃত্যু অরণ রাথিবার সেরপ কোন কারণ ঘটে নাই।" সাক্ষীরা এইরপ নানা হেতু দুশাইলেন।

কিন্ত এই দকল জোবানবন্দীতে জন্ধ সাহেবের সম্পূর্ণ বিষাদ হইল। তিনি আপনার রাবে লিখিলেন:—"The proof here is of the strogest description of the testimony of the fact; viz. the deposition of the witnesses (fifteen in number) named in the margin, who have sworn positively to the death and cremation, and who are consistent in their narrative of the attendant particulars, their testimony would appear to be conclusive."

বিশ বংসরের ঘটনা পনের জন সাক্ষীতে বর্ণন করিল, অথচ কেই কাহার সহিত কোন অংশে অনৈক্য হইল না। কি কাঠ দারা শবদাহ করা হইরাছিল, তাহা পর্য্যন্ত সাক্ষীরা একই-রূপ বলিরাছিল, কোন অংশে অনৈক্য হয় নাই। স্থতরাং তাহাদের জোবীনবন্দীর প্রতি জঙ্গ সাহেবের বিশেষ শ্রদ্ধ জিয়িয়াছিল।

জাল রাজা জজকে বলিলেন, "পরাণের আগ্রীয় কুটুম্বের কথায় নির্ভর করিয়া কেন আমার মাথা থাও! প্রতাণের মর-ণের সময় পরাণের কুটুম, পরাণের চাক্র, পরাণের অঁরদাস ব্যতীত কি আর কেছ ছিল না ? প্রতাপেরও ত কুটুছ, আমলা, চাকর সকলই ছিল, কই তাহাদের একজনকেও ত ডাকা হয় নাই।'' জজ সাহেব এ সকল কথার কর্ণপাত করি-লেন না।

জালরাজা স্বীকার করেন বে, তাঁহাকৈ গঙ্গাঘাত্রা করা হইয়াছিল, কিন্তু তিনি বলেন যে, তাহা তাঁহার নিজের ইচ্ছামতে হইয়াছিল। তিনি আরুও বলেন যে, "বে কোন পীড়া
আমি অফুকরণ করিতে পারি। মৃত্যুও অফুকরণ করিতে
পারি। কবিরাজেরা দে অফুকরণ ছন্দাংশে বুঝিতে পারিবে
না শ

পীড়ার ভান দশ্বন্ধে জালরাজার কথা কতদ্ব প্রাহ্ন, তাহা বলা যায় না। তবে বড় বড় ডাক্তার ও বিজ্ঞানবিদের মধ্যে ছই এক জন বলেন যে, মৃত্যু অমুকরণ তাঁহারা স্বচক্ষে দেখিয়া ছেন। ডাক্তার চেনি সাহেব বলেন যে, এক সময় কর্ণেল টাউন্নেও বড় পীড়িত ছিলেন। তিনি প্রত্যহ কর্ণেল সাহেবকে ছই বার করিয়া দেখিতে যাইতেন। এক দিন কর্ণেল সাহেব তাঁহাকে বলিলেন, "কতদিন হইতে আমার কেমন একটা হইয়াছে, তাহা ভাল বুঝিতে পারিতেছি না; আমায় তোমরা বুঝাইয়া দেও। আমি দেখিতেছি যে, মনে করিলে আমি মরিতে পারি, আবার চেষ্টা করিলে বাঁচিতে পারি।" সে স্থানে আর একজন ডাক্তার উপস্থিত ছিলেন, তাঁহার নাম বেনার্ড এবং আর একজন ডাক্তার উপস্থিত ছিলেন, তাঁহার নাম বুনার্ড । এই ক্রেক জন কর্ণেল সাহেবের কথা ওনিয়া বিশ্বিত হইলেন,কত্রুটা অবিশাসও করিলনা। কিন্তু কর্ণেল সাহেব এই জহুত ব্যাপার লেখাইবার

নিমিক্ত জেদ করিতে লাগিলেন। তাহা দেখিবার পূর্ব্বে ডাক্তার मार्टिदा अदक अदक कर्पन मार्टिदा नां की भरीका कतिता। দাড়ী বেশ পরিষার, তবে একটু স্ফাণ। তাঁহারা পরস্পর ধকে হাত দিয়া দেখিলেন, তাহাও সহজনত টিপ টিপ করি-তেছে। তাহার পর, কর্ণেল সাহেব চিৎ হইয়া স্থিরভাবে শয়ন করিয়া থাকিলেন। ডাক্তার চেনি সার্হেব তাঁহার দক্ষিণ হস্তের মাড়ী টিপিয়া ধরিলেন, ডাক্তার বেনার্ড বুকে হাত দিয়া থাকি-লেন। আর কাইন সাহেব একথানি পরিশ্বার দর্পণ নাসার निकृष्ठे धतिया त्रशित्मन । ज्ञास्य माष्ट्री यारेष्ठ नानिन-त्मव তাহা একেবারে পাওয়া গেল না। সংচালনা স্থগিত হইল, নিশ্বাস প্রশ্বাসও স্থির হইয়া গেল। যে দর্শণ নাসাতো ধরা হইরাছিল, তাহাতে আর নিশ্বাসের যাম লাগিল না। তাহার পর, ডাক্তারেরা একে একে সকলেই নাডী দেখিলেন, সকলেই वरक हांक निया दाधितन, नकरनहे नर्भन बार्रिया ताथितन. कीविराज्य हिल क्टिर कि इ शहिलन ना। उथम जिनकारन धातक कन धतिया जर्का जर्कि कतितनन, ध नमस्यत माधा कर्नन मार्टिदा बात रेठिक हरेन मा। त्नव कांशांत्र मिकाक कति-লেন যে, কর্ণেল সাহেব নিশ্চরই মরিয়াছেন। এইরূপে অনেক ক্ষণ গেল। তাহার পর, তাঁহারা চলিয়া যাইবার উদ্যোগ করি-তেছেন, এমন সময়ে কর্ণেল সাহেবের শরীর একটু নজিল। **छाक्टादिता नाजी (मंथित्म-नाजी इहेग्राह्म) वृदक हां जित्नन** —বংপিণ্ডের গতি আরম্ভ হইয়াছে। নাসায় হাত দিলেন— নিখাস বহিতেছে। শেব কর্ণেল সাহেব ধীরে ধীরে কথা কৃহিতে गागित्मन। छाजातिता खराक् रहेश थाकित्मन। त्कर किहूरे বুঝিতে পারিলেন না; অব্চ মৃত্যু যে নিশ্চমই হইয়াছিল, সে বিষয়ে জাঁহাদের আরু কোন সন্দেহ থাকিল না।*

ভাক্তার চেনি এই রূপ লিথিয়াছেন :---

"Colonel Townsend told us, he had sent for us to give him some account of an odd sensation he had for some time observed and felt in himself: which was, that composing himself, he could die or expire when he pleased, and yet by an effort, or some how, he could come to life again, which, it seems, he had sometimes tried before he had sent for us. We heard this with surprize, but as it was not to be accounted for, from now common principles, we could hardly believe the fact as he related it, much less give any account of it: unless he should please to make the experiment before us, which we were unwilling he should do, lest, in his weak condition, he might carry it too far. He continued to talk very distinctly and sensibly above a quarter of an hour about this (to him) surprising sensation and insisted so much on our seeing the trial made, that we were at last forced to comply. We all three felt his pulse first: it was distinct, tho' small and thready: and his heart had its usual beating. He composed himself on his back, and lay in a still posture some time: while I held his right hand, Dr. Baynard laid his hand on his heart, and Mr. Skrine held a clean looking-glass to his month. I found his pulse sink gradually till at last I could not feel any by the most exact and nice touch. Dr. Baynard could not feel the least motion in his heart, nor Mr. Skrine the least soil of breath on the bright mirror he held to his mouth; then each of us by turns examined his arm, heart and breath, but could not by the nicest scrutiny discover

এর্রপ আরও ছই চারিটি ঘটনার কথা শুনা যার। ডাক্তার টানার সাহেব লিখিয়াছেন যে, দেহের উপর মনের একাধিপত্য অতি অসাধারণ, এ সম্বন্ধে অতি আশ্চর্য্য আশ্চর্য্য ঘটনার প্রমাণ আছে। যথা সেল্সাস সাহেব বলিয়াগিয়াছেন যে, একজন পাদরি যথনই ইচ্ছা করিতেন, তথনই আপনার সংজ্ঞাকে স্বতম্ব করিয়া আপনি জ্ঞানশৃত্য ও প্রাণশৃত্য হইয়া পড়িয়া থাকিতে পারিতেন।*

the least symptom of life in him. We reasoned a long time about this odd appearance as well as we could, and all of us judging it inexplicable and unaccountable, and finding he still continued in that condition, we began to conclude that he had indeed carried the experiment too far, and at last were satisfied he was actually dead, and were just ready to leave him. This continued about half an hour. By nine O'clock in the morning in autumn, as we were going away, we observed some motion about the body, and upon examination found his pulse and the motion of his heart gradually returning: he began to breathe gently and speak softly: we were all astonished to the last degree at this unexpected change, and after some further conversation with him, and among ourselves, went away fully satisfied as to all the particulars of this fact, but confounded and puzzled and not able to form any rational scheme that might account for it"-Quoted by T. H. Tanner in his Practice of Medicine, 6th. Edition, Vol. I.

* "The influence of the will over even the involuntary muscles is sometimes extraordinary, as many remarkable cases attest. Thus Celsus speaks of a priest who could separate himself from his senses when he chose, and lis

শুনা যায়, দেহ হইতে জীবাস্থাকে ইচ্ছামত স্বতন্ত্র করিবার পদ্ধতি আমাদের যোগশালে বিশেষ করিয়া লিখিত আছে। আনেকে বলেন, যোগীদের মধ্যে সে পদ্ধতির চর্চ্চা অদ্যাপিও বিলক্ষণ প্রচলিত। ভূকৈলাদের যোগী ও রঞ্জিং সিংহের যোগী এ কথার প্রমাণস্থল। লোকে বলে, তাঁহারা উভয়েই এরপ সংজ্ঞাহীন হইতে পারিতেন যে, ডাক্টারেরা পুনংপুনং পরীক্ষা করিয়াও জীবনের লক্ষণ কিছুই পাইতেন না। ডাক্টার ম্যাগ্রেগর সাহেব নিজে রঞ্জিতের যোগীকে পরীক্ষা করিয়াছিলেন। তিনি লিখিয়াছেন যে, দেই যোগীকে এক সিন্দুকে আবদ্ধ করিয়া মৃতিকার প্রিয়া চল্লিশ দিন রাখা হইয়াছিল, চল্লিশ দিনের পর মৃত্তিকা থমন করিয়া সিন্দুক বাহির করা হইলে দেখা গেল, তাহার ভিতর যোগী সমাধি অবস্থায় আছেন—তাঁহার সংজ্ঞানাই। ডাক্টার পির উলিরতা সাহেব নাড়ী দেখিলেন—নাড়ী নাই। জিক্ত তাহার পর তাঁহার চেতনা হইল। ডাক্টার সাহেব শিঞ্চাপে of the Sikh War" গ্রহে এইয়প লিখিয়াছেনঃ—

"A Faqueer; who arrived at Lahore, engaged to bury himself for any length of time, shut up in a box, and without either food or drink. Runjeet naturally disbelieved the man's assertions, and was determined to put them to the test. For this purpose

like a man void of life and sense. Carden used to boast of being able to do the same. But the most surprising example of this kind is the well known case of Colonel Townsend related by Dr. George Cheyne." T. H. Tanner's Practice of Medicine 6th Ed, Vol. I, page 500.

the Faqueer was shut up in a wooden box, which was placed in a small apartment below the middle of the ground; there was a folding door to his box, which was secured by a lock and a key. Surrounding this apartmet there was the garden-house, the door of which was likewise locked; and outside the whole a high wall, having its door-way built up with bricks and mud. In order to prevent any one from approaching the place, a line of sentries was placed. and relieved at regular intervals. The strictest watch was kept up for the space of forty days and forty nights, at the expiration of which period the Maharajah, attended by his grandson and several of his Sirdars, as well as General Ventura, Captain Wade, and myself, proceeded to disinter the Faqueer. The bricks and mud were removed from the outer door-way; the door of the garden-house was next unlocked, and lastly that of the wooden box containing the Faqueer. The latter was found covered with a white sheet, on removing which, the figure of the man presented itself in a sitting posture. His hands and arms were pressed to his sides, and his legs and thighs crossed. The first step of the operation of resuscitation consisted in pouring over his head a quantity of warm water. After this, a hot cake of atta was placed on the crown of his head; a plug of wax was next removed from one of his nostrils, and on this being done, the man breathed strongly through it. The mouth was now opened, and the

tongue, which had been closely applied to the roof of the mouth, brought forward, and both it and the lips anoninted with ghee. During this part of the proceeding, I could not feel the pulsation of the wrist, though the temperature of the body was much above the natural standard of health. The legs and arms being extended and the eyelids raised, the former were well rubbed and a little ghee applied to the latter. The eyelids presented a dimmed suffused appearance, like those of a corpse. The man now evinced signs of returning animation; the pulse became perceptible at the wrist, whilst the unnatural temperature of the body rapidly diminished He made several ineffectual efforts to speak and at length uttered a few words in a tone so low and feeble as to render them inaudible. When the Faqueer was able to converse, the completion of the feat was announced by the discharge of guns and other demonstration of joy."

হটবোগ অভ্যাদ করিলে এ দকল ভেল্পী অনারাদে দেখান যাইতে পারে। জালরাজার তাহা অভ্যাদ ছিল, এ কথা তিনি বুঝাইতে চেষ্টা করিলেন। কিন্তু জলু, উকিল প্রভৃতি কেহ তাহা বুঝিলেন না, স্থতরাং বিশ্বাসও করিলেন না। থেচরী মুদ্রা দারা খাদ রোধ করিয়া মৃত্যু অমুকরণ করা যাইতে পারে, এ কথা ইংরেজি বুজির অভীত—আমাদের বুজিরও অভীত। আমরা ইংরেজি গ্রন্থে দে দকল কথা দেখি না, স্থতরাং দে সকল কথা বিশ্বাদ করি না।

জালরাজার পীড়ার ভান সম্বন্ধে উকিল সা সাহেব লিখিয়া-ছেন যে, তাঁহার এ বিষয়ে বিলক্ষণ সন্দেহ ছিল। তিনি বলেন বে, "প্রথমে আমার সংস্কার হইয়াছিল বে, এ প্রতাপচাঁদ স্তাই জাল। তাহার পর, ক্রমে ক্রমে সে সংস্থার যায়। ক্রমে নানা বিষয় দেখিতে দেখিতে ব্ঝিলাম যে, ইনি নিশ্চয়ই প্রতাপচাঁদ। কিন্তু মৃত্যুর ভান সম্বন্ধে সন্দেহ থাকিল। পরে এক দিন সে সন্দেহের কথা হুগলীর জেলথানাম বদিয়া গল্প করিতে করিতে জালরাজাকে বলিলে, জালরাজা হাসিয়া উত্তর করিলেন যে, 'এ পরীক্ষা অতি সহজ। তুমি ডাক্তার সাহেবকে এখনই আসিতে লেখ, আমি এখনই একটা পীড়ার ভান করিয়া পড়িয়া থাকি। তথন ডাক্তার ওয়াইজ (Dr. Wise) সাহেব হুগলীর সিবিল সাৰ্জন ছিলেন। তাঁহাকে পত্ৰ লেখায়, তিনি তৎক্ষণাৎ জেল-খানায় আসিলেন এবং জালরাজাকে দেখিয়া রিপোর্ট করিলেন যে. 'জালরাজার বড় জ্বর হইয়াছে এবং পা কুলিয়াছে, বোধ হয়,তাঁহার গোদ হইবে। আপাততঃ তিনি কিছু দিন আদাণতে বাইতে পারিবেন না।' " এ কথা প্রকৃত হইলে, পীড়ার ভান করিবার ক্ষমতা জালরাজার ছিল বলিয়া বোধ হইতে পারে।

সে কথা সত্য হউক বা মিথ্যা হউক, ডাক্তার সাহেবের এই রিপোর্ট উপলক্ষ করিয়া সাসাহেব জন্ধ সাহেবের নিকট প্রার্থনা করিলেন বে, "জামিন লইয়া জালরাজাকে থালাস দেওয়া হয়, এবং আপাততঃ তাঁহাকে একথানি চারপাই আর একথানি গাত্রবন্ধ দেওয়া হয়।" জন্ধ সাহেব কোন উত্তর দিবার পূর্ব্বে বিগ্লেল সাহেব বলিলেন যে, "জেলের আসামীর জন্ম এ সকল সর্ক্রাম দিবার কোন বিধি আইনে নাই। তবে যদি একাত্ত

তাহা আবশুক হয়, ভাহা হইলে ডাক্তার সাহেব আসামীকে হাসপাতালে লইয়া যাইবার হকুম দিতে পারেন।' জজ কার্টিস সাহেব বিগনের সাহেবের অমতে কোন হকুম দিতে সাহর করি-তেন না, তথাপি তিনি বলিলেন যে, "এ বিষয়ের দরখান্ত করিলে বিবেচনা করা যাইবে।" আর জামিন লইয়া থালাস দেওয়া সম্বন্ধে নিজামতে দর্থান্ত করিতে আদেশ করিলেন। সা সাহেব সেইমত হুই আদালতে হুই দর্থান্ত করিলেন। কার্টিন সাহেব চারপাই দিতে হুকুম দিলেন এবং কিছু দিন পরে নিজামত एकूम नित्नन (य, "कामिन नरेशा जानामीत्क ছाड़िया (म उशाद আপত্তি নাই।" কিন্তু জঞ্জ কার্টিন সাহেব নিজামতের দে ছকুম তামিল করিতে অসমত হইলেন। তিনি বলিলেন, "এ অঞ্চলের লোকেরা জাল রাজার জন্ম বেরূপ মাতিয়া উঠিয়াছিল, এখন আর তত নাই। এ সময়ে তাহারা জাল-রাজাকে পাইলে আবার সেইরূপ মাতিয়া উঠিবে। স্থতরাং জালরাজ্মকে ছাড়িয়া দেওয়া যুক্তিসিদ্ধ নহে।" নিজামত আদা-লত নিরুত্তর হইলেন।

রাজা প্রতাপটাদের মৃত্যু সম্বন্ধে গবর্ণমেণ্ট পক্ষের প্রমাণ দেওরা ইইলে পর, জালরাজা তাহা খণ্ডন করিবার কোন বিশেষ চেষ্টা না করিয়া কেবল এইমাত্র দেখাইকেন বে এই সময় রটনা হইয়াছিল বে, প্রতাপটাদ মরেন নাই—অজ্ঞাতবাস গিয়াছেন। জালরাজার উকিলেরা জল সাহেবকে বলিলেন "যে স্থলে বড় বড় লোকে বলিতেছে, আসামী সত্যই প্রতাপটাদ, সে হলে মৃত্যুর প্রমাণ অঞ্ভণা করিবার আর প্রয়োজন কি ?" জল সাহেব সে কথার বিপরীত বলিলেন যে, "ইখন প্রতাপ-

টাদের মৃত্যু ছওয়া স্পষ্ট প্রমাণ হইয়াছে, তথন কেহ তাঁহাকে সোনাক্ত করিলে আর কি হইবে ?''

মৃত্যু-রটনার হেতু জালরাজা এইরূপ বলেন :--

শবিমাতা মহারাণী কমলকুমারী আমার পরম শক্র ছিলেন।
আমার বয়দ যথন যোল কি সতর, তথন তিনি ছইবার আহাবের সঙ্গে আমার বিষ দেন। একবার আমি তাহা ফেলিয়া
দিই, আর একবার তাহা একটা ইল্বকে খাইতে দিই; ইল্বক
তালা খাইয়া তৎক্ষণাৎ মরে। সেই অবধি আমার অয় আমি
শ্বতন্ত্র পাক করাইতাম। পরাণ আর বসন্তলাল বাবু আমার সর্বক্রনাশ করিবার নিমিন্ত সহস্র ফাঁদ পাতিতেন, আমি তাহা হইতে
কৌশলে উদ্ধার হইতাম। কিন্তু শেষ তাঁহারা আমার পিতার
মন এমন ভার করিয়া দিলেন যে, আমি তাহান্ত্র আর কোন
উপায় করিতে পারিলাম না।'

শ্বামি দেই অব্ধি অংগোতে গেলাম। ক্রমেই মদ অধিক থাইতে লাগিলাম। শেষে, অদৃষ্ঠদোষে গুরুতর পাপগ্রন্ত হইলাম। তথন ক্রঞ্জনান্ত ভটাচার্য্যের নিকট স্বক্বত মহাপাপের প্রায়শ্তিত কি, জিজ্ঞাসা করায়, তিনি ব্যবহা দিলেন 'এ পাপের প্রায়শ্তিত ত্বানল; তাহা অশক্তে চতুর্দশ বংসর অজ্ঞাতবাস। এই সঙ্গে বলিয়া দিলেন বে, এরপ ভাবে অজ্ঞাতবাস করিবে, যেন দকলেই জানে তুমি—মরিয়াছ।' এই অজ্ঞাতবাস করিপে আরক্ত করিব, প্রথমে ঠিক অহুভব করিতে পারি নাই; স্থতরাং প্রথমে কাহাকেও না বলিয়া পলাইলাম। সে বার আমার পিতা আমাকে রাজ্মহল হইতে ধরিয়া আনেন। মুন্দি আমীর-ভিদ্নিন তাঁছাকে আমার সন্ধান বলিয়া দেয়। আমি ফিরিয়া

আদিলে, পিতা মহাশয় পরাণের অত্যাচার ও পীড়নের কথা জানিতে পারিলেন, এবং সেই অবধি পরাণের উপর তিনি হাড়ে চটিয়া গেলেন। আমাকৈও অনেক বুঝাইলেন কিন্ত আমার প্রায়শ্চিত আবশ্রুক, আমি আর অপেক্ষা করিতে পারি-দাম না। এ বার ভাবিলাম, কেবল পলাইলে হইবে না, ্যেরূপ ব্যবস্থাপত্র, সেইরূপ করা কর্ত্তব্য। আমি মরিয়াছি— সকলে জানা আবশ্রক। অতএব পীড়ার ভান করিয়া কাল্নায় গেলাম। কালনার ঘাটে কালীপ্রদাদ একথানি ভাউলিয়া আনিয়া রাথিবেন কথা ছিল; আর তাঁহাকে বলা ছিল, ভাউ-লিয়া পৌছিলে তিনি শঙ্খধনি করিবেন। আমি শ্যায় শুইয়া সেই সঙ্কেত শুনিলাম। তাহার পর ক্রমে বিকারের রোগীর ন্তায় ভ্রম বাক্য বলিতে লাগিলাম। সকলে আমায় পালী করিয়া গঞ্চাতীরে শইয়া গেল। শেষ অন্তর্জনি করিল। অন্ত-র্জনির পর যথন রাজবাটীর অধিকাংশ লোক শীতে কাতর হইয়া তাঁবুর ভিতর গিয়া আশ্রর লইল, কেবল হুই চারি জন মাত্র আমার নিকট থাকিল সেই সময় আমি তাহাদের শপথ করাইয়া জলে সরিয়া পড়ি। নিঃশব্দে সাঁতার দিয়া বন্ধরায় উঠি। রাত্রি-শেষে সেই বজরায় মুরশিদাবাদ যাতা করি।"

এই সময় রটনাও হইয়াছিল—রাজবাটীর লোকের। খাটে শব না পাইয়া গঙ্গায় জাল ফেলিয়া অত্যক্ষান করে। স্থতরাং লোকের বিখাস হইয়াছিল যে, প্রতাপ পলাইয়াছে—মরেন নাই।

58

জালরাজা গোয়াড়ির কৃষ্ণলাল বেল্লচারী কি না।

এই মোকর্দমার প্রায় পঁচিশ বৎসর পূর্বে, যশোর জেলা নিবাদী খামলাল তেওয়ারি নামে একজন ব্রাহ্মণ গোয়াড়ীতে আদিয়া একখানি কালী প্রতিমা প্রতিষ্ঠা করেন। ক্রমে সেই প্রতিমা উপলক্ষ করিয়া তাঁহার দিন্যাপন হইতে থাকে। লোকে তাঁহাকে ব্রহ্মচারী বলিত। তাঁহার তিন পুল ছিল। জ্যেষ্ঠ कुक्षनान, मधुम क्रांनान, मर्खकिनिष्ठ शोवनान । ইहाराव मध्य পৈতৃক ব্যবসায়ে কুঞ্চলালের একেবারে অনুরাগ ছিল না, তিনি চাকুরি করিবেন, এই ওাঁহার একান্ত ইচ্ছা ছিল। কিন্তু তাহা জুটে নাই, তিনি কেবল উমেদারি করিয়া বেড়াইতেন। তথা-কার পাদরি ডিয়ার সাহেব তাঁহার প্রতি সদয় ছিলেন, রুঞ্চলাল তাঁহার বাটীতে প্রত্যই একবার করিয়া গিয়া সেলাম করিয়া আসিতেন। কিছু দিন পরে পাদরি সাহেব একথানি ইপারিস চিঠি তথাকার মেজেপ্রার বাাটি সাহেবকে দেন। সেই সময়ে শান্তিপুরের দারগাগিরি থালি ছিল। চিঠি পাইবামাত্র মেজে-ষ্টার সাহেব রুফলালকে দেই দারগাগিরি দিলেন। কিন্তু এক-দিন পরে আবার পরওয়ানা ফিরাইয়া লইলেন এবং সেই সঞ্চে পাদরি সাহেবকে निर्वितन य. "আমি ভনিলাম, कृष्णनात्त्र চরিত্র অতি মল ; এবং তাঁহার একজন খুড়া ডাকাইত। স্থতরাং উহাকে আমি চাকুরি দিতে পারিলাম না।" পাদরি সাহেব পত্র পাইয়া কৃষ্ণলালকে ডাকাইয়া বলিলেন যে,"তুমি স্বার ক্র্মন

আমার কুঠিতে আদিও না।'' দেই অবধি ক্লঞ্চলালের উমেদারি করা ফুরাইল।

সাক্ষীরা বলেন, "কৃষ্ণলাল তাহার পর ব্রহ্মচারী সাজিয়া এখানে ওখানে বুজকৃকি দেখাইয়া দিনপাত করিতেন।"

পরাণ বাবু মনে করিয়াছিলেন, সেই ক্ষলাল এই জালরাজা সাজিয়াছে। যথন জালরাজা বাঁকুড়ায় গ্রেপ্তার হন, তথন পরাণ বাবু তাঁহাকে কৃষ্ণলাল বলিয়া প্রতিপন্ন করিবার জন্ত প্রমাণ সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছিলেন। তিনি পাদরি ডিয়ার সাহেবের নিকটেও লোক পাঠাইয়াছিলেন, এবং অন্তান্ত সাক্ষী জ্টাইয়াছিলেন; কিন্তু সে সকল প্রমাণ তথন আলালতে বড় গ্রাহ্থ হন নাই। সেবার জালরাজা আলক শা বলিয়া প্রতিপন্ন হন। এবার বোদ মেকেষ্টার সামুরেল সাহেব এ বিষ্ত্রে উদ্যোগী, স্কুতরাং সাক্ষী অনেক জ্টিয়াছিল।

সেই সকল সাক্ষী দ্বারা প্রকাশ হয় যে, ক্রফ্টলালের মুখে বসস্তের দাগ ছিল, তাহার এক পায়ে ছয়টি আঙ্গুল ছিল, আর বন্ধসে রাজা প্রতাপটাদ অপেকা ক্রফ্টলাল দশ বার বৎসরের ছোট ছিল।

এই মোকর্দমার চারি পাঁচ বংসর পূর্ব্দে ক্রফলাল নিক্লেশ হন। কেহ বলে, "তাঁহার মৃত্যু হয়," কেহ বলে, "তিনি আলি-পূরের জেলে করেদ ছিলেন।" তাঁহার ছই সহোদরের অঞ্র পশ্চাৎ লোকান্তর হয়। এই সময় তাঁহার পিতা শ্যামলালেরও মৃত্যু হর, স্কুতরাং শ্রামলালের ত্যক্ত সম্পত্তি লাওয়ারিস বলিয়া আদালতে জক্ব থাকে।

গোরাড়ির সাক্ষীরা জালরাজাকে ক্সকলাল বলিয়া কিরুপ সোনাজ করিল, তাহা সংক্ষেপে নিয়ে লেখা গেল।

- (১) ফ্রিরটাদ তেওয়ারি—নিবাস যশোহর।—বলিল, "আসামী আমার ভাগিনা কৃষ্ণলাল। আমি ইহাকে ৮ বৎসর দেখি নাই।"
- (২) ঈশ্বরচক্র তেওয়ারি বলিল, "আসামী রুঞ্চলাল আমার পিসিপুত্র। যথন ইহার ১৫।১৬ বংসর বর্ষ, তথম ইহাকে দেখিরাছিলাম, তাহার পর আর দেখি নাই।"
- (৩) গন্ধাপ্রসাদ তেওয়ারি বলিল, "এই আসামী আমার ভাতভাত, ইহার নাম রুফলাল। ইহার বয়স এখন ৬৩ বংসর হইবে। আমার ভগিনীপতি বর্দ্ধমানের রাজবাটীতে চাকরী করিতেন, সম্প্রতি তিনি মরিয়াছেন। ইদানী আমি কাল্নার থাকি, রাজবাটীতে উমেদারী করি। রুফলালের পারের আঙ্কুল পাঁচটা কি ছয়টা তাহা আমি বলিতে পারি না।"
- (৪) রামচন্দ্র বিখাদ—আবকারীর এক জন খুচরা দোকানদার, বলিল, "আমি আসামীকে চিনি, ইহার নাম ক্রফলাল।
 আমরা এক পাঠশালায় লিথিয়াছি।" (রাজা প্রতাপচাঁদের পূর্চে
 ঘোড়ার কামড়ের যে দাগ ছিল, সেইরূপ আসামীর পূর্চে একটা
 দাগ থাকার সাক্ষীকে জিজ্ঞাসা করা হয় যে, ক্রফলালের পূর্চে
 কোন দাগ ছিল কি না। সাক্ষী তাহাতে তৎক্ষণাৎ উত্তর
 করিল যে, "হাঁ বিলক্ষণ দাগ ছিল।" কিন্তু পূর্চের কোন্ জংশে
 সে দাগ ছিল, তাহা জিজ্ঞাসা করার সাক্ষী ইতন্ততঃ করিতেছে,
 এমত সমরে সেরেন্ডাদার মনসারাম আপনার পূর্চে হাত দিরা
 সাক্ষীকে ইলিত করিলেন। সাহেব মনসারামের দশ টারা
 জরিমানা করিতে বাধ্য হইলেন)।
 - (e) भाग औष्ठान विनन, "धरे जानायी क्रक्नान वर्ष, जामि

ইহাকে গোয়াড়িতে ১৮৩৪ সালে দেখিয়াছি। ইহার সঙ্গে ধর্ম সম্বন্ধে তর্ক করিয়াছি। ইহার পিতার নাম শ্রামলাল। হগলীর জেলখানায় আসামীকে সোনাক্ত করিবার নিমিত্ত আমাকে পাঠান হয়; তথন আমি যদিও ইহাকে চিনিয়াছিলাম, কিন্তু তাহা তথন করি নাই। তাহা নিশ্চয় করিয়া বলিবার নিমিত্ত আমি দশ দিন সময় লইয়াছিলাম।" জেরায় বলিল, "গত রাত্রে মাণিক সিংহের সহিত আমার সাক্ষাৎ হয় নাই। তবে সেরেস্তাদার মনসারামের সজে সাক্ষাৎ হয় নাই। তবে সেরেস্তাদার মনসারামের সজে সাক্ষাৎ হইয়াছিল সত্য, আমি তাঁহার নিকট পথ থরচা চাহিয়াছিলাম, তিনি জজ সাহেবর নিকট চাহিতে বলিয়াছিলেন।"

- (৬) মহেশ পণ্ডিত নামে একজন প্রীষ্টান জোবানবলীতে বলিলেন, "এই আসামীকে আমি গোয়াড়িতে ও বর্জমানে দেখিয়াছি, ইহার নাম কৃষ্ণলাল।" জেরায় বলিলেন, "আমি বখন মেজেষ্টার ও ডাক্তার সাহেবের সঙ্গে জেলখানায় গিয়া এই আসামীকে দেখি, তখন আমি বলিয়াছিলাম বটে যে, এই ব্যক্তি কৃষ্ণলাল কি না, তাহা আমি দশ দিন পরে বলিব। আমি বর্জমানে থাকি, আমার নিবাস ঐ জেলার অন্তর্গত রায়না গ্রামে।"
- (৭) গঙ্গাগোবিন্দ বন্দ্যোপাধ্যায় বলিলেন, "আমি নিশ্চয় বলিভেছি—এই আসামী কৃষ্ণলাল। ইহার সঙ্গে এক পাঠশালায় লিখিয়াছি। ইহাকে গত ১৫।১৬ বৎসরের মধ্যে কেবল ছই তিন বার দেখিয়াছিলাম। কৃষ্ণলালের মুখে বসস্তের দাগ ছিল কি না বলিতে পারি না।"
- (৮) त्रांगहाँ मिळ विलितन, "आमि वर्षमात्मत्र कारणकेतीत मृहति। এই आत्रामी कुक्तनान, हेशांक आमि हिनि। এ

ব্যক্তি মধ্যে মধ্যে আমার তৈলমাড়ুরের বাসায় গিয়া থাকিত।
যথন ঐ ব্যক্তি বর্দ্ধানে শেষে গিয়া প্রচার করে যে, 'আমি
ছোট রাজা,' তখন আমি কাহাকেও ইহার প্রকৃত পরিচয় দিই
নাই, কেবল ইহাকে গোপনে তিরস্কার করিয়াছিলাম। কিন্তু
সে তিরস্কার এ ব্যক্তি শুনে নাই।"

- (৯) ব্রজমোহন মুখোপাধ্যায় বলিলেন, "আমি নদীয়া জেলার ফৌজদারী পেস্কার। এই আসামীকে চিনি, ইনি কৃষ্ণলাল ব্রজাচারী।"
- (১০) রামকৃষ্ণ মুখোপাধ্যায় (খ্রীষ্টান) বলিলেন, "এই
 আসামী কৃষ্ণলাল। ইনি ইতিপূর্ব্বে মহাপুক্ষ সাজিয়াছিলেন,
 আমি ইহাঁর চেলা হইয়ছিলাম। ইহাঁর সঙ্গে শ্রীখণ্ড, কাটোয়া,
 মশাগ্রাম, বর্জমান, বরানগর প্রভৃতি নানায়ানে বেড়াইয়ছি।
 আমি ইহাঁর পাদকজল পর্যান্ত ধাইয়াছি। আমি তথন ইহাঁকে
 দেবতা মনে করিতাম্। যথন ইনি বর্জমানের রাজা হইবার
 কল্পনা করেন, তথন আমরা মশাগ্রামে ছিলাম। আপনাকে
 প্রতাপচাঁদ বলিয়া রাষ্ট্র করিবার নিমিত্ত কৃষ্ণলাল তথা ইইতে
 বর্জমানে গেলেন, আমি ও ইহাঁর প্রাতা গৌরলাল উভরে মশাপ্রামে থাকিলাম। আসামী বর্জমান হইতে পলাইয়া বিষ্ণুপ্রে
 যান। আমরা সে সংবাদ পাইয়া তথায় যাই। তাহায় পর,আমরা
 এক সঙ্গে বাঁকুড়ায় যাইতেছিলাম, এলিয়ট সাহেব আমাদের
 বলগমা ঘাঁটিতে গ্রেপ্তার করেন। গোরলাল পলাইয়াছিল,

^{*} এলিরট সাহেব কমিদনর ইইয়া যখন বাকুড়ায় যান, তথন এক দিন তথাকার সার্কিট হাউদের সম্মুখে দাঁড়াইরা বলিয়াছিলেন, "এই তেঁতুলভুলায় ফালরাজাকে আমি গ্রেপ্তার করি।" যখন তিনি এই কথা বলেন, তথন সেধক নিজে দেখানে উপস্থিত ছিলেন। এই সাক্ষী যাহা বলিলেন, স্বতরাং

আমি ধরা পড়িয়াছিলাম। তিননাস জেলথাটি। জেলথানার কঠিন
পীড়াগ্রস্ত হইলে থালাসের অন্ত উপায় না দেথিয়া মনে করিলাম
মেজেপ্টারের নিকট ক্ষলালের প্রকৃত পরিচয় বলিয়া দিলে তিনি
আমায় থালাস দিবেন। এই প্রত্যাশায় আমি তাঁহার নিকট
দরখাস্ত করি। তিনি আমার এজেহার লইয়াছিলেন। কিন্ত
ভাহাতে থালাস দেন নাই। তথন আমার নাম 'কুপানলা' ছিল।
আমি ক্ষণ্ডলালের চেলা হইয়া ঐ নাম গ্রহণ করিয়াছিলাম, কিন্ত
আমার প্রকৃত নাম রামক্ষণ্ড। আমি থালাস হইলে পর, পাদরি
হিল সাহেব আমায় খ্রীপ্তান করিয়াছেন। আমি সেই অবধি আর
মিথ্যা কথা বলি না। আমার পূর্ব্ব চরিত্রের পরিচয় পাদরি
সাহেবকে লিখিয়া দিয়াছি। তিনি তাহা বিলাতে ছাপাইতে
পাঠাইয়াছেন। ক্ষণ্ডলালের পায়ে কয়টি অস্থলি, তাহা বলিতে
পারি না।" (অথচ এই সাক্ষী বলিয়াছেন, আমি জালরাজার
পাদক লল থাইতাম)।

- (১১) প্রেমচাঁদ বন্দ্যোপাধ্যার বলিলেন, "আমি নদীরা জেলার কোজদারি নাজির। এই আসামী গোরাড়ির রুঞ্চলাল। আমি নিশ্চর করিরা বলিতে পারি না যে, এই ব্যক্তি রুঞ্চলাল। কেন না, ইনি রাজা প্রতাপচাঁদ বলিরা আপনার পরিচর দিতেছন। রুঞ্চলালের মুখে বসস্তের দাগ ছিল।" (এই সাক্ষীর চরিত্র সম্বন্ধে নানা গর অদ্যাপি গোরাড়িতে প্রচলিত আছে)।
 - (>२) मीनकमन (चांच वितानन, "आमि ननीया (कनांत

ভাহার সহিত এলিরট সাহেবের কথা মিলে না। কিন্তু অন্যান্য অনে কের নিকুট শুনিরাছি যে, জালরাজা বঁ কুড়া জেলার বলগমা ঘাঁটতে গ্রেগ্ডার হন। এ জনরৰ কিন্তুপে জয়িল, ভাহা বলিতে পারি না। বোধ হয়, এই সাক্ষীর কোবানক্ষী হারা এই রটনা হইরা থাকিবে।

ফৌজদারি দেরেস্তাদার। এই আসামী, দেখিতেছি রুঞ্চলালের মত, কিন্তু আমি তাহা নিশ্চয় করিয়া বলিতে পারি না।"

- (১৩) প্রাণক্ক মুখোপাধ্যার বলিলেন, "আমি নদীয়া জেলার জজ-আদালতের সেরেস্তাদার। এই আসামীকে ক্ষণ-লাল বলিয়া আমার বোধ হইতেছে, কিন্তু আমি তাহা নিশ্চর করিয়া বলিতে পারি না। ক্ষণালের পিতা খ্রামলাল গত বৎসর মরিয়াছে। কেহ তাহার ত্যক্ত সম্পত্তি অদ্যাপি দাবি-করে নাই। ক্ষণালের মুখে বসস্তের দাগ ছিল কি না, তাহা আমি বলিতে পারি না।"
- (১৪) হরচক্র হাজরা বলিলেন, "আমি নদীয়া জজ-আদা-লতের উকিল। এই আসামী গোয়াড়ির রুঞ্চলাল, ইহাকে আমি চিনি, তবে ইহাকে আট বৎসর দেখি নাই।"
- (:৫) ব্রজক্ক মুখোপাধ্যায় বলিলেন, "ক্রফলালকে আমি বিলক্ষণ চিনি। সে আমার নিকট অনেক দিন ধরিয়া উনেদার ছিল। এই আসামীর সহিত সে ক্রফলালের বিস্তর প্রভেদ।"
- (১৬) মূজি মকিম বলিলেন, "কৃষ্ণলালকে আমার ভাল স্থারণ নাই। এই আসামী সে কৃষ্ণলাল নহে। আমি শুনিয়াছি, কৃষ্ণলাল মরিয়াছে।"
- (১৭) পাদরি ডিয়ার সাহেব (Revd. W. J. Deere) বলিলেন, "আমি এখন ক্ষেনগরে থাকি, পূর্ব্বে কিছুদিন বর্জমানে
 ছিলাম। আমি কৃষ্ণনালকে ভাল চিনি। তাহার পিতা শ্রামলাল, কৃষ্ণনালের চাকরির নিমিত্ত আমার অমুরোধ করে।
 কৃষ্ণনাল প্রত্যহ আমার বাটাতে আসিত। ব্যাট সাহেশকে
 কৃষ্ণনালের দিমিত্ত আমি এক্থানি পত্র দিই। ব্যাট সাহেব

তাহাকে চাকরী দেন নাই। ১৮৩৬ সালে (অর্থাৎ বাঁকুড়ার মোকর্দমার সময়) বর্দ্ধমানের প্রাণবাবু আমার নিকট হুইজন লোক পাঠাইয়াছিলেন। তাহারা আমায় বলে, 'একবার হুগলী গিয়া জালরাজাকে সোনাক্ত করিতে হইবে।' তাহার। আমায় পথ থরচ বলিয়া টাকা দিতে চাহিয়াছিল, আমি তাহা লই নাই। व्यामि তारामित विनिनाम, 'यमि তোমরা कृष्णनामत मन्नान চাও, তাহা হইলে আমি এখনই সন্ধান আনিয়া দিতে পারি।' এই বলিয়া গোয়াডিতে ক্ষলালের নিকট একজন লোক পাঠা-हेशा निवास। त्वांक चानिशा मःवांम निवास, श्रामनाव उक्त-চারী বলিলেন, ক্লফলালকে টাকার নিমিত্ত শিষ্যবাটীতে পাঠা-ইয়াছেন, দশ বার দিনের মধ্যে সে আনিবে, আসিলে তাহাকে পাঠাইয়া দিব।' তাহার পর সে না আসায়, প্রায় পনর দিবস পরে, আবার খামলালের নিকট লোক পাঠাইলাম। এবার न्यामनान वनिया পाठीहरनन. 'कुकनानरक यनि भानति नारह-বের এতই দরকার থাকে,তবে যেন তিনি নিজে তাহাকে তলাদ कतिया नन । এই आगामी कुछनान नटि ।' आमि कुछनानक ছয় বংসর দেখি নাই। এই ব্যক্তি যদি রুঞ্চলাল হয়, তবে ছম্ব ৎসরে ইহার অতিরিক্ত পরিবর্ত্তন হইয়াছে। ক্লফলালের নাদাগ্র উর্মুখ ছিল, আদামীর নাদাগ্র নিমুমুখ ৷ ১৮২১ দালে আমি ভনিয়াছিলাম যে, রাজা প্রতাপটাদু এদেশে বিজ্ঞোহ উদ্ভাবন করিবার নিমিত্ত রঞ্জিৎ সিংছের নিকট গিয়াছেন।"

(১৮) গৌরমোহন ভট্টাচার্য্য বলিলেন, "আমি ক্লঞ্চলালকে বিলক্ষণ চিনিতাম। সে ব্যক্তি বথন উমেদারী করিত, তথন ডিক্ সাহেবের কাছারীতে তাহাকে সর্বাদা দেখিতাম। তাহার পিতা খ্রামলালকে চিনিতাম। কৃষ্ণলালের আকৃতি এই আদা-মীর মত ছিল না।"

- (১৯) ক্লঞ্মোহন সরকার (এই সাক্ষী জোবানবন্দী দিবার সময় জজ সাহেব বলিলেন, "আমি এই সাক্ষীকে চিনি, ইনি ভাল লোক, ভদ্র এবং সত্যবাদী") সপ্তয়াল মতে বলিলেন, "আমি গোয়াড়িতে ওকালতি করি. ক্লঞ্চলালকে চিনিতাম, এই ভাসামীকে ক্লঞ্লালের মত বোধ হয় না।"
- (২০) রামধন খ্রীষ্টান বলিলেন, "আমি এই আসামীকে চিনি
 না, ইহাকে কখন দেখি নাই। আমি কৃষ্ণলালকে চিনিতাম,
 তাহার সহিত ইহার কিছু আদল আইসে বটে, কিন্তু এ ব্যক্তি
 সে নহে। কৃষ্ণলাল ইহার অপেক্ষা লম্বা ও গৌরবর্ণ। কৃষ্ণলালের
 নাসাগ্র উন্নত ছিল, এ ব্যক্তির তাহা নহে, আর তাহার চকু
 ছোট ছিল।"
- (২১) কৃষ্ণমোহন বন্যোপাধ্যায় বলিলেন, "আমি এখন উত্তরপাড়ার থাকি। পূর্বেটোল দারগা ছিলাম। ক্লুফালাল আমার নিকট মধ্যে মধ্যে আসিত। এই আসামী কৃষ্ণলাল নহে, তাহার মুখ লম্বা ছিল, আর তাহার মুখে দাগ ছিল।"

গোরাড়ির অন্ত অন্ত যে সকল লোক মেজেটারিতে বলিয়া-ছিল যে, "এই আসামী ক্ষণাল নহে,' দায়রায় ভাহাদের জোবানবন্দী লওয়া হয় নাই; স্তরাং আমরাও ভাহাদের কথা আর উল্লেখ করিলাম না।

উভয় পক্ষের প্রমাণাদি দেখিয়া কাজি সাহেব রায় দিলেন যে, আসামী রুঞ্চলাল ব্রহ্মচারী নহে। রুঞ্চলালের আজ্ঞীর উল্লেখে যাহারঃ জোবানবলী দিয়াছে, তাহাদের কথা বিশ্বাস- त्यां निर्मा व्यां कृष्य थे होता क्यां प्रमुख्य । त्य वत्न त्य, त्य जिन होति वदमत धित्रा कृष्य नात्व तहना हिन, व्यथह तम काति ना त्य, कृष्य नात्व भारत्र क्यां के व्यक्त हिन।

জজ সাহেব রায়ে লিখিলেন বে, জালরাজা বে ক্রঞ্লাল,
এ কথা একপ্রকার প্রমাণ হইরাছে। আরও বলিলেন বে,
এ সম্বন্ধে অকট্যি প্রমাণের প্রয়োজনও নাই। প্রতাপটাদের
মৃত্যু ও তাঁহার শবদাহ যখন বিশেষরূপে প্রমাণ হইয়া গিয়াছে,
তথন এই আসামী ক্রঞ্লাল প্রমাণ না হইলেও কিছু ক্ষতি
নাই।

^{* &}quot;Combining all their testimonies I cannot avoid the conclusion that the Prisoner's indentity is sufficiently established by a preponderance of evidence above whatever has been adduced to impeach it. Evidence in such a matter cannot be expected to amount to absolute demonstration. Some dimness, and it may be doubt, will obscure the recital now of details which occured at a remote date. But circumstances considered, I look upon the proofs as being on the whole satisfactory. It is true that in the main point the Law-Officer rejects the evidence on the grounds that there are several descrepancies, which I admit, in the averments made by the witnesses who swears to the prisoner's indentity with Kristo Lal *** For the reasons which I have stated above, it appears to me, the identity is established by tolerably good, or I may say, sufficient evidence, although it may not be so satisfactory and decisive as the testimony. to the Rajah's death. But I have a remark to make on this subject. After the prosecutor had proved the death and cremation of Rajah Protab Chunder, it was, I think,

30

কাল্নায় জমিয়ৎবস্ত হ্ইয়াছিল কি না ?

আমরা পূর্বেই বলিয়াছি, এ সম্বন্ধে কোন প্রমাণ মেজেন্টারীতে লওয়া হয় নাই। দায়য়ায়ও এ বিষয়ে প্রথমতঃ বিশেষ মনোযোগ দেওয়া হয় নাই। স্বয়ং জজ সাহেব বলিয়াছিলেন যে, কালনার জমিয়ৎবস্ত অতি সামাল ব্যাপার। তথাপি কয়েক-জন সাক্ষীর জোবানবন্দী শেষ লওয়া হইল। নাজির আসাদ আলি আর দায়গা মহিবুলা প্রধান সাক্ষী। তাঁহারা অনেক কথা বলিলেন। কিন্তু কালনার চৌকিদারেরা সামাল চাকর, কি বলা আবশুক, কি বলা অনাবশুক, তাহা কিছুই বুঝিল না; স্থতরাং তাহারা অনেকে আয়ান বদনে বলিল যে, কালনায় কোন জমিয়ৎবস্ত হয় নাই।

জন্ত সাহেব রামে লিখিলেন যে, কালনার জমিন্ন বস্ত প্রমাণ হইমাছে। "This charge, I view, is substantiated by the evidence of Mahaboollah Darogah and other Polish officers, and by that of Assadi Ali, the Burdwan Foujdary Nazir; but there is, I conceive, no proof of an affray or actual breach of the peace. I should say the only facts proved are, first, that the prisoner No. 1, the soi-dissant Rajah, did not disperse his

in no way incumbent on him to show who the prisoner really is. So long as the death, cremation, and non-indentity remain, as I regard them firmly established, it would have been a matter of no moment to the case had he failed to prove that the prisoner is Kristo Lal." Extract from No. 3 of the Calender for Sept. 1838.

armed followers on receiving orders from the police officer to that effect, after the Darogah had explained to him the nature of the Purwanah or orders issued from the Burdwan Magistrate, requiring him to disperse his armed followers. Secondly, that the prisnor No. 1 persisted in landing with a drawn sword in his hand, and visiting the shrine of Lalji Thakur at Culna; in the progress to which place, attended by a part of his followers, he ordered some of his people to disarm the two sepoys on guard at the burying ground of the Burdwan Rajah, ut on the remonstrance of the Darogah, he, at last, desisted from this foolish freak; after which, the soi-dissant Rajah and his people returned to the boats."

জজ সাহেব যাহাই বলুন, আপিলে এ কথা রক্ষা হয় নাই। সে পরিচয় পরে দেওয়া যাইবে।

2.0

জাল রাজার নিজ কথা।

আসামীর পক্ষ সকল সাক্ষী হাজির হইলেন না। প্রতাপচাঁদের রাণীরা জোবানবন্দী দিয়াছিলেন, এবং জালরাজাকে
তাঁহারা সোনাক্ত করিয়াছিলেন,এইরপ এ অঞ্চলের সর্ব্বিত্র রটনা
আছে। কিন্তু বাস্তবিক সে রটনা সত্য নহে। আমরা পূর্ব্বে
বিলয়াছি, জালরাজা তাঁহাদিগকে সাক্ষী মানিয়াছিলেন, কিন্তু
আদালতে আসিয়া সাক্ষ্য দিতে তাঁহারা অস্বীকার করেন। জ্বজ্ব

সাহেব তাহাতে বলেন যে, তাঁহারা চুঁচুড়ার রাজবাটীতে আসিলে কমিসন্ ছারা তাঁহাদের জোবানবন্দী লওয়া যাইবে। তাহাতে রাণীরা সমত হইলেন না। স্তরাং জালরাজা আর কোন চেষ্টা করিলেন না। তাহার কিছু দিন পরে, রাণীরা হঠাৎ দরখাস্ত করিয়া পাঠাইলেন যে, আমরা সাক্ষী দিতে প্রস্তুত আছি। এবার জালরাজা তাহাতে আপত্তি করিলেন। বলিলেন, "আমি রাণীদের সাক্ষ্য চাহি না।" ইহার হেতু কেহ ব্ঝিতে পারিল না। লোকে উপহাস করিয়া বলিতে লাগিল, 'এ সকল ব্ঝি রুক্ত রাধার মানকেলি।' যথন জালরাজা উপযাচক হইয়াছিলেন, তথন রাণীরা মাথা নাড়িলেন; আবার যাই জালরাজা নান করিলেন, আর তাঁহারা পাকিতে পরিলেন না, আপনারা সাধিয়া সাক্ষ্য দিতে চাহিলেন।

লোকে যে যাহা বলুক, আমরা শুনিরাছি যে, রাণীরা দিশিনা পাইয়া স্থির করিয়াছিলেন, "আসামীকে যদি বাস্তবিক ছোট মহারাজ বলিয়া আমরা চিনিতে পারি, তথাপি সে কথা আমরা মুথে আনিতে পারিব না; আসামীকে স্বামী বলিয়া স্বীকার করিলে পোড়া লোকে বলিবে যে, বৈধব্য ঘুচাইবার নিমিন্ত রাণীরা মিথ্যা বলিয়াছে। এবং হয়ত সেই কারণে জল্ল সাহেবও আমাদের কথা প্রাস্থ করিবেন না। স্থতরাং আমরা স্বামী পাইব না। তবে কেন কলঙ্কের পসরা মাথায় লইব ?" এই জন্ম তাঁহারা সাক্ষ্য দিতে প্রথমে অস্বীকার করেন। তাহার পর যথন জালরাজা শুনিলেন যে, রাণীরা জোবানবন্দী দিবার নিমিন্ত উপষাচক হইয়া দর্থান্ত করিয়াছেন, তথন তাঁহার সন্দেহ হইল, তিনি সা সাহেবকে বলিলেন, "কাহার বারা এ

দর্থাস্ত আদিয়াছেঁ, এবং দে ব্যক্তি কোথায় বাসা করিয়াছে, এই সকল তদস্ত করা আবশুক।'' সা সাহেব তদস্ত করিয়া জানিলেন যে, পরাণ বার্র লোক এই দর্থাস্ত আনিয়াছে, এবং পরাণ বার্র মোকারের বাসায় সে ব্যক্তি অবস্থিতি করিতেছে। জালরাজা উকীলকে বলিলেন, এবার পরাণের অনুরোধে রাণীরা সাক্ষ্য দিতে সক্ষত হইয়াছেন।'' সে অনুরোধের অর্থ যে, তাঁহারা আমাকে সোনাক্ত না করেন। কিন্তু কি জানি ? প্রীজাতি! আমায় দেথিয়া যদি তাঁহারা সে অনুরোধ ভুলিয়া যান, তাহা হইলে তাঁহাদের পথে দাঁড়াইতে হইবে। আমার অদৃষ্টে যাহা ছিল, তাহা হইয়া গিয়াছে, আবার তাঁহাদের কপাল কেন ভাঙ্গি? তাঁহারা এখন স্কথে আছেন, স্থে থাকুন। আমি তাঁহাদের সাক্ষ্য চাহি না।

ভালরাজার এই কথামতে রাণীদের এবা করা হইল।
তাহাতে জ্ঞান সাহেব বিপরীত ভাবিলেন। তিনি বিবেচনা
করিলেন যে, "আদামী নিশ্চয়ই জাল, তাহাই সে ভয় পাইয়াছে। নাণীরা কথনই মিথ্যা বলিবে না, এ কথা আদামী
এখন বুঝিয়াছে।"

পূর্ব্বে ফৌজদারী মোকর্দ্দশ মুদলমানের সরা মতে হইত, স্থতরাং দরার ব্যবস্থা দিবার নিমিত্ত এক জন করিয়া কাজি বিচারাদনে বদিতেন। সেই কাজি, সমুদর সাক্ষীদের জোবানবন্দী হইয়া গেলে পর, জালরাজাকে বলিলেন, ভূমি মৃত্যুর ভানকরিয়া পলাইয়াছিলে বলিতেছ, এখন আমি শুনিতে চাই যে, এই চতুর্দ্দশ বংসর ভূমি কোন্ কোন্ স্থানে ছিলে, এবং কি করিতে ?'' জালরাজা সে পরিচয় দিতে উদ্যত হইলে, তাহার

উকিল তাঁহাকে নিষেধ করিলেন, এবং বদিলেন, পোষকতা ব্যতীত দেপরিচয় কোন মতে গ্রাহ্ম হইবে না,এবং প্রমাণেরও পোষকতার আর সময় নাই।" জালরাঙ্গা তাহা শুনিলেন না, তিনি জজ সাহেবকে বলিলেন যে, "আগামী কল্য আমি এ বিষয়ের একথানি লিখিত ফর্দ্দিব।"

মোকর্দিযার শেষে তিনি এক দিন সেই ফ্রন্দ আর তাহার সঙ্গে একথানি বাঙ্গলা দরখান্ত নিজে লিখিয়া দাখিল করিলেন। তাহার স্থুল মর্ম্ম নিয়ে দেওয়া গেল।''

"কালনা হইতে প্লাইয়া কালীপ্রসাদ আর আমি মুরশিদা-বাদ ও ঢাকা হইয়া ব্রহ্মপুত্র নদে গিয়া তীর্থস্থান করি। তাহার পর চক্রশেথরে যাই। সেখান হইতে অদিনাথ দর্শন করিতে যাই। তথায় একবংসর থাকি। তাহার পর বৈস্তেশ্বরী ও ত্রিপুরেশ্বরী দর্শন করিয়া বাণেশনাথ মহাদেবের নিকট এক वरमत शांकि। (प्रथान इटेंटि अन्हिमाक्ष्टल यांहै। कांभी, প্রয়াগ, চিত্রকূট, অযোধ্যা, বুলাবন, মথুরা, কুরুক্ষেত্র, পুষ্ণর, প্রভাদ, বদরিকাশ্রম, হরিবার, হিঙ্গুলাক্ষ, জ্লামুখী প্রভৃতি নানা তীর্থ স্থান পর্যাটন করি। পাঞ্জাবে গিয়া লাহোর, অমৃতে-খর প্রভৃতি স্থান ভ্রমণ করি, শেষ কাশ্মীরে যাই। সেইখানে জেনারেল এলার্ডের সহিত আমার সাক্ষাৎ হয়। কাশীরে আমি ছয় বৎসর থাকি। তাহার পর, আবার হিন্দুস্থানে আসি। দিলীতে বিবি রামজে আমাকে দেখিয়া চিনিয়া ফেলেন। আমি ইতন্তও: যাইতাম, ভাহাতে অনেকে আমায় চিনিয়াছিল। राशात स्वामात कथा नहेंग्रा आत्मानन हहें छ, स्वाम त्रहें छान তৎক্ষণাৎ ত্যাগ করিতাম। প্রায়ই আমি যোগীদের সঙ্গে বৈড়া-

ইতাম। যথন যাঁহাদের সাক্ষাৎ পাইতাম, তথন ভাঁহাদের সঙ্গ লইতাম। ভাঁহারা এক স্থানে স্থায়ী হইতেন না, স্কুতরাং আমি দীর্ঘকাল কাহার সঙ্গে থাকিতে পাই নাই। আমার একথানি ইয়াদান্ত বহি ছিল। যে দিন যেথানে গিয়াছিলাম, যেথানে যাহা আশ্চর্য্য দেখিয়াছি, তাহা সকলই সেই ইয়াদান্ত লিখিয়া রাখিয়াছি। এলিয়ট সাহেব বাঁকুড়ায় যথন আমায় গ্রেপ্তার করেন, তথন সেই ইয়াদান্তথানি হারায়। আমি সেথানির নিমিত্ত মেজেষ্টার সাহেবের নিকট বিস্তর মিনতি করিয়াছিলাম, কিন্ত ভাহা আর ফিরিয়া পাইলাম না; মেজেষ্টার তাহার অমুস্কানের নিমিত্ত কোন ত্কুমণ্ড দিলেন না। আমি বাঙ্গালায় প্রত্যাগমন করিয়া প্রথমে কালীঘাটে যাই। ভাহার পর, বর্দ্ধনানে উপস্থিত হই; সেথানে গোলাপবাগে আমাকে অনেকে চিনিয়া মহা আনন্দ প্রকাশ করিয়াছিল।

যদি আমি বাস্তবিক মরিতাম, তাহা হইলে কি আমার ত্যক্ত সম্পত্তির কোন বন্দোবস্ত করিয়া যাইতাম না ? সামান্ত লোকে সামান্ত সম্পত্তির নিমিত্ত পোষ্যপুত্ত লইবার অনুমতি দিয়া যায়, অথবা দানপত্ত লিখিয়া যায়। কিন্তু আমার এত সম্পত্তি, আমি কি কোন একটা বন্দোবস্ত করিয়া যাইতে পারিতাম না ? আমি পীড়িত হইয়া ত অনেক দিন ছিলাম,

^{*} রাজা প্রতাপটাদেরও এইরপ ইয়াণান্ত বহি রাঝা অভ্যাস ছিল। তিনি বে সমরে বাহা করিতেম, তাহা নিত্য লিখিয়া রাখিতেন। অনেকে বলেন বে, "তাহার সেই ইয়াদান্ত বহি জালরাজা কোনরূপে হন্তগত করিয়াছিলেন, সেইজনা প্রতাপটাদের সমুদার স্কাস্ক্র ঘটনা তিনি বলিতে পারিতেন।" কেহ বুলে, "সে ইয়াদান্ত বহি রাজবাটীতেই ছিল, মোকদিমার সময় তাহা আদালতে দাবিল ক্রা হইয়াছিল।"

আমার বাক্রোধ হয় নাই। আমায় গঙ্গাযাতা করিলেও ত আমি অনেক দিন কালনায় ছিলাম; যদি সত্যই আমি মরিব এরূপ হইত, তাহা হইলে আমি কি এই সময় মধ্যে পোষ্য-পুত্রের অনুমতি দিয়া যাইতাম না? অথবা একখানা দানপত্র কি উইল করিয়া যাইতাম না? এ সকল করিবার সময় ত যথেষ্ট ছিল ?

আর এক কথা; আমি যাইবার সময় একথানি প্রমাণ ছবি রাখিয়া গিয়াছিলাম, তাহা এখানে আনা হইয়াছে। লোকে বয়সে কেহ স্থূল হয়, কেশে কেহ শুক্ত হয়, কেছ কাল হয়; কিন্তু মাথায় কেহ ছোট হয় না, কেহ বড়ও হয় না। সেই ছবির সঙ্গে আমার মাপিয়া দেখা হইয়াছে, লয়ায় চুল পরিমানে ছবির মৃত্তি আমার সহিত প্রভেদ হয় নাই।

এথন বিচারকর্ত্তা পরমেশ্বর, আর তাঁহার প্রতিনিধি আপ-নারা, অধিক বলা বাহল্য।''

39

দায়রার হুকুম।

অন্ত সকল সাক্ষীদের জোবানবন্দী হইরা গেলে উভর পক্ষের বজ্তা আরম্ভ হইল। কিন্তু বজ্তা মুখে হইল না, লিখিত দাখিল হইল। তাহার পর কাজি সাহেব ফতওয়া দিলেন তিনি বলিলেন যে, "সোনাক্ত সম্বন্ধে সরকারের পক্ষে যে সকল প্রমাণ দাখিল হইরাছে, তাহা আসামীর প্রমাণ অপেকা গুরুতর নহে। আসামী বাস্তবিক কে, তাহা ফ্রিয়াদীর পক্ষ হইতে প্রমাণ হয় নাই। যতক্ষণ তাহাকে অপর ব্যক্তি বলিরা প্রতিপন্ন
না করা হয়, ততক্ষণ প্রতাপচাঁদের নামধারণ অপরাধে তাহাকে
দণ্ড দেওয়া যাইতে পারে না।। কিন্তু জজ সাহেব অক্সপ্রকার
বিবেচনা করিলেন। তিনি বলিলেন যে, "আদামী কৃষ্ণলাল
বক্ষচারী, স্বতরাং প্রতাপের নামধারণ জল্ম তাহাকে দণ্ড দেওয়া
যাইতে পারে।' এইরপে উভয়ের মত অনৈক্য হইল। সেই
জল্ম জজ সাহেব নিজামতকে জানাইলেন, এবং সেই সঙ্গে
লিখিলেন যে, "আসামীর বিক্ষের যে সকল অভিযোগ উপস্থিত
হইয়াছিল, একটি ব্যতীত ভাহা সমুদর প্রমাণ হইয়াছে। অতএব
ভাহাকে পাঁচ বৎসর কারাবাসের আজ্ঞা দেওয়া হয়, ন্যুনকল্পে
তিন বৎসর।'' এ সম্বন্ধে নিজামত যে হকুম দিলেন, তাহা
পরে বলা যাইবে।

34

অশু আদামীদের প্রতি দায়রার হুকুম।

আমরা পূর্ব্বে বলিয়াছি যে, আসামীশ্রেণীতে কালনায় ২৯৪ জন গ্রেপ্তার হয়। তাহার পর, ক্রমে ক্রমে আরও অনেকগুলিকে তাহাদের সামিল করা হয়। সেই সকল লোকের মধ্যে কেবল ৩১০ জনকে হুগলিতে পাঠান হইয়াছিল। হুগলির মেজেষ্টার সামুয়েল সাহেব তাহাদের সাত জনকে দায়য়য়য় সোপর্ফ করিয়াছিলেন, বাকি ৩০৩ জনের সম্বন্ধে কোন প্রমাণ পান নাই, অথচ তাহাদের খালাসও দেন নাই। তাহাদিগকে তিনি জেল-খানায় রাখিয়াছিলেন। গ্রীয়কাল গেল, বর্ষা গেল, তাহার

পর শীত পড়িল; তাহাদের গাত্রবন্ধ নাই। তিন শত লোককে
শীতরন্ধ দেওয়া সহজ কথা নহে; স্থতরাং সে দিকে আর কেহ
দৃষ্টিপাত করিল না। আসামীরা একে একে মরিতে আরস্ত
করিল। জালরালা আপনার উকীলদের বিশুর অন্ধরোধ
করিলেন যে, "এই হতভাগাদের রক্ষা করিবার নিমিন্ত কিছু
চেষ্টা কর।' সা সাহেব মাথা নাড়িলেন, বলিলেন, "এই তিন
শত লোকের জন্ত গাত্রবন্ধ কে দিবে ?' জালরাজা বলিলেন,
"আমি আর দেখিতে পারি না। তোমরা না কর, আমি নিজে
দর্থান্ত করিব।'' শেষ সা সাহেব দর্থান্ত লিখিতে সন্মত
হইলেন। জালরাজা লিথাইলেন, "হতভাগাদের এই মাত্র
অপরাধ যে, তাহারা আমাকে রাজা প্রতাপচাঁদ বলিয়া বিশ্বাস
করিয়াছে। যদি আমি সতাই জাল হই, তবে আমিই তাহাদের
ঠকাইয়াছি, আমিই দণ্ডের যোগ্য। তাহারা ঠকিয়াছে, তাহাদের অপরাধ নাই। তাহাদের থালাস দেওয়া হউক, অন্ততঃ
গাত্রবন্ত দেওয়া হউক।''*

^{* &}quot;Their whole crime consisted in believing me to be Rajah Protap Chand. If I am an impostor, as alleged, I am guilty of having deceived them, and I may therefore be liable to punishment. Of these persons only six have been thought criminal enough to be sent for trial before you, and the others have been in custody for a period of nearly seven months without knowing the crime which they are alleged to have committed, without being confronted with any of the witnesses for the prosecution, and without having been brought to trial. Of the remainder, thirteen are

দর্থান্তের ফল কতক ফলিল। ১৪০ জন থালাদ পাইল, কিন্তু সাতমাসের পর থালাস পাইল। তাহাদের বিপক্ষে এক জন সাক্ষীরও সাক্ষ্য লওয়া হয় নাই। তাহাদের বিক্ষমে কোন প্রমাণ ছিল না; অথচ তাহারা সাত মাস কারাবদ্ধ ছিল। তাহাদের থালাদ দিবার সময় কেবল এক থানি করিয়া মুচলকা দন্তথত ক্রাইয়া লওয়া হইল। তাহাদের আর কোন বিচার হইলনা। বাকি ১৬৩ জন জেলে থাকিল, তাহার মধ্যে কতক লোক সেই থানেই মরিয়া গেল।

বেজাইনি কয়েদ রাধার নিমিত্ত সা সাহেব ওগলবি সাহেবের নামে যে নালিস উপস্থিত করেন, তাহার বিচার স্থাপ্রিম
কোর্টে ৯ই জামুয়ারি তারিথে আরম্ভ হয়। সেই মোকর্দ্দমার
হুগলির মেজেপ্রার সাক্ষ্য দিতে গিয়াছিলেন। তথার তাঁহাকে
এই সকল আসামীদের কথা জিজ্ঞাসা করায় তিনি বলিলেন,
"৩১০ জনের মধ্যে আমি ছয় মাসের পর, ১৪০ জনকে থালাস
দিয়াছি; বাকি ১৫০ কি ১৬০ জন বিচারের নিমিত্ত জেলেথানায় অদ্যাপি আবদ্ধ আছে। যে ১৪০ জনের কথা বলিলাম,
আমি তাহাদের বিচার করিয়াছিলাম, অর্থাৎ ওগবি সাহেব
বর্দ্দমানে তাহাদের এজাহার লইয়া আমার নিকট দণ্ডের নিমিত্ত
পাঠাইয়াছিলেন। আমি তাহাদের ছয় মাস পরে ছাড়য়া
দিয়াছি। আদালতে তাহাদের আনি নাই। আমার আদালতঘর বড় ক্ষুদ্র, এত লোক সেথানে ধরিতে পারে না বলিয়া আদা-

dead,—two more, I understand, are at the point of death, and twentytwo are in the hospital. Extract from petition dated 30th November 1838."

লতে তাহাদের হাজির ছইতে দিই নাই। সা সাহেব তাহাদের মোক্তার ছিলেন বলিয়া তাহাদের উপস্থিত হইবার আবশুকও হয় নাই। সা সাহেব তাহাদের পক্ষ হইতে কোন মোক্তারনামা দাখিল করেন নাই, আমিও দাখিল করিতে দিই নাই। সা সাহেব নিজে আসামী, স্তরাং তিনি মোক্তার হইবার অধিকারী নহেন।"

এ বিচারপদ্ধতি শুনিয়া স্থাপ্তিম কোর্টের অনেকে হাসি-লেন। বোধ হয়, সামুয়েল সাহেব তাহা দেখিয়া ভাবিলেন, "ইহারা তবে বিচার কাহাকে বলে? তিনি তথন বলিলেন What do you mean by a trial? There certainly has been no regular trial of those prisoners whom I released, nor of those who, I have said, are now, awaiting their sentence; those whom I released I considered less criminal than the others, and I thought the punishment they had already undergone was sufficient;—they had been in prison six months—Yes! certainly without having any regular trial or sentence passed on him. By Regulation I cannot try after six months' imprisonment.

আরও হাসি পড়িয়া গেল। বাহারা ছয় মাসের অধিক কাল জেলে থাকে, তাহাদের বিচার করিতে আইনে নিষেধ। সেই জল্প মেজেষ্টার বাহাছর তাহাদের বিচার না করিয়া জেলে রাথিয়াছিলেন! বাহাদের বিচার করিতে নিষেধ, তাহাদের জেলে রাথিতে নিষেধ নাই! ছয় মাসের ছলে নয় মাস তাহারা জেলে আছে, আরও থাকিবে, তাহাতে আইনের আগতি নাই। আইনের আপত্তি কেবল বিচার করার সম্বন্ধে। ছর মাসের পর, খবরদার যেন আর বিচার করা না হয়। ছর মাসের পর যত দিন ইচ্ছা জেলে রাথ, কিন্তু বিচার করিও না। ইহা কোম্পানীর আইন।

বে সকল আসামীদের কথা বলা হইতেছিল, তাহারা কত দিন পরে খালাদ পাইল, তাহা আমরা নিশ্চয় বলিতে পারি না। বোধ হয়, জালরাজার মোকর্দমার পর, মেজেষ্টার সাহেবের व्यवकां वर्षेत जारामित थानाम एम ख्या रहेशा थाकित्य। সামাত্ত লোকদের জেলে রাথা তথন সামাত্ত ব্যাপার বলিয়া মেজেপ্টারদের বোধ ছিল। গরিব তঃধীরা কে থালাদ পাইল কি না পাইল. তাহা লইয়া আন্দোলন করিতে কাহার সাহস হইত না। "চাচা আপন বাঁচা" এই তথনকার প্রচলিত বুলি ছিল। তদ্যতীত সকল দিকে দৃষ্টি করিবার অবকাশ মেজেষ্টার-দের একেবারে ছিল না। তথন ডিপুটি মেজেষ্টার ছিল না. স্বভিবিজন ছিল না, সকল কার্যাই মেজেপ্রারকে নিজে করিতে হইত। স্থতরাং কোন কার্যাই হইয়া উঠিত না, অনেকটা আমলাদের উপর নির্ভর করিতে হইত। তাহাই দেওয়ান মনসা-রাম মিত্রের অসম্ভব প্রভুত্ব হইয়াছিল। তিনি মনে করিলে এই আসামীদের থালাস দিতে পারিতেন: কিন্তু তাঁহার এ সামাগ্র বিষয়ে দৃষ্টিপাত করিবার কোন হেতু উপস্থিত হয় নাই। দায়রায় সাত জন আসামী সোপর্দ হইয়াছিল, তাহাদের मरश कानताकात शक्क कक नारहत य वावका किताहितन. তাহার পরিচয় দেওয়া হইয়াছে। অপর ছয় জন সম্বন্ধে কোন প্রমাণ ছিল না, মেকেছার সাহেবও কোন প্রমাণ নিজে লন নাই; দায়রায়ও কোন প্রমাণ পাঠান নাই; স্কৃতরাং জল সাহেব ভাহাদের থালাদ দিলেন।*

এই ছয় জনকে কেন দায়রা শোপর্দ করা হইয়াছিল, ইহার হৈতু ঠিক বুঝা যায় না। ইহারা জালরাজার সঙ্গে ছিল সত্য, কিন্তু আরও অনেকে ত সেই সঙ্গে ছিল; তাহাদের সকলকে সোপর্দ করা হইল না, কেবল এই ছয় জনকে কেন সোপর্দ করা হইল, তাহা লইয়া কেহ কেহ ভর্ক ক্রিরাছিলেন। জালরাজার উকিল সা সাহেব উপহাব করিয়া বলিয়াছিলেন যে, "সাভ সংখ্যা শুভপ্রদ, তাহাই সাত জনকে দায়রার সোপর্দ করা হইয়াছিল।"

^{*} এই ছব জনের মধ্যে হরধানের রাজা রার নরহরিচন্দ্র এক জন আসামী ছিলেন। তিনি থালাস ছইলেন বটে, কিন্তু লজ্জার আর সমাজে মুখ দেবাইতে পারিলেন না। তিনি রাজা কুফচন্দ্রের পৌত্র বলিয়া তাঁহার বংশাভিমান কিছু অতিরিক্ত ছিল। এমন কি, তিনি কুফনগরের রাজা গিরীশচন্দ্র অপেকা আপনাকে সন্ত্রান্ত মনে করিতেন। রাজা, গিরীশচন্দ্রও ভাহার প্রতি কতকটা জ্ঞাতিবৈরিভা দ্বাইতেন। একবার কুফনগরের রাজ্বাটিতে নরহরিচন্দ্রের ছুর্দ্দশা অফুকরণ করিয়া একটা যাজায় "সং" দেওয়া হয়। ভাহাতে গিরীশচন্দ্র বড় আহ্লাদ প্রকাশ করিয়াছিলেন। তথন প্রধান বাজিদের মধ্যে কিরুপ কুক্চি ছিল, তাহা দেখাইবার নিমিস্ক আমরা এ পরিচর দিলাম। রাজা গিরীশচন্দ্রের জ্ঞার ব্যক্তি অন্যের ভূর্তাগ্য লইরা রহস্ত করিতে পারিতেন, এবং দেখিতে পারিতেন, ইহাই আক্রের্যের কথা।

22

ওগিলবি সাহেবৃ আবার আসামী।

একবার ওগিলবি সাহেব খুনের মোকর্দ্ধমার আসামী হইয়া-ছিলেন। আবার তিনি আর এক যোকর্দমায় আসামী হই-**लग।** এবার ভাষাতে জালরালার কিছু উপকার হইয়াছিল; এই জন্ত দেই মোকর্দমার সংক্ষেপে পরিচয় দিতেছি। পুর্কে বলা হটয়াছে, কালনার হত্যাকাণ্ডের পর দিবস জালরাজার উকিল সা সাহেব পথ দিয়া বাইতেছিলেন, এমত সময় বৰ্দ্ধ-মানের মেজেন্টার তাঁহাকে গ্রেপ্তার করিয়া করেদ রাখেন। সেই বেআইনি কয়েদের বিচার, এত দিনের পর, ১ই জামুয়ারি তারিখে আরম্ভ হইল। এবার চীক জ্ঞাইদ সার এডওরার্ড ুরান্তান সাহেব স্বয়ং বিচার করিতে বদিলেন । ওগিলবি সাহেবের কপাল ভাঙ্গিল। জ্বন্ধ রায়ান উভয় পক্ষের প্রমাণ গ্রহণ করিয়া জুরিদের চার্য্য দিলেন। জুরিরা ওগিলবি সাহেবকে অপরাধী क्तिरलन । • िक बहिन जारात हरे राजात होका अतिमाना क्तिरामन। तार्वे ममग्र जन मार्क्य शीरत शीरत शाहा विमानन তাহা এই হলে উদ্ধুত না করিয়া থাকিতে পারিলাম না।

"James Balfour Ogilvy—It is my painful duty to pass the sentence of this Court upon you. You have been found guilty of false imprisonment of the prosecutor Mr Shaw. (The learned judge then recapulated the facts of the case) The Darogah a most important witness, as to the acts of Shaw and the necessity for his restraint, was not called by either

party, -why, I cannot understand, as he certainly could have given the best evidence as to what took place, and whether Mr Shaw was party to any disturbance of breach of the peace. But I must say that there is not a tittle of evidence to show that Mr. Shaw was guilty of sedition, or any other offence whatever. It is in evidence, that he knew only of one Purwanah being served on Protap * at Culna, and, I must say, that his conduct on that occasion appears to me to have been judicious, regular and proper. He made his client write a letter offering submission to the order of the authorities, and it was delivered to the Nazir that night. Mr. Shaw so far from committing any improper acts, gave the best advice as to how to get rid of the assembly, by telling the Nazir to point out who of the followers should be sent away. The treatment of Mr. Shaw after his arrest was certainly exceedingly harsh, and is without justification either in law or in fact, and he was made to undergo by you most unwarrantable and most unjustifiable imprisonment. The Court will not however cause you to suffer imprisonment; because, we must suppose, that you have been actuated

^{*} চীফ্ জ্ঞান সাম এডওয়ার্ড রায়াণ সাহেব অসান বদনে "প্রতাপচাঁদের মোকর্দ্দনা" "প্রতাপচাঁদের শ্রেপ্তার" বলিরা উল্লেখ. করিয়াছেন। কিন্তু কোম্পানীর জন্ধ মেরেষ্টারগণ 'প্রতাপচাঁদ' নাম উচ্চারণ করিতে সাহস করেন নাই। জোবানবন্দীতে ইউক, রায়ে ইউক, যেথানে প্রতাপচাঁদের নাম উল্লেখ ক্রিডে হইয়াছে, সেইখানেই ওাঁহারা "soi dissant Rajah" প্রভৃতি শক্ষ বলিরা গিয়াছেন। আমরাও সেই পদ্ধতি অবলম্বন করিয়া কেবল "লাল-রালা" বলিরা আসিতেছি।

by motives arising from erroneous information and a mistaken zeal, but ardent wish to preserve peace and good order in your district. (The letters from Mr. Alexander the missionary and Captain Harrington were then read.) It is probable that these letters excited considerable alarm in your mind, and after the importunate affray in the morning you may have imagined it necessary to arrest Mr. Shaw, but those letters should have led you to enquire into matters, before you proceeded to act as you have acted. It appears that there was on disturbance whatever when the affray took place nor had there been any for a considerable time before the event took place. But the Court believing, that you acted upon erroneous information, although rashly and unjustifiably, will give you in your sentence the benefit of that consideration, which they on that account extend towards you. Such conduct cannot, however, be lightly passed over. Liberty is dear to all; you have deprived the prosecutor of his with very unnecessary and very considerable harshness. It will also serve as a warning to others who may at any future time be placed in situations similar in nature of yours. The sentence of the Court therefore is, that you pay a fine to the Queen of two thousand Rupees, upon payment of which, you be discharged."

জ্বিমানার ছকুম দিবার সময় আসামীকে রায়ান সাহেব বলিলেন, "তোমায় কয়েদ দিলাম না, কারণ তুমি ভ্রমে পড়িয়া মিধ্যা, কথায় বিখাদ করিয়া এই অকার্য্য করিয়াছ।"

जान प्रजीताना

করেদের কথা উল্লেখ করাতেই যথেষ্ট হইয়াছিল। কোম্পানীর মেজেষ্টার অত্যাচার করিলে কেহ যে দণ্ড দিবার আছে,
ইহা লোকে জানিত না। মহাব্রাণীর আদালতে আর কোম্পানীর আদালতে যে কি প্রভেদ, তাহা লোকে এখন ব্রিতে
পারিল। তাহাদের কতক ভরসা হইল। কিন্তু কোম্পানীর
কর্মাচারীদের মধ্যে বড় গোলযোগ বাধিয়া গেল। সে সকল
পরিচ্ন দেওয়া একণে অপ্রয়োজন। তবে এই মাত্র বলা আবশুক
যে, কোম্পানী বাহাছরের চক্ষে ওগিলবি সাহেব দাগী হইলেন
না। তিনি কৌজনারীতে দণ্ড পাইয়াছেন বলিয়া মেজেষ্টারির
আসনে বসিবার অযোগ্য হইলেন না। একটীন্ মেজেষ্টার
ছিলেন, শীঘ্র পাকা মেজেষ্টার হইলেন।

२०

জালরাজা সম্বন্ধে নিজামত আদালতের হুকুম।

এই সময় হগলীর জজ সাহেব জালরাজা সহদ্ধে যে এত্তে-মেজাজ করিয়াছিলেন, তাহা নিজামত আদালতে পেষ হইল। জজেরা বড় গোলে পড়িলেন। ভাবিতে লাগিলেন, "আসামীকে কি বলিয়া দণ্ড দেওয়া যায়। কালনায় জনিয়ৎবস্ত হওয়ার অপরাধে ভাহাকে গ্রেপ্তার করিয়া এত দিন কয়েদ রাখা হইয়াছে, অথচ সেখানে কোন গোলযোগ হয় নাই। স্থ্রিম-কোর্টের বিচারে প্রতিপন্ন হইয়া গিয়াছে যে, 'কালনায় কোন গোলযোগ হয় নাই।' এ বিচারের পর কালনার জমিয়ৎবস্ত

বলিয়া দণ্ড দেওয়া ভাল দেখায় না। অন্ত অপরাধে দণ্ড দিতে গেলে রাজা প্রতাপটাদের নাম ব্যবহার করা ব্যতীত আর কোন অপরাধ নাই। অক্তের,নাম গ্রহণ করাই বা কি এমন শুরুতর অপরাধ। বিশেষত: মৃত ব্যক্তির নাম ধরায় কাহার কোন ক্ষতি হয় নাই। কেহ সে জ্বন্ত নালিশ উপস্থিত করে মাই। তবে এখন কি করা কর্ত্তবা।" এই সময় নিজামতের কাজি সাহেব তাঁহাদের উদ্ধার করিলেন। তিনি ফতওয়া দিলেন যে, আত্ম উপকারের নিমিত্ত যদি কেছ অন্তের নাম ব্যবহার करत, जाहा हहेरल महत्रामीय वारशास्त्रारत रम वाकि व्यवशायी। জজেরা তথন দীর্ঘনিখাস ছাড়িয়া ত্রুম দিলেন যে, "মৃত মহা-রাজাধিরাজ প্রতাপটাদ বাহাছরের নাম ব্যবহার করার নিমিত ष्मामाभी जानक मा, अतरक প্রতাপচাঁদ, अतरक कुक्कनान जन्म চারীর এক হাজার টাকা জরিমানা করা যায়; অনাদায়ে তাহার ছর মাস কারাবাস। আর প্রকাশ থাকে যে, অতান্ত চার্জ হইতে তাহাকে মুক্তি দেওয়া গেল।"

অক্সাক্ত অভিযোগ হইতে অব্যাহতি পাইরা জালরাজা দর-ধান্ত করিলেন যে, "নানা অপরাধ আমার শিরে আরোপ করিয়া মেজেষ্টারেরা আমাকে এমনই গোলে ফেলিয়াছেন যে, তাহা অপ্রমাণ করা আমার পক্ষে তুঃসাধ্য হইয়া পড়িয়াছিল। বিশে-বতঃ সেই সময় তাঁহারা আমাকে জেলে পুরিয়া আমায় নিশ্চেষ্ট করিয়াছিলেন। আমি কোণাও যাইতে পারি নাই, কাহার সহিত সাক্ষাৎ করিতে পারি নাই, কোন অন্সন্ধান করিতে পারি নাই। জেলে বন্ধ থাকিয়া আমি কিয়পে এত বিষয়ের প্রমাণৃ•সংগ্রহ করিব। একণে সে সকল অভিযোগ হইতে

ছজুর আদানত আমার মুক্তি দিয়াছেন। বাকি যে অপরাধটি আমার স্বন্ধে রাথিয়াছেন, তাহার সম্বন্ধে আর একটু প্রমাণ গ্রহণ করুন, তাহা হইলেই দেখিবৈন আমি নিরপরাধী. আমি অক্সের নাম ব্যবহার করি নাই। আমি নিশ্চয়ই প্রতাপচাঁদ. নিমু আদালতে আমি এ বিষয়ে সকল প্রমাণ দিই নাই; দিবার প্রয়োজন আছে, এমতও বিবেচনা করি নাই। আমি প্রতাপচাঁদ হইলেও হইতে পারি. এই সন্দেহ মাত্র ফোজদারী হাকিমের মনে উদ্ভাবন করিয়া দিতে পারিলেই অব্যাহতি পাইব, এই মনে করিয়া আমি প্রমাণ দিয়াছিলাম। ফৌজদারী হইতে অব্যাহতি পাওয়াই আমার মুখ্য উদ্দেশ্য ছিল। আমি নিশ্চরই প্রতাপটাদ, অন্ত কেহ নহি, এই কথার প্রমাণ দেওয়ানী আদালতে প্রয়োজন বলিয়া আমার বিশ্বাস ছিল। বিশেষতঃ আমার উকিলেরা আমায় ব্যাইয়াছিলেন যে, মৃত ব্যক্তির নাম ব্যবহার করা কোম্পানীর আইনামুগারে অথবা হিন্দুগান্ত অমু-সারে কোন অপরাধই নহে। এই জন্ম এই সম্বন্ধে এক প্রকার व्यामि निन्छ हिलाम । এथन व्यामात क्रिकी स्टेबाह्य द्विराजिह. তাহা মার্জনা করুন, আমার বাকি প্রমাণ গ্রহণ করুন। তাহার পর, আমার প্রতি যে আজ্ঞা দিবেন, তাহাই আমার শিরোধার্য্য হটবে।"

কিন্ত নিজামত আদালত এই দরখান্ত নামপ্ত্র করিলেন।
জলেরা বলিলেন যে, "দরখান্তকারী যথন নিমু আদালতে আপনিই ইচ্ছাপূর্বক সম্পূর্ণ প্রমাণ দেয় নাই, তথন আর এথানে
সে বিষয়ের কোন ওজর শুনা বাইতে পারে না। বিশেষতঃ রাজা
প্রতাপচাদের মৃত্যু সম্বন্ধে অতি সম্ভোষজনক প্রমাণ পাঁওয়া

হইবে। স্থতরাং এই সকল দেখিয়া শুনিয়া সকলের ধারণা হইল যে, "জালরাজার পক্ষে দেওয়ানী আদালতের দার রোধ করিবার জন্ম জজেরা এই কৌশল অবলম্বন করিয়াছেন।" কেহ কেহ বলেন, "গবর্ণমেণ্টের কোন চতুর সেক্রেটরি এই কৌশল তাঁহাদের শিথাইয়া দিয়াছিলেন।"

এই কৌশলের পর, জালরাজা কপাল ঠুকিয়া আর এক দর-খান্ত নিজামতে দাখিল করিলেন। দরখান্তে নাম দিলেন না, নামের পরিবর্ত্তে লিখিলেন, "The humble petition of one who hath been sued at the instance of Government by the name of Aluck Shah, alias Rajah Protap Chand, alias Kistolall Brohmocharee."

- দর্থান্তর্থানি অতি দীর্ঘ, রাগে ভরা, এবং ঠাট্টা বিজ্ঞাপে
 পরিপূর্ণ। তাহার কিছু পরিচয় দিবার নিমিত্ত কোন কোন
 অংশের মর্ম উদ্ভুত করা গেল।—
- ১। "দর্থান্তকারীকে কথন আলক সা বলিয়া, কখন ক্ষণলাল ব্রহ্মচারী বলিয়া দও দেওয়া হইয়াছে। কিন্তু দেথা যাইতেছে এখনও স্থির হয় নাই যে, আদালত হইতে ভবিষ্যতে তাহার কি নাম কায়েমি রাথা হইবে। স্তরাং যে অবধি তাহা না রাথা হয়, সে অবধি দর্থান্তকারী কোম্পানী-আদালত ভিন্ন অন্ত সর্ব্ধকে তাহার পূর্বপরিচিত নামে পরিচন্দ দিবে। বেআদেবির ভরে সে নাম এখানে উল্লেখ করিতে পারিল না। কিন্তু এখনও দর্থান্তকারী জানিতে পারে নাই যে,কেহ সে নাম উল্লেখ করিয়া দর্থান্ত করিলে হছুর আদালতের কি ক্রতি হইবে।"

- ২। "হজুর আদালত হইতে যে নৃতন অপরাধ আবিষ্কার ছইরাছে, তাহা (is a crime unknown to the English Law,
 as well as to the Codes of Law of civilized Europe,
 and was, till the gloss put upon it by your Court and
 its Mohammedan officer, unknown to Mohammedan
 Law, as it is still unknown to Regulation Law wide
 and sweeping as it is) কি বিলাতে, কি এদেশে কেহ জানিত
 না। অত্যের নাম ব্যবহার করাকে শুরুতর অপরাধ করিয়া
 তোলা হইয়াছে, কেন না মিথাা কথা ব্যবহার করা শুরুতর
 অপরাধ। কিন্ত হলপ করিয়া মিথাা কথা বলা ভিন্ন অন্ত মিণ্যা
 কথার দণ্ড এ পর্যান্ত কথন হয় নাই।"
- ৩। "এখন দরখান্তকারী বুঝিয়াছে যে, প্রতাপটাঁদ নাম উল্লেখ করিয়া বর্জমান কি অন্ত কোন মফ: স্বল আদালতে নালিশ করিলে আবার তাহাকে এই মিথ্যা কথার অপরাধে ফেলিয়া দণ্ড দেওয়া হ্ইবে। স্কুতরাং তাহার পক্ষে দেওয়ানীর ঘার কল্প করা হইয়াছে।"
- ৪। "এখন তাহার মানস বে, একবার ইংলণ্ডেশ্বরীর নিকট এ বিষয়ের আপীল করে, অতএব হজুর আদালতের অনুমতি প্রার্থনা।"

এই প্রার্থিত অনুমতি দেওরা হইয়াছিল কি না, তাহা আমরা কোন কাগজ পত্তে পাইলাম না। বোধ হয়, দেওয়া হয় নাই। যে কারণেই হউক, বিলাতে আর আপীল হয় নাই।

এথানেও দেওরানী আদালতে আর কোন নালিশ করা হয় নাই। তাহা করিবার পক্ষে যে ব্যাঘাত নিজামতের জত্ত্বরা দিয়াছিলেন, তাহা ব্যতীত আরও, এক ব্যাঘাত ঘটয়াছিল। বাহারা জালরাজাকে মোকর্দমা চালাইতে টাকা কর্জ্ব দিয়াছিল, তাহাদের সকলেরই ভ্রম হইয়াছিল বে, "গবর্গমেন্ট বে কোন কৌশলে হউক, এ ব্যক্তিকে বর্দ্ধমানের সম্পত্তি অধিকার করিতে দিবেন না।" স্থতরাং তাহারা হাত গুটাইল—কেহ আর টাকা কর্জ্ব দিল না। জালরাজার আশা ভরসা সকল কুরাইল। তিনি বে সয়্যাসী ছিলেন, সেই সয়্যাসী হইলেন।

२२

সাধারণের বিচার।

জজ সাহেবেরা যে যাহা বিচার করুন, বাঙ্গালিরা অনেকেই আপন আপন ঘরে বসিয়া জালরাজা সদ্বন্ধে এক প্রকার মীমাংসা করিয়া লইল। যে যাহা জানিত না. এই মোকর্দ্ধমা উপলক্ষে তাহা সকলেই জানিয়াছিল। কেহ কেহ সিদ্ধান্ত করিল যে, "জালরাজা সত্যই প্রতাপচাঁদ; এ বিষয়ে আর কণামাত্র সক্ষেই খাই।" কেহ বলিল, "ঘদি এ ব্যক্তি প্রতাপচাঁদ না হইবে, তবে পরাণ বাবুর এত ভর হইবে কেন? তিনি সামান্ত জুরাচোরের নিমিত্ত রাজবাটীর পূর্কসঞ্চিত সমুদ্র ধন ব্যর করিবেন কেন ?*" কেহ বলিল, "ঘদি এ ব্যক্তি সত্যই জাল

^{*} যে সময় প্রতাপটাদের মোকর্দ্মা চলিতেছিল, দে সময় পরাণ বাব্
বর্দ্ধমনের রাজসংক্রাপ্ত অধিকাংশ জমিদারীর থার্জনা নিয়মিত সময় মধোদতে পারেন নাই। গ্রব্দেট সে সকল জমিদারী বিজয়না করিয়া তাহা
কোট অব্ ওয়ার্ড সের অধীনে আনিবার জনা ফুইজন ফুদক্ষ ইংরেজ
কর্মচারীকে কমিসনর নিযুক্ত করিয়া বর্দ্ধমানে পাঠান। লোকে সন্দেহ
করিল যে, "পরাণ বাব্ এই মোকর্দ্ধমা উপলক্ষে রাজবাটীর সম্দর
আয় ও স্কিত ধন বায় করিয়াছিলেন, ভাহাই তিনি জ্মিদারীর

जान प्यानुगान ।

ছইবে, তবে গবর্ণমেণ্ট ইহার নিমিত্ত এত ব্যস্ত হইয়া আপন ব্যয়ে পরাণ বাবুর মোকর্দমা চালাইবেন কেন ? মেজেটারদের

থাজনা দিতে পারেন নাই " বোধ হয়, সেই জন্য বিশুর ঘুবের কথা রাষ্ট্র হইরাছিল। এমন কি, ওগিলবি সাহেব থুনি মোকর্জনার সময় বস্থে নগরে আপনার সহোদরকে পত্ত লিথিয়াছিলেন যে, "লোকে বলে আমি তিন লক্ষ টাকা ঘূষ লইয়াছি।" পত্রথানি বন্থের সংবাদপত্তে প্রকাশ হই-য়াছিল, কিন্তু ছানাভাব প্রযুক্ত কেবল তাহার কতকাংশ নিমে দেওয়া গেল।

"The lawyers of Calcutta are the natural and inveterate enemies of our service, the whole of the profession was up in arms against me. They knew not of course the rights of the story, for that was an official secret. (এই कथां वित्रालिया अप्तत्केट वृतियाहित्तन) * * * Besides this, all those Zemindars who were to join the pretender, and all who have lent him money (and he had contrived to raise enormous) have also deeply vowed to be revenged upon me, for all their schemes and hopes of all plunder have been defeated and these are the party who pay the expense of the proceedings against me, whilst the lawyers' conduct them, some of them positively acting without a fee contrary to all professional rule and precedent, the only reward they seek is to crush me if possible. It was by no means sufficient with them to vilify me in the papers as man was never before abused, but they would hang me if they could; and accordingly are trying to prove me guilty of murder. * * The public have been taught to believe that I fired upon unresisting sleeping innocents. * * * The papers have it that I am suspended but that is not the case, I am required to attend in Calcutta pending this business. but I continue to draw my salary: and the Deputy

গোপনে পত্র লিখিবেন কেন ? এবং এ সম্বন্ধে নানা অভার কৌশল করিবেন কেন ? অবশু এ ব্যক্তির জন্ত গবর্ণমেন্টের ভর হইরাছিল। গবর্ণমেন্ট পূর্ব্ধে জানিতেন বে, 'প্রভাপচাঁদ মরেন নাই, রঞ্জিৎ সিংহের সঙ্গে মিলিয়াছেন।' রঞ্জিতের স্থাপক ব্যক্তি এখন বাঙ্গালার মধ্যে বর্দিয়া অতুল ধন সম্পত্তি অধিকার করিলে, ভবিষ্যতে কোম্পানীর বিপদ ঘটতে পারে। তাহাই গবর্ণমেন্ট এক প্রকার চাতুর্ঘ্য করিয়া প্রভাপচাঁদকে বঞ্চিত করিলেন।'' এ সকল সন্দেহ যে অমুলক তাহা বলা বাছলা।

Governor tells me that Govt. express no opinion one way or the other. I understand that but for a blunder the case would have been dropped long ago. To show you the spirit that is working against me I must tell you that Phad notices of actions for damages in fourteen civil actions with which I was threatened; one case of false imprisonment, one of contempt of Court, and one of murder. They tried also to get up a case of bribery and corruption, swearing I had taken a consideration of three lacs of Rupees; and I was also accused of subornation of perjury. Finding they could make out no case they have given up all but two-contempt of the Supreme Court, and murder; and these they only persevere in to keep up the odium against me and the agitation while the trial of Mr. Shaw and the pretender is pending. My being in difficulty gives great weight to them as it cows all the witnesses who have to give evidence for the prosecution." * * * এই শেষ কথা ওগিলবি মেজেপ্টার হিইয়া আপনার मप्रभू पिनिहार्हन। कानताकात मध्यक अ कथा कात्र कछ वनवर।

এইরপে যে ব্যক্তি, যে কারণেই জালরাজাকে প্রতাপচাঁদ বিলিয়া স্থির করুন, তাঁহারা এই ঘটনা আপন আপন ধর্ম বৃদ্ধির সহিত মিলাইয়া এক প্রকার ভৃষ্টিলাভ করিলেন। যাঁহারা ধর্মভীত, তাঁহারা ভাবিলেন, "ধর্ম আছেন, প্রতাপচাঁদ মহা-পাপ করিয়াছিল, সে যদি আবার রাজত্ব পাইত, তাহা হইলে বলিতাম, ধর্ম মিথ্যা।" আর এক দল ভাবিলেন, "ধর্ম মিথ্যা; কেন না, যথা শাস্ত্র চতুর্দ্দশ বংসর ধরিয়া অজ্ঞাতবাস করিয়াও প্রতাপচাঁদ যথন রাজ্য পাইল না, তথন ধর্ম মিথ্যা।"

কেহ বলিল, "অদৃষ্টই মূল। সকলই অদৃষ্ট দোষে ঘটে।
প্রতাপচাঁদ যে মহাপাপ করিয়াছিলেন, তাহাও অদৃষ্ট হেতু।
তিনি যে আর রাজ্য পাইলেন না, তাহাও অদৃষ্ট দোষে। যাহা
অদৃষ্টে থাকে, তাহা কে থণ্ডাইতে পারে ? যদি কোম্পানা
বাহাত্র মনে করিতেন, তব্ও প্রতাপচাঁদকে রাজ্য দেওয়াইতে
পারিতেন না। প্রতাপের অদৃষ্টে না থাকিলে কোম্পানীর
মনে এ কথা আসিবেই বা কেন ?"

যাঁহার। কর্মাফলবাদী, অর্থাৎ যাঁহার। খাঁটি হিন্দু, তাঁহার। ভাবিলেন, "বেমন কর্ম তেমনই ফল। ইহজন্মে হউক, পূর্ব-জন্মে হউক, প্রতাপচাঁদ অবশ্য কাহাকেও ব্ধিত করিয়া থাকি-বেন, তাহাই আপনি বঞ্চিত ইইলেন।"

এইরপে সকলে এক একটা স্থির করিয়া নিশ্চিন্ত হইলেন।
যাহারা ধর্ম কর্মের বড় পক্ষপাতী নহেন, তাঁহারা ব্ঝিলেন,
কোনা সাহেবেরা পরান বাবুর অভীষ্ট সিদ্ধি করিয়াছেন।"
তৎকালে লোকের বিশাস ছিল যে, "ইংরেজ্বদের প্রত্যেককে ক্রম্ব
করা বার, প্রত্যেকে ক্রীত হইয়া থাকেন। কেহ কোন ন্তন

সাহেবের পরিচয় জানিতে ইচ্ছা ক্রিলে, অগ্রে জিজ্ঞাসা করি-তেন, "ইনি কাহার সাহেব ?" অর্থাৎ কাহার ক্রীত। বাহার "কেনা সাহেব" থাকিত, ভাঁহার সম্মান বঙ্গসমাজে অতুল হইত। তিনি মনে করিলে শক্রর প্রতি যথেচ্ছ অত্যাচার করিতে পারিতেন। "কেনা সাহেব" তাঁহাকে সকল বিপদ **হইতে রক্ষা করিত। সাহেব ক্রন্ন করার পদ্ধতির মধ্যে এই** শাত্র একটু বিশেষ ছিল বে, সাহেব ক্রয় করিতে বাজারে ঘাইতে হইত না, যে সাহেবেরা বিক্রীত হইবেন, তাঁহারা আপনারাই বাটীতে আসিয়া শৃঙ্খল গণায় পরিয়া যাইতেন। তথন সাহেব-দের সংসারে বিস্তর ব্যয় ছিল, একে তাঁহাদের বিলাতি দ্রব্যাদি এদেশে অতি হর্ম্বল্য ছিল, তাহাতে আবার তাঁহারা এক একটী কুদ্র নবাবের মত ধুমধামে থাকিতেন। তাঁহারা কোম্পানীর নিকট যে বেতন পাইতেন, তাহাতে সকল দিক কুলাইতে পারি-তেন না। এই জন্ম তাঁহারা কেহ কেহ বাটী হইতে টাকা আনা-ইতেন, কেহ কেহ বা এদেশে কর্জ করিতেন, কিন্তু কর্জ ছুই চারি শত পরিমাণে নহে-একেবারে পঞ্চাশ হাজার, আশী হাজার, লক্ষ, এইরূপ পরিমাণে লওয়া হইত। বাঁহার আয়ের অতিরিক্ত ব্যয়. তাঁহার এই কর্জ পরিশোধ করা অসাধ্য। এ কথা থাতক মহাজন উভয়ে জানিতেন, অথচ কর্জ আদান প্রদান হইত। যিনি কর্জ লইতেন. তিনি জানিতেন, ''উপকার করিয়া ঋণ পরি-শোধ করিব।'' যিনি কর্জ দিতেন, তিনি জানিতেন, ''আমি সময়ে সময়ে বিপদ হইতে উদ্ধার হইব।" তথন পদে পদে লোকের বিপ্দু ঘটিত। বাঙ্গালির মধ্যে আত্মীয়তা শক্তা উভয়ই তথন র্গুকতর ছিল। এখন আর সে আত্মীয়তা নাই, সে শত্রুতাও

নাই। বাঙ্গালি-সমাজের লোভ কিছু মন্দ পড়িয়া গিয়াছে। কিন্তু পূর্বে যেরূপ অবস্থা ছিল, তাহাতে একজন ''কেনা সাহেব' সহায় থাকিলে বড় উপকার হইত। তাহাই ধনবানেরা বছ অর্থ কর্জ্জ দিয়া অর্থাৎ বছ অর্থ ক্ষতি করিয়া সাহেব ক্রের করিতেন। অন্ত উপায়ে কেহ কোন গুরুতর বিপদ হইতে উদ্ধার হইলেও লোকে ভাবিত, এ বাক্তি ''কেনা সাহেব'' ঘারা উদ্ধার ইইরাছে। এক্ষণকার ইংরেজ কর্মাচারীদের অপেক্ষা তথনকার সাহেবদের ক্ষমতা অনেক অংশে অধিক ছিল। তাঁহারা স্বপক্ষে হউক, বিপক্ষে হউক, যথনই যাহা মনে করি-তেন, তথনই তাহা করিতে পারিতেন। তাহা আইনি হউক, বেআইনি হউক, সঙ্গত হউক, অসঙ্গত হউক, তাঁহারা অনা-রাসে সকল কার্য্যই করিতেন। এখনকার ইংরেজ কর্মাচারীদের সেরূপ প্রবৃত্তি থাকিলেও ধরাধরির ভয়ে তাহা আর বড় পারেন না। এখন ধরাধরির ভয়, প্রকাশের ভয়, নালিশের ভয়, কিছু বৃদ্ধি পাইয়াছে। বৃথি দেশী সংবাদপত্র ইহার মূল হেতু।

"কেনা সাহেবের" কৌশলে জালরাজার দণ্ড হইয়াছে, এ
কথা যাঁহারা না বলিলেন, তাঁহারা সকল দোষ গবর্ণমেন্টের
শিরে সমর্পণ করিলেন। গবর্ণমেন্ট যে চাঁতুরী করিয়াছেন,
অকার্য্য করিয়াছেন, অবিচার করিয়াছেন, অধর্ম করিয়াছেন,
ইহা সকলেই বলিতে লাগিলেন। যাঁহারা অদৃষ্টবাদী, যাঁহারা
কর্মফলবাদী, যিনি যে বাদী হউন, সকলেই এ বিষয়ে একবাক্যে
গবর্ণমেন্টকে দোষী করিলেন। প্রতাপচাঁদ পাপী, প্রতাপচাঁদের
অদৃষ্টের দোষ এ কথা সত্যা, কিন্তু গবর্ণমেন্টের দারা বে এই
অত্যাচার হইয়াছে, সে সম্বন্ধে আর দ্বিমত থাকিল না। স্বতরাং

কোম্পানির প্রাত সাধারণের অশ্রদ্ধা জন্মিল; পাদরিদের প্রতি লোকের ভক্তি না হউক, একরপ শ্রদ্ধা জন্মিতেছিল। তাঁহারা সত্যবাদী, এ কথা সকলেই বলিত, সে শ্রদ্ধা আর বড় থাকিল না। কালনার যে পাদরি ছিলেন, যিনি এই মোকর্দ্ধনার সাক্ষ্য দিরাছিলেন, তাঁহাকে সে অঞ্চল ত্যাগ করিতে হইল। পূর্বেলোকে যে সংখ্যার খ্রিষ্টান হইতেছিল, সে সংখ্যার যেন হাস হইতে লাগিল। প্রাক্ষধর্ম প্রবল হইবার একটু স্ট্রনা দেখা দিল। অত্যের মোকর্দ্ধনা ফুরাণ করিয়া লওয়ার রীতি বড় প্রবল হইয়া উঠিয়াছিল, তাহাও একটু হান পাইল। সম্প্রতি মেকলি সাহেব পিনাল কোডের খসড়া করিয়া গিয়াছেন, তাহাতে আর ছই একটী ধারা সরিবেশিত হইল। এবং সেই সঙ্গে কার্য্যবিধি আইনের স্থাপাত হইল।

२७

জালরাজা ধর্মপ্রণেতা।

মোকর্দমা ফুরাইল। জালরাজা দেওয়ানীতে নালিশ করিতে পারিলেন না। প্রথমতঃ সঙ্গতি নাই, দিতীয়তঃ তথায় প্রতাপচাঁদ বলিয়া নালিশ করিলে আবার জেলে যাইতে হইবে।
স্থতরাং নিরস্ত ও নিশেষ্ট হইয়া কলিকাতায় বিসয়া থাকিলেন।
পূর্বের যাহারা বিশেষ স্বাপক্ষতা করিয়াছিলেন, তাঁহারা কেহ
কেহ একটু সরিয়া দাঁড়াইলেন, বলিলেন "কি জানি, গবর্ণমেণ্টের যে গতিক দেখিতেছি, আর সাহস হয় না।" কেহ বা
সে কথা অগ্রাহ্থ করিয়া প্রকাশ্যে জালরাজার সহিত্ব আস্মীয়তা

রাখিলেন, জালরাজা তাঁহাদের নিষেধ করিতেন, কিন্তু তাঁহারা শুনিতেন না। তাঁহাদের যত্নে জালরাজার অন্নকষ্ট—কোন কষ্টই ছিল না, ধনবানের স্থায় স্থাথে স্বচ্ছলে তিনি দিন্যাপন করিতেন।

প্রথমে তিনি কিছু দিন কলিকাতার চাঁপাতলার ছিলেন। তাহার পর, কলুটোলার গোবিন্দ প্রামাণিকের বাটীতে হুই তিন মাদ থাকেন। তাঁহার নিমিন্ত দে ব্যক্তি আপনার দর্বস্ব ব্যর্ম করে। তাহার একান্ত ধারণা ছিল যে, জালরাজা সত্যই প্রতাপ-চাঁদ।

কলুটোলা হইতে জালরাজা খ্রামপুক্রে গিয়া থাকিলেন।
কিছু দিন পরে, লাহোরের লড়াই উপস্থিত হইল। এই সময়
জালরাজার প্রতি গবর্ণমেন্টের আবার দৃষ্টি পড়িক্ত। গতিক
ব্রিয়া তিনি কোম্পানীর রাজ্য হইতে পলাইয়া প্রথমে চন্দননগরে বোড়াইচণ্ডীতলায় ফরাসিদ্ আশ্রুরে কয়েক বৎসর থাকিলেন। তাহার পর, শ্রীরামপুরে যান। শ্রীরামপুর তথন
কোম্পানীর রাজ্য হয় নাই। সেথানে প্রায় ছয় সাত বৎসর
ছিলেন। এই সময় শ্রীরামপুরে আমাদের যাতায়াত ছিল।
শুনিতাম, তিনি তথায় ঠাকুর সাজিয়া দিনবাপন করিতেন।
নিত্য সন্ধ্যার সময় বেখারা আসিয়া এক এক পঞ্চপ্রদীপ আর
ঘন্টা লইয়া সকলে একত্রে তাঁহাকে আরতি করিত, তিনি
ঠাকুরের মত সিংহার্গনে বিসয়া দীপের নৃত্য দেখিতেন। লোকে
বলে ''দে সময় বড সমারোহ হইত।''

এইরূপ বাবহার দেথিয়া অনেকে বিবেচনা করিত যে, জাল-রাজার বৃদ্ধির একটু গোলমাল হইয়াছে। তিনি সতাই প্রতাপ-

চাঁদ হইলে, এই হর্ঘটনার পর, তাহা নিতান্ত অসম্ভব নহে। কিন্তু বাঁহারা তাঁহার সহিত সর্বাদা সাক্ষাৎ করিতেন, তাঁহারা वित्रा थात्कन (य, कथावार्खाय कथन 'ठाँशाव खाँख वृका यात्र নাই। বরং তথন তাঁহাকৈ অসাধারণ বৃদ্ধিমান ও সর্কশান্ত্রজ্ঞ বলিয়া বোধ হইত। তিনি তংসাময়িক কি ইংরেজি কি বাঙ্গাল। --- সমুদার সংবাদপত্র নিত্য পাঠ করিতেন। বাঁহারা সে সময় উপস্থিত থাকিতেন, তাঁহাদিগকে ফরাসিস politics, ক্ল্সনেশীয় রাজনীতি, পরিষ্ঠাররূপে বুঝাইয়া দিতেন। কেহ ফেহ বলেন, "বিশাতী রাজনীতিতে (European politics) তাঁহার বিশেষ অধিকার ছিল। আরও ভনা যায়, তিনি কৃসীয় রাজনীতি সর্বাপেকা ভাল ব্ঝিতেন এবং সেই দেশের কিছু পক্ষপাতীও ছিলেন। •এদিকে, বেদান্তশান্তে তিনি বড পণ্ডিত ছিলেন। শ্রীরামপুরে থাকিবার সময় ছুই এক জন অধ্যাপক তাঁহার নিকট বেদান্তের কথা শুনিতে যাইতেন। স্থতরাং এ অবস্থায় বলা যায় না যে, তাঁহার কোন প্রকার চিন্তবৈকল্য জন্মিয়াছিল। অথচ, আবার দেখা যায়, তিনি শালগ্রামশিলার ভায় সর্বাদা ঝারায় বসিয়া থাকিতেন, লোকের সচন্দন পুষ্পাঞ্জলি লইতেন, পূজা গ্রহণ করিভেন, বৈকালি থাইতেন। তথন তাঁহার প্রকৃত অভিদন্ধি কেহ বুঝে নাই।

যাহারা তাঁহার পূজা করিতে আদিত, তাঁহাদের মধ্যে জীলোকের সংখ্যাই অধিক, পুরুষের দলও নিতান্ত অল্প নহে। অনেকগুলি বাবাজী তাঁহার দারে পড়িয়া থাকিত। বোধ হয়, তাহাদের দারাই জালরাজার অমানুষিক শক্তি দেশ বিদেশে রাষ্ট্র হইত। স্ত্রীলোকদের ধারণা হইয়াছিল যে, 'এ ব্যক্তি

माका (पवजा।" व्यानाक जुंशाक शोतांत्राप्त यान कतिज।

তিনি অনেক লোককে মন্ত্রশিষ্য করিয়াছিলেন; এমন কি, পঞ্জাবী ও অপর হিন্দুস্থানী পর্য্যস্ত তাঁহার নিকট দীক্ষিত হইয়াছিল। তাঁহার অন্ত চেলার সংখ্যা নিতান্ত অল্প ছিল না, স্ত্রীলোক শিষ্যার ত কথাই নাই। বার্গ্হের দার ক্ষ করিয়া তিনি মধ্যে মধ্যে অন্তর্জান হইতেন। দ্রস্থ পলীগ্রামে গিয়া অতি গোপনে স্ত্রীলোকদের মন্ত্র দিয়া আসিতেন। তিনি যে মন্ত্রদিতেন, তাহা বিষ্ণুমল্প নহে, শক্তিমন্ত্রও নহে। তাঁহার দীক্ষাপ্রণালী, অর্চ্চনাপদ্ধতি নৃতন প্রকার। অদ্যাপি তাঁহার শিষ্য প্রশিষ্যের। মন্ত্র দিয়া বেড়ান। স্থানে স্থানে লোকে তাঁহাদের ঘোষপাডার দল বলিয়া জানে।

এই নৃত্ন ধর্মটি ক্রমে বিস্তার হইতেছে। ব্রাক্ষ সম্প্রদায় অপেক্ষা জালরাজার শিষ্যের সংখ্যা, বোধ হয় এখন বহু গুণে অধিক।

অন্যাপি লোকে এই ধর্ম গ্রহণ করিতেছে; কিন্তু কেহই জানেন না যে, জালরাজার প্রণীত ধর্মে তাহারা উপদিষ্ট হই-তেছে। শিষ্যদের মধ্যে জালরাজার স্বতন্ত্র নাম স্তানাথ।

₹8

জালরাজার মৃত্যু।

জালরাজার মূর্ত্তি বড় প্রশান্ত ছিল। যে দেখিয়াছে সেই উাহাকে প্রদান করিয়াছে। সেই মূর্ত্তি ক্ষুজ্ঞচেতা জুয়াচ্চ্যুরের নহে। গুলু আছে, তিনি একবার কোন পলিগ্রামে শিব্যদৈর দেখিতে গিয়া একটা গৃহস্থের বাটাতে গোপনে অবস্থিতি করিতেছিলেন, দে বাটাতে কেহ পুরুষ্ থাকিত না, শিষ্যেরা সকলেই তথায় গোপনে শুরুদর্শনে আসিত। গ্রামস্থ লোকেরা পূর্বে শুনিয়াছিল যে, একজন বদ্মায়েদ্ মধ্যে মধ্যে গ্রামে আসিয়া অভিভাবকশৃত্য স্ত্রীলোকদের লইয়া রক্ষরস করিয়া যায়। সেই জত্য তাহারা সংকল্প করিয়াছিল যে, সে বদ্মায়েসকে একবার ধরিতে পারিলে তাহার অস্থি চূর্ণ করিব! এখন সে সময় উপস্থিত হইল। 'বদ্মায়েদের'' সন্ধান পাইয়া তাহারা রাত্রিকালে আট দশ জন হঠাৎ তথায় উপস্থিত হইল। প্রভু তথন শিষা পরিবেষ্টিত হইয়া নবধর্মায়্মশীলন করিতেছিলেন। গ্রামন্থ লোকেরা উাহাকে বলপ্রেক তুলিয়া লইয়া গেল। তিনি কোন আপত্তি করিলেন না। তাহার পর, য়থন তাহারা অভীষ্টস্থানে তাহাকে লইয়া ফেলিল, তথন তাহাকে প্রহার করা দ্বে থাকুক, কেহ কোন রূঢ় কথাও বলিতে পারিল না। তাহার মূর্ত্তি দেখিয়া সকলের শ্রদ্ধা ইল।

ইদানী তিনি ঈবং স্থলকায় হইরাছিলেন। মোকর্দমার সমর তাঁহার বর্ণ শ্রাম বলিরা বোধ হইত; কিন্তু পরে সেই শ্রামবর্ণ উজ্জ্বল হই য়াছিল। তাঁহার চক্ষ্ এরপ ছিল যে, তাঁহাকে দেখিতে গেলে প্রথমেই তাঁহার চক্ষের প্রতি দৃষ্টি পড়িত; অথচ সে চক্ষুতে প্রথরতা মাত্র ছিল না।

তিনি সকলকেই মিষ্ট কথা বলিতেন, মিষ্ট কথাই তাঁহার বনীকরণ মন্ত্র ছিল।

মূত্যুর আট দশ মাস পূর্ব্বে তিনি কলিকাতীর উত্তর বরাহ-নগারে আসিয়া বাস করিয়াছিলেন, তথন তাঁহার দৈহিকু অবুস্থা বড় ভাল ছিল না। অর্থেরও কিছু অনাটন হইয়া থাকিবে, কেন না, বাটীর ভাড়া একবারে দিতে পারেন নাই। এই সময়ে বোধ হয়, তিনি নিজ অবস্থা পর্য্যালোচনা করিতেন; তাহাই আপনাকে একা বলিয়া ভাবিতেন। একা আর থাকিতে পারিতেন না, একা থাকিতে তাঁহার বড় কট হইত। মধ্যে মধ্যে তিনি গ্রামের ভদ্রলোকদের আহ্বান করিতেন, কেহ তাঁহার নিকটে আদিতেন, কেহ বা আদিতেন না। যাঁহারা আদিতেন, কাতরভাবে তাঁহাদের বলিতেন, আমি আর একা থাকিতে পারি না, আপনাদের দহিত কথাবার্ত্তী কহিলে যেন স্থথে থাকি।

এই একার অবস্থায় তিনি ১৮৫২ সালে কি ৫৩ সালের প্রথমে ময়রাডাঙ্গা পল্লিতে একটা সামান্ত বাটীতে সামান্ত ছই তিনটি লোক পরিবেষ্টিত হইয়া প্রাণত্যাগ করেন। তাঁহার যাত্রার সময় চক্ষের জল মুছিবার কেহ ছিল না।

তাঁহাকে প্রতাপ্টাদ মনে করিলে তাঁহার এই শেষ অবস্থার নিমিত্ত চক্ষে জল আইলে। পরের দোষে তাঁহার এই হর্দশা ঘটিয়াছিল, এই জন্ম আরও কষ্ট হয়।

তাঁহাকে জালরাজা মনে করিলেও তাঁহার প্রতি রাগ থাকে না; তিনি যথেষ্ট কট্ট পাইয়াছিলেন।

তিনি প্রতাপটাদ হউন, আর জালরাজাই হউন, অদ্বিতীয় লোক ছিলেন। তিনি কট পাইয়াছিলেন, এই নিমিত্ত আমরা তাঁহাকে ভালবাদি। তিনি হাস্তমুখে সেই কট সহ করিয়া-ছিলেন, এই জন্ম আমরা তাঁহাকে ভক্তি করিমান

ামা্**ধ**।

The state of the s